INDEX

PROCEEDINGS OF THE TRIPURA LEGISLATIVE ASSEMBLY ASSEMBLED UNDER THE PROVISIONS OF THE GOVERNMENT OF UNION TERRITORIES ACT.

April 9, 1964.

The House met in the Assembly Chamber, Agartala at 11 A.M. on Thursday, the 9th April, 1964.

PRESENT

Shri Upendra Kumar Roy, Speaker in the Chair. One Deputy Minister, Deputy Speaker and Sixteen Members.

MR. SPEAKER :— I suppose, the Hon'ble Members have received the list of business for to-day. First item in the list of Business is Oath or Affirmation. Any member who has not made an Oath may kindly do so. There is no such Member. Next item is question. Today in the list of business is the following starred question to be answered by the Deputy Minister.

Starred question No. 10 asked by Shri Bulu Kuki, M. L. A.

I call on Shri Bulu Kuki, Member to please call out the number of his question. The answer to be given by the Minister concerned orally.

SHRI BULU KUKI :— Starred question no. 10.

SHRI M. L BHOWMIK :—

Will the Hon'ble Minister in-charge of the Agriculture Department be pleased to state—

a) How much amount of money have been paid to the Tribals for reclamation of land divisionwise;

b) How many areas have so far been reclaimed divisionwise;

ANSWER

a) The amounts of money paid to the Tribals in Tripura for reclamation of land during the period from 1953-54 to March,

1963 are shown below Sub-divisionwise :—

Name of Sub-division.		Amount paid.
1. Sadar.	...	Rs. 3,89,200/
2. Khowai	...	,, 1,29,800/
3. Kamalpur	...	,, 4,42,800/
4. Kailashahar	...	,, 2,76,600/
5. Dharmanagar	...	,, 3,46,400/
6. Udaipur	...	,, 1,45,200/
7. Sonamura	....	,, 76,000/
8. Sabroom	...	,, 2,11,600/
9. Belonia.	...	,, 5,65,400/
10. Amarpur	....	,, 5,12,600/
	Total—	Rs. 3o,95,600/

b) The total acreage of land belonging to Tribals reclaimed in Tripura during the period from 1953-54 to March, 1963 is shown below Sub-divisionwise.

Name of Sub-division.		Area of land reclaimed (in acres)
1. Sadar	...	9,028
2. Khowai	...	2,400
3. Kamalpur	...	10,070
4. Kailashahar	..	6,204
5. Dharmanagar	..	7,660
6. Udaipur	...	3,000
7. Sonamura	...	1,517
8. Sabroom	...	4,691
9. Belonia	...	17,665
10. Amarpur	...	10,815
		Total—68,050

শ্রীবুলু কুকী :— মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি, জমি আবাদের খরচের maximum limit কত ?

Shri M. L. Bhowmick :—Hon'ble speaker Sir, I demand Notice.

শ্রীবুলু কুকী :— মাননীয় উপমন্ত্রী মহেːদয় বলবেন কি গত February মাসে কেহ কেহ মাত্র ১০।২০৲ টাকা পেয়েছে ইহার যৌক্তিকতা কি ?

Shri M. L. Bhowmik :— Hon'ble speaker Sir, I can't follow his question.

অমরপুরে জমি আবাদ করবার জন্য ১০।২০্ টাকা করে দেওয়া হয়েছে এটার যৌক্তিকতা কি ? এবং কেন দেওয়া হল ?

Shri M. L. Bhowmik :— Hon'ble speaker Sir, I demand Notice.

শ্রীবুলু কুকী :— মাননীয় উপমন্ত্রী মহোদয় বলবেন কি, যে পুরাণ জোতদারগণ এই জমি আবাদের খরচ পাইতে পারে কি ?

Shri S. L. Bhowmik :— Hon'ble speaker Sir, I demand notice in this case also.

শ্রীবুলু কুকী :— মাননীয় উপমন্ত্রী মহোদয় বলবেন কি ইহা কি সত্য যে একমাত্র বড় জোতদাররাই জমি আবাদি খরচ পায় ? যেমন দুই দ্রোণ পরিমাণ জমির মালিক শ্রীমোগামচয় রিয়াং, মৌজা দলেমা, তহশীল বীরগঞ্জ এলাকায় এক কালীন ৫০্ টাকা পেয়েছেন।

Sri M. L. Bhowmik :— Hon'ble speaker Sir, this is not a fact.

শ্রীবুলু কুকী :— মাননীয় উপমন্ত্রী মহোদয় বলবেন কি যে উক্ত আবাদী টাকা দেওয়ার ব্যাপারে দলীয় রাজনৈতিক স্বার্থ সিদ্ধির প্রতি দৃষ্টি রাখা হইয়াছিল কি ? যদি না হয়ে থাকে তা'হলে অমরপুরে উপনির্ব্বাচনের দুই দিন পূর্ব্বে জন প্রতি ১০্ টাকা করে দিয়ে বাকী ৪০্ টাকা দেওয়া হয়নি কেন ?

Shri M. L. Bhowmik :— Hon'ble speaker Sir, this is not a fact.

MR. SPEAKER :— The time of question is over.

Now Shri Manindra Lal Bhowmik Dy. Minister has asked for permission to make a statement in the House amending his reply the supplementary question on original question No. 11 to Shri Munchar Ali, replied by him yesterday. Shri Bhowmik is permitted to do so.

শ্রীসুনীল চন্দ্র দত্ত :— Sir আমি এই question নিয়ে interested ছিলাম বলে এই question move করেছিলাম। তবে আজকে এই question টার উত্তর দেওয়া হবে বলে আমরা পূর্ব্বাহ্নে জানতে পারিনি।

Mr. speaker :— Had you known this before hand stile there is no scope for any further supplementary upon the statement the Hon'ble Minister is going to amend. This he can do under the rules. But when his reply is amended no further supplementary can be asked. That is the rule.

শ্রীসুনীল চন্দ্র দত্ত :— মাননীয় স্পীকারের দৃষ্টি আকর্ষণ আমি করব এবং reply চাইব। একটা প্রশ্নের একটা অংশ যদি ভুল থাকে তবে তার amendment চলে কিন্তু গোটা প্রশ্নের গোটা উত্তরই যদি ভুল তথ্যের উপর হয়ে থাকে তাহলে আমি যে Supplementary করেছিলাম তা ভুল তথ্যের উপর করেছিলাম, কাজেই যদি সমগ্র উত্তরটাই ভুল হয়ে থাকে তাহলে আমার মনে হয় গতকাল যে supplementary question করেছিলাম তার উপর আজকে আমাকে যদি বলতে সুযোগ না দেওয়া হয় তবে আমার মনে হয় আমার right curtail করা হবে। মাননীয় স্পীকারের দৃষ্টি আরেকটি ব্যাপারে আমি আকর্ষণ করছি। লোকসভায় কিছুদিন পূর্ব্বে উপমন্ত্রী বিজয় ভাগবতী একটি ভুল উত্তর দিয়েছিলেন যার জন্য কিছুদিন পর লোকসভায় তাকে মার্জ্জনা ভিক্ষা করতে হয়েছিল।

M. speaker :— I would refer the Hon,ble member to the proeedural instrument of Uttarprodesh Ligislative Assembly. I am quoting for him rule 25 "statements to be made by the Minister in the house to amend answer to supplementary question must be accompaniond by the original questions & answers that he has done. According to rule 26, Supplementary question cannot be asked on a statement made by a Minister to amend the answer given to a supple mentaryq uestion. We are guided by U. P. rules and directions of the speaker.

I would now call on the Hon'ble Dy. Minister to make his statement.

Sri M. L. Bhowmik, Dy. Minister :— Hon'ble speaker Sir, I am going to amend reply on the supplementary question and going to make a statement in the house.

A sum of Rs. 7·55 647·53 nP. has been awarded in total in respect of the land acquired in Sonamura Sub-Division for the period from 1952—63 for rehabilitation of refugees and for construction of road buildings etc. Out of the award sum 1,326 awardees have been paid compensation in full amounting to Rs. 5,41 542·70 np. of the remaining amount a sum of Rs. 1,11;616·49 np, awarded to 245 persons have been kept partly in Revenue deposit and partly in civil corst deposit owing to the fact that some persons are Pakistaninational, some are not tracable, some did not appear to receive compensation and some did not agree with the apportionment of compensation. The rest of the awarded sum of Rs. 1,02,788·50 n.P. could not be paid to 474 persons

owing to the following reasons :—

(1) Non-receipt of Nationality varification report the awardees were not found in the address supplied by the neighbouring land owners at the time of prepartion of the land statement. (2) Non appearence of the heirs of the demand awardee. (3) Non receipt of the succession certificate of the heirs of the deceased awardee. (4) Compensation being claimed by two parties other than awardee on ground of transfer of the ownership of the land which is being entered into (5) In case of joint award one or more persons are Pak-national. The awardees who are Indian national could not produce any documentary evidence in support of their respective share in the awarded amount.
(6) Non submission of guardianship certificate in case of minor awardee, (7) Non appearance of awardee having not satisfied been with the rate of compensation awarded in their favour under the provisions of West Bengal. Land Development & planning amendment Act. 1955 for rehabilitation of the displaced persons In some road cases payment of compensation was totally held up for change of the alotement after acquisition of land. Neccessary enquiry has been made in all such cases and steps are being under taken to release the unutilized land from acquisition.

Dy. Speaker : মাননীয় Speaker Sir, point of order.

MR. SPEAKER : Point of order ?

Dy. Speaker : হাঁ, এখানে আছে। The questioner will be given an opportunity to supplementary question. আরেকটা আছে

MR. SPEAKER : To which

Dy. Speaker : আরেকটা আছে

MR. SPEAKER : Reference ?

Dy. Speaker : Page 27.

Mr. Speaker : Procedural Instrument ?

Dy. Speaker ; Yes আরেকটা হল statement shall be printed in the list of business in a seperate annexure after other questions. এটা দেওয়া হয়েছে কি ?

MR. SPEAKER ; It is regarding the original question.It is not about the amended question.

Dy. Speaker : Correct amended answer আমরা পেতে পারি কিনা ?

Mr. Speaker : That may be given.

MR. SPEAKER :— That is original question. Not the amended question.

Next item is calling attention notice. I have received calling attention notice from the following members :— Shri Bulu Kuki on the subject of "acute food crisis in Amarpur sub-Division, Tripura resulting in several starvation death." I have given consent to motion of Shri Bulu Kuki to-day. Will the Hon'ble Minister answer it to day ? Shri Bulu Kuki will now please read his calling attention notice.

BULU KUKI :— Hon'ble speaker Sir, আমার calling attention notice দেওয়ার কারণ হল "Acute food crisis in Amarpur Sub-Division, resulting in several starvation death."

MR. SPEAKER :— I would request the Hon'ble Minister M. L. Bhowmick to make his statement.

SHRI M. L. BHOWMICK :— Owing to sucessive floods in 1963 the food crops in Amarpur Sub-Division were substantialy damaged. As a result the deficit in production of the sub-Division has gone up to some extent. To meet this deficit, sufficient number of fare price shop have been opened in that Sub-Division and food grains are being supplied from these shops by the Govt. Apart from these shops in Amarpur town and Natun bazar area there are fare shops also in Ompi Taidu. Sarma, Raima area. At present 9 fare price shops are functioning in that Sub-Division. About 1,200 mds of rice being supplied per week through these fare price shops to about 25 thousands of peoples. In other words food grains from fare price shops are being supplied to about 50% of the peoples of that Sub-division. If necessary more ration shops will be opened. No starvation death has occured. It is not a fact that acute food crisis is prevailing in that Sub-Division. Here, I am giving the position of relief measure taken at Amarpur Sub-Division in the year 1963-64. A sum of Rs. 34,780/- has been alloted for test relief work at Amarpur. The work has been taken up at Jalea, Chellagang, Birganj, Raima area. Administrative approval to 13 project has so far been accorded. Full particulars are still awaited from S. D. O. Amarpur Agricultural loan : — A sum of Rs. 15 thousand was, alloted for the purpose Rs. nine thousand have been issued as Agricultulral loan to 70 families and Rs. six thousand have been surren-

dered as there were no deserving petitioners. Dadan Loan :— A sum of Rs. 32 thousand was alloted out of which Rs. 25 thousand have been issued as "Dadan Loan" to more than 500 families. The balance of Rs. 7 thousand has been surrendered till there was no deserving petitioner.

Gratitous relief :—A sum of Rs. 99,085/- has been given as grant in cash free ration supplied to the persons effected by gale and flood valued Rs. 14,535 and free paddy seeds and finger lings were supplied valued Rs. 7779. Ration offtake :- through fare prices shop during the year 1963. Rice—1,200 tons, number of fare price shop functioning at present—1) Amarpur town 2 shops, 2) Chellagong 1 shops, 3) Natun bazar 1 shop, 4) Ompi 1 shop, 5) Gandachera 1 shop, 6) Taidu 1 shop, Raima 1 shop total number of shops = 8, another shop at Jalaia will be opened soon. Present supply is 45, 310 M.tons details of which is shown below godown wise Amarpur 25,000 Matric tons, Raima 7,530 M. tons, Gandachera 9,000 M. tons, Ompinagar 3,780 matric tons—Total 45,310 Matric tons. Populations covered 25,000.

SHRI DINESH DEB BARMA.—মাননীয় অধ্যক্ষ মহোদয় অত্যন্ত দুঃখের সহিত আমি জানাচ্ছি যে আমার জানার একটা বিষয় বস্তু আছে।

M. L. BHOMICK :—মাননীয় অধ্যক্ষ মহোদয় আমার একটা point of order, I think no member can raise a supplimentary question on the statement made by me.

MR. SPEAKER :—He can for clearification. I would refer Rule 52 (4) of our rules of procedure and conduct of Business rule. Rule 52 (3) at that the Minister can make a brief statement or ask for time to make a statement at a later hour or date. I asked the minister if he was prepard to give the answer to day and after that I have put this Sub Rule 4 says that there should be no debate on such statement at the time it is made provided that the speaker may, if he deems fit permit question for purposes of clarification. If there is any point which is not clear it may be clarified.

SHRI ATIQUL ISLAM :— আজকে যে সমস্ত Ration shop এর list দেওয়া হয়েছে সেগুলি আমরা অস্বীকার করি না। এই সমস্ত Ration shop থেকে

জনসাধারণের Ration ক্রয় করে খাওয়ার কোন সামর্থ আছে কিনা বা কোন উপায় আছে কিনা তাহা জানলে সুখী হতাম।

SHRI M. L. BHOWMICK :—To lessen the economic distress of the people test relief works have already been started and test relief works will be opened if necessary.

SHRI BULU KUKI :— মাননীয় মুখ্যমন্ত্রী যে Statement দিয়েছেন সেগুলির মধ্যে একথা বলেছেন যে no death, কিন্তু আমি জানি যে গত মার্চ্চ মাসের শেষ সপ্তাহে সরমা রিয়াং চৌধুরী পাড়ার চোলবাজু রিয়াং চৌধুরী পাড়ার ধনঞ্জয় রিয়াং চাকলাই মা রিয়াং অনাহারে মারা গিয়াছে আর গত ৩রা এপ্রিল সরমা এলাকায় বিল্লাই হা বাড়ীর হানিরুম রিয়াং এর অনাহারে মৃত্যু হয়, এটা সম্পর্কে তদন্ত হবে কি না এটা আমি জানতে চাই।

SHRI M. L. BHOWMICK :— তদন্ত হবে কিনা। হাঁ, আচ্ছা, So far my information goes no person died of starvation. The three persons referred by him may have died of any desease, However, I may assure the house that an enquiry of the persons referred to by him may be held.

SRI ATIQUL ISLAM :— অনেক Notice দেওয়া হচ্ছে কৃষিঋণ ইত্যাদি আদায় করবার জন্য এগুলি স্থগিত রাখার কথা বা যারা নাকি অক্ষম তাদের সম্বন্ধে মাপ করে দেওয়া সম্বন্ধে আপনারা কি কিছু বিবেচনা করেছেন ?

M. L .BHOWMICK :— General remission of the loans can not be considered but in distressed cases govt is taking steps.

SHRI ATIQUL ISLAM :— বর্ত্তমানে crisis period এ collection of Agriculture lones দাদন etc. যে সকল notice serve করা হচ্ছে সেগুলি এখন postpone করার কথা আপনারা ভাবছেন কি না ?

SHRI M. L. BHOWMICK :—The attempt for recovery of loan can not be stopped as a whole. Those who are capable to pay, persons payment will be received from them.

MR. SPEAKER :— Now we pass on to the next item. Next item is Govt- Business Legislation, Appropriation Bill, 1964 (Bill No 3 of 1964) to day in the list of business the appropriation Bill 1964 (Bill No 3 of 1964) is to be taken into consideration. I call on the Hon'ble Finance Minister to move his motion for consideration of the appropriation Bill 1964 (Bill No 4 of 1964).

SRI. M. L. BHOWMICK :—Hon'ble speaker Sir, I beg to move that appropriation Bill 1964 (Bill No 3 of 1964) be taken in to consideration at once.

Mr. speaker :— Now any member can speak. But I would say something before the discussion start. I was requested by the opposition to allow time for disscussion and I had in the meantime consulted the Hon'ble Deputy Minister. So I may allow two hours to the opposition and equal time to the Govt. party to the maximum. One thing I should say particulary to draw the attention of the Hon'ble Members not to repeat one's own argument or the argument in the speech of any other members who have spoken before and when I come across repetition I am sory to say that I shall be rather constrained to draw the attention of the Hon'ble members again. I may now request any one of the members—Sri Dinesh Dev Barma, if he wishes to speaker. He has not submitted his name. you just stand in your seat, and I will call your name.

SRI DINESH DEB BARMA : মাননীয়, অধ্যক্ষ মহোদয়, আজকে Appropriation Bill সম্বন্ধে আলোচনা মারফত আমি কয়েকটা বিষয়ে মাননীয় সরকার বাহাদুরের দৃষ্টি আকর্ষণ করার চেষ্টা করছি যে বর্ত্তমানে ত্রিপুরা রাজ্যে যে ভয়াবহ খাদ্য পরিস্থিতি এটা অত্যন্ত দুঃখজনক ব্যাপার এবং বর্ত্তমান এই খাদ্য পরিস্থিতির দিকে লক্ষ্য করলে ভয় পাওয়ার যথেষ্ট কারণ আছে। কারণ আমি জানি গত বৎসর এই ত্রিপুরা রাজ্যের উপর দিয়ে যে প্রাকৃতিক দুর্য্যোগ বয়ে গিয়েছে তাতে এখানকার জনসাধারণের যথেষ্ট পরিমাণ ক্ষতি হয়েছে। দেশের জনসাধারণের বিভিন্ন ফসল তাতে নষ্ট হয়েছে। এইবার বরো ফসল সন্তোষজনক ভাবে হয়েছে বলে এখানে যে আলাপ আলোচনা হয়েছে তাতে আমি বলতে চাই গত কয়েকদিন পূর্ব্বে ধর্ম্মনগর ও অন্যান্য কয়েকটি অঞ্চলে অতিরিক্ত বৃষ্টি পাতের ফলে শস্য ক্ষেত্রের উপর নদীর জল ফুলে উঠে ফলে ঐ সমস্ত এলাকায় সমস্ত ধানের ফসল নষ্ট হয়ে গিয়েছে report পাওয়া গিয়েছে, পত্রিকায় তা উঠেছে বলে আমরা দেখেছি এবং অমরপুর Sub-Division এ অনেক ভুমির ফসল নষ্ট হয়ে গিয়েছে বলে আজকেও আমি report পেয়েছি। শুধু তাই নয় প্রত্যেক বৎসরই আমাদের বাইরে থেকে অনেক খাদ্য শস্য আমদানী করতে হয়। প্রত্যেকটি State Govt. এর কাছে Central Govt, জানিয়ে দিয়েছেন যে এইবার সম্ভবত: খাদ্য আমদানীর quota কড়া কড়িভাবে দেওয়া হবে এবং sufficient খাদ্য শস্য আমদানী করা যাবে না ; এইরূপ warning প্রত্যেকটি State Govt. এর কাছে দিয়েছেন। আমাদের Burma ও অন্যান্য

প্রদেশ হতে প্রতি বৎসর খাদ্য আমদানী করতে হয় ; এইভাবে প্রতি বৎসরই আমাদের এই ত্রিপুরা রাজ্যে খাদ্য ঘাটতি হচ্ছে, তদুপরি পূর্ব পাকিস্তান হতে হাজার হাজার উদ্বাস্তু এখানে আশ্রয় নিচ্ছে তাদেরও খাওয়ার প্রশ্ন আছে। কাজেই ধর্মনগর হতে আরম্ভ করে সাব্রুম পর্য্যন্ত বিস্তীর্ণ এ রাজ্যে দিন দিন যে ভাবে চাউলের মূল্য বৃদ্ধি পাচ্ছে এটা আমাদের অত্যন্ত চিন্তিত করে তুলেছে। কৈলাসহর Sub-Division এ কয়েক দিন আগে ৩০ টাকা | ৩২ টাকা চাউলের মণ উঠেছে এবং ধর্মনগরে ৩০ টাকা | ৩১ টাকা চাউলের দাম উঠেছে—কুলাইতে ২৮ | ২৯ টাকা সর্ব্ব নিম্ন এবং ৩০ টাকা ৩৩ টাকা পর্য্যন্ত চাউলের দাম বৃদ্ধি পেয়েছে। আগরতলা সহরে ৩৪ | ৩৫ টাকা চাউলের দাম বৃদ্ধি পেয়েছে। এই ভাবে দিন দিন চাউলের দাম বৃদ্ধির দিকে চলেছে এবং মানুষের আয়ের যে পথ সেই পথ দিন দিন বন্ধ হতে চলেছে। কাজেই দাবী করছি যাতে বিভিন্ন sub- Division এ দুঃস্থ এবং দুর্ভিক্ষ পীড়িত লোকদের মধ্যে বিভিন্ন test relief এর কাজ করা যায় ; যাতে জনসাধারণকে অনাহারে কষ্ট পেতে এবং অকারণে মৃত্যু মুখে পড়তে না হয়। এ জন্য আমি বলছি আগেকার দিনে গ্রামের ছোট ছোট রাস্তার কাজ test relief এর মাধ্যমে করা হতো। কাজেই বর্ত্তমানে শুধু রাস্তার দিকে আমাদের নজর রাখলে চলবে না। সরকারের টাকা যাতে শুধু শুধু অপচয় না করে ওই test relief এর মাধ্যমে গ্রামে গ্রামে ছোট ছোট শিল্প গড়ে উঠে এ দিক দিয়ে আমি সরকার বাহাদুরের দৃষ্টি আকর্ষণ করছি তারা যেন এই দিকে দৃষ্টি দেন। কাজেই দিন দিন যদি এই ভাবে ত্রিপুরা রাজ্যে খাদ্যাভাব বৃদ্ধি পায় তবে ত্রিপুরা রাজ্যের জনসাধারণের কাছে এটা অত্যন্ত দুঃখজনক ব্যাপার হয়ে দাঁড়াবে। অতএব সরকার যাতে এই দিক দিয়ে যথাযথ ব্যবস্থা করেন সেজন্য আমি অনুরোধ রাখছি। তারপর আমি একথা বলব যে Govt. জনসাধারণের উপর হতে কৃষি আয়কর প্রভৃতি উঠাবার এবং আয়করের মাধ্যমে জনসাধারণের দাবী দাওয়া মিটাবার যে পরিকল্পা করেছেন আমি সেই সম্বন্ধে বলব যাতে আয়কর বৃদ্ধির লক্ষ্য মাত্রা স্থির হয় এবং কর বৃদ্ধি করার জন্য ত্রিপুরা রাজ্যের জনসাধারণের উপর সরকার কোনরূপ জুলুম বা চাপ না দেন। Land revenue সম্পর্কে এখানেই আমি বলছি যে আজকে ত্রিপুরা রাজ্যের জনসাধারণের যে অর্থনৈতিক সঙ্কট এই সঙ্কটাপন্ন অবস্থার মধ্যে বর্দ্ধিত হারে খাজনা বা নজরানা আদায় করার যে ব্যবস্থা সরকার করেছেন, যতদিন পর্য্যন্ত দেশের জনসাধারণের এই বর্দ্ধিত হারে খাজনা বা নজরানা দেওয়ার মত সক্ষমতা না আসে ততদিন যেন সেটা বন্ধ থাকে। এই দিক দিয়ে আমি অনুরোধ করব। তারপর other taxes and duties সম্বন্ধে আমি বলব আজকে ত্রিপুরা রাজ্যের জনসাধারণ শুধু খাজনা দিয়ে থাকে না সমস্ত জিনিষপত্রের

উপরও যেভাবে tax ধার্য্য করা হয়েছে এটা অত্যন্ত জুলুম আরোপ হয়েছে বলে মনে করি। এই নানা রকম tax গুলি যদি ত্রিপুরা রাজ্যের জনসাধারণের উপর হতে তুলে না নেওয়া হয় তা হলে দেশের জনসাধারণ যে আরও অর্থনৈতিক অবনতিতে পড়বে সে বিষয়ে কোন সন্দেহ নেই। এই জন্য আমি বলছি যাতে দেশের নিরীহ জনসাধারণ মুনাফাখোর মহাজনদের খপ্পরে না পড়ে এবং বড় বড় ব্যবসায়ীর খপ্পরে না পড়ে তার জন্য সরকার বিভিন্ন co-operative এর মাধ্যমে দোকান ইত্যাদি খুলে যাতে জনসাধারণ তাদের জিনিষ পত্র ঐ সকল দোকান থেকে কিনতে পারে এবং ন্যায্য মূল্য ঠিক করে দেয় এবং ধান চাল ইত্যাদির স্বল্পমূল্য নির্দ্ধারণ করে দেয় এবং নিত্যপ্রয়োজনীয় জিনিষের স্বল্পমূল্য ঠিক করে দেয় তার ব্যবস্থা করা দরকার। কারণ এই সকল মুনাফাকারী মহাজনের বিপাকে পড়ে দেশের জনসাধারণ দিন দিন আরও সঙ্কটাপন্ন অবস্থায় পড়ছে। ঘটনা হিসাবে আমি বলতে চাই গত চার বৎসর পূর্বে আমাদের এখানে সুপারীর সের ২ টাকা ২॥ টাকা ছিল আর বর্ত্তমানে প্রতি সের সুপারী ৭/৮ টাকা বিক্রি হচ্ছে সেটা কমার কোন লক্ষণ দেখা যাচ্ছে না, এই সুপারীর দাম দিন দিন বাড়ছে। তেমনি কাপড়ের দাম দিন দিন বাড়ছে, চিনির দাম বাড়ছে; কমার কোন লক্ষ্মণ দেখা যাচ্ছে না। কাজেই এই সমস্ত জিনিষ গুলি যদি সরকার নিজের দায়িত্বে বিক্রি করেন তা হলেও হয়ত ত্রিপুরা রাজ্যের জনসাধারণ একটা মঙ্গলময় অবস্থায় আসতে পারে। Stamp সম্পর্কে আমি বলছি Stamp এর দাম যে ভাবে দিন দিন বাড়ছে তা অত্যন্ত দুঃখজনক ব্যাপার। এই Stamp সম্পর্কে আমার একটা Cut Motion ও ছিল তা আপনারা জানেন। Stamp সম্পর্কে সেখানে আমি বিস্তারিত ভাবে বলেছি কাজেই Stamp এর দাম Registration fee এর দাম যাতে কমে সেইদিক দিয়ে লক্ষ্য রাখা দরকার। তারপর General Administration সম্পর্কে আমি একথা বলতে চেয়েছিলাম যে General Administration বর্তমানে খেয়াল খুশীমত কাজ চালাচ্ছে। কেউ যদি Genral Administration এর কাছে বা বিচার বিভাগের কাছে কোন ব্যাপারে সুবিচারের জন্য ধর্ণা দেয় তার কোন সুবিচার করা হয় না। Department এর মধ্যেও Complain দেখা যায়। ঘটনা হিসাবে আমি বলছি কিছুদিন পূর্ব্বে কমলপুরে S D O ছিল শ্রীশিশির চক্রবর্ত্তী, তা আপনারাও জানেন তাঁর বিরুদ্ধে একটা Allegation ছিল। তিনি Reserved tank থেকে মাছ ধরে খান ইত্যাদি করে এরূপ একটা Allegation করা হয়েছিল।

Shri M. L. Bhowmick— I request the Hon'ble Member not to mention a particular officer or name.

Sri Dinesh Deb Barma— কমলপুরের ঐ S D O সম্বন্ধে একটা Allegation ছিল যে তিনি Reserved পুকুর থেকে নাকি মাছ ধরে খান। Anti corruption Report থেকে একট enquiry করা হয় ১৯৬১ সনে এবং enquiry report দেওয়া হয়েছিল যে ঘটনাটি সত্যি কিন্তু তাঁর সম্বন্ধে কি action নেওয়া হয়েছে তা আমি জানিনা। আমি দেখতে পেয়েছি তিনি বর্ত্তমানে Assistant Registration officer হিসাবে এখানে আছেন। এবং আমি জানতে চাই মৃণাল কান্তি মজুমদার, গোপী সিংহ, শীতাংশু শঙ্কর ভট্টাচার্য্য প্রভৃতি officer এর বিরুদ্ধে তহবিল তছরূপের কতকগুলি অভিযোগ করা হয়েছিল। Anti corruption Deptt. থেকে enquiry করা হল উদ্বাস্তুদের ১৯০০ টাকা করে ঋণ দেওয়ার কথা ছিল তার মধ্যে তাদেরকে ১৯০০ টাকা করে না দিয়ে ৫০০ টাকা করে ঋণ দেওয়া হয়েছিল। enquiry করে এটা যখন সত্য প্রমাণিত হল এটা july 1963, কিন্তু আজ পর্য্যন্ত সেটার কি action নেওয়া হল তার প্রমাণ আমরা পাই নি। কাজেই এ ভাবে যদি corruption বৃদ্ধি পায় তা হলে সরকারের উপর মানুষের যে ধারণা, সুবিচার পাওয়ার জন্য মানুষের যে আবেদন নিবেদন এটার কোন গুরুত্ব থাকেনা।

Jail সম্বন্ধে এখন আমি বলছি। আজকে মানুষ যদি কোন অপরাধ করে তবে তার অপরাধ অনুযায়ী তার শাস্তির একটা মেয়াদ নির্দ্দিষ্ট করে দেওয়া হয় কাজেই এখানে আমার বক্তব্য হচ্ছে জেলখানার এই কয়েদীদের জন্য নানা রকম শিল্প কাজের সরকারী পরিকল্পনা আছে—এই শিল্প কাজে কয়েদীরা যে কাজ করে সেই জন্য তাদের কে একটা daily wage দেওয়া হয় এক অংশ সরকারী তহবিলে রাখা হয় এবং সেই wage থেকে তাদের পরিবারের জন্য মাসিক time to time তাদের বাড়ীতে টাকা পয়সা পাঠানো হয়, এ ব্যবস্থা করার জন্য সরকারের কাছে আমি প্রস্তাব করছি।

Mr. Speaker— I would remiad the Hon'ble member not to repeat this again. This has already been discussed in Suitable time.

Sri Dinesh Deb Barma— কৃষি সম্পর্কে আমি একথা বলতে চাই যে ত্রিপুরা রাজ্যের ১২ লক্ষ মানুষের মধ্যে শতকরা ৭৫ ভাগ হল কৃষক। এই কৃষক সারা ত্রিপুরা রাজ্যকে খাদ্য দিয়ে ও অন্যান্য জিনিষপত্র দিয়ে পালন করে থাকে, নিজেই আমরা আজকে কৃষি বিভাগকে আরও বেশী শক্তিশালী করে দেশের কৃষককুলকে যাতে আরও উন্নত করতে পারি সেদিক দিয়ে আমাদের চিন্তা করা উচিত। কিন্তু পক্ষান্তরে আমি দেখতে পাই আজকে এই কৃষি এলাকায় বিরাট খাদ্যাভাব ও দুর্ভিক্ষ হয়। এই দুর্ভিক্ষের কবলে পড়ে কৃষকেরা তাদের স্থাবর অস্থাবের সম্পত্তিগুলি বিক্রি করতে বাধ্য হয়।

কাজেই কৃষকের দিকে যদি আমরা লক্ষ্য না করি তা হলে তাদের অবস্থা কি রকম শোচনীয় হবে সেদিকে আমাদের চিন্তা করা প্রয়োজন। কারণ দেশের কৃষককুল দুর্ব্বল হওয়া মানে রাজ্যের অর্থনৈতিক অবস্থা দুর্বল হয়ে পড়া। কাজেই আমি বলছি আজকে আমরা বাজেটে কৃষির জন্য হাজার হাজার লক্ষ লক্ষ বা কোটি কোটি টাকা ধরেছি এবং তা কৃষকের জন্য কৃষির জন্য reclamation এর জন্য খরচ করছি যাতে এটা সঠিকভাবে খরচ করা হয় বাঁধ দিয়ে, নালা দিয়ে, জল নিয়ে, irregation এর মারফতে pumping machine দিয়ে। উপযুক্ত বীজ দিয়ে সার দিয়ে যাতে কৃষকগণ আরও বেশী খাদ্য ও অন্যান্য ফসল উৎপন্ন করতে পারে তার ব্যবস্থা আমাদের করা দরকার, এবং বাজেটে বরাদ্দকৃত অর্থ আছে তা রীতিমত ঠিক ঠিক ভাবে খরচ করা হয় সে দিকে দৃষ্টি রাখা দরকার।

শিল্প সম্পর্কে আমি একথা বলব যে বর্তমানে এ ত্রিপুরা রাজ্যে ছোট ছোট শিল্পের ব্যবস্থা আছে তা দিয়ে আমাদের অর্থনৈতিক উন্নতি হবে না। আমাদের অর্থ-নৈতিক এ অবনতি দূর করতে হলে এখানে আরও ভাল ভাল শিল্প ইত্যাদি করা দরকার। শুধু কুটীর শিল্পের উপর নির্ভর। যাতে আরও উন্নত ধরণের শিল্প গড়ে তোলা যায় এবং আমাদের এখানে যে সকল তাঁত ইত্যাদি পড়ে আছে এবং যে সমস্ত curpentary centre পড়ে আছে এবং যে সমস্ত working centre গুলো পড়ে আছে সেই সমস্ত কাজ গুলিকে পুনর্জীবিত করে গড়ে তোলা দরকার। কাজেই এই সমস্ত কুটির শিল্প গুলিকে পুনরুদ্ধার করে দেশের অর্থ নৈতিক বনিয়াদ সুদৃঢ় করা যায় এবং এর মারফতে দেশের বেকার সমস্যারও কিছু সমাধান করা যায়। এখানে আমি আরেকটি কথা বলব যে আমাদের এই ত্রিপুরাতে অনেক খনিজ সম্পদ আছে। যারা পাহাড়ে ঘুরে বেড়ায় তারা বলে থাকে ত্রিপুরার পাহাড়ে অনেক খনিজ সম্পদ আছে। এই খনিজ সম্পদকে উদ্ধার করা দরকার। আমি বৈজ্ঞানিকও না expartও নই কিন্তু তবু আমার ক্ষুদ্র অভিজ্ঞতায় বলব সরকারের পক্ষ থেকে তথ্যানুসন্ধান করে খনিজ সম্পদের উদ্ধার করা একান্ত প্রয়োজন। আমাদের এই কমলপুর Sub-Divition এ ছুলুছড়া নামে একটা ছড়া আছে। এই ছড়ার মাথায় একটা পাহাড় আছে, তার নাম ধোরী, আমাদের ত্রিপুরা ভাষায় বলে তক্ষহাজায়। এই ছড়ার জল পশু পক্ষীতে খায় কিন্তু মানুষ এই জল খেয়ে দেখেছে উহার স্বাদ লবণাক্ত। এমনও হতে পারে যে এই জলে লবণ বেশী আবার লবণ না হয়ে অন্য কোন খনিজ পদার্থও হতে পারে কাজেই আমাদের সরকার যেন expart দ্বারা অনুসন্ধান করে দেখেন প্রকৃত ব্যাপারটা কি? অর্থাৎ কোন খনিজ পদার্থ আছে কিনা। কিছুদিন পূর্ব্বে আমি খবরের কাগজে দেখিছি যে লংথরাই এ'র নীচে পেট্রোলের একটা স্তর পাওয়া গেছে। কিন্তু এরপর এই সম্বন্ধে আর কোন সংবাদ পাওয়া

যায় নি। কাজেই আমি সরকারের কাছে অনুরোধ করব যেখানে যেখানে খনিজ সম্পদ পাওয়ার সম্ভাবনা আছে সেগুলিকে যেন উদ্ধার করার চেষ্টা করা হয় এবং এইভাবে দেশের সমৃদ্ধির দিকে নজর দেওয়া হয়। তাহলে যে শুধু লবণ বা কেরোসিন পাওয়া যাবে তাই নয় দেশের অর্থ নৈতিক উন্নতির একটা বিরাট সম্ভাবনা দেখা দেবে। সেই আমাদের ডম্বুর Hydro-electricity যে একটা plan রয়েছে সেইটাও সত্বর কার্য্যকরী করার ব্যবস্থা করা উচিত। কুমার ঘাটে যে একটা পরিকল্পনা ছিল তাও আজ ২ | ৩ বৎসর হয়েছে। কিন্তু এর বর্ত্তমান অবস্থা যে কি তা আজ পর্য্যন্তও আমরা জানিনা। আমাদের জানার কোন উপায়ও নেই। কাজেই এই ভাবে যদি কোন একটা পরিকল্পনা অচল হয়ে পড়ে থাকে তবে আমাদের দেশে শিল্পোন্নতি কি ভাবে সম্ভব হবে? তাই আমি অনুরোধ করব ক্ষুদ্র শিল্প, মাঝারী শিল্প থেকে সুরু করে যদি সম্ভব হয় ভারী শিল্প গড়ে তোলার দিকেও যেন নজর দেওয়া হয়। শিল্পোন্নতির জন্য যে টাকা বাজেটে বরাদ্দ করা হয়েছে তা যেন ঠিক ঠিক ভাবে খরচ করা হয় এবং দেশকে শিল্পে সমৃদ্ধ করে তোলা হয় তার জন্যই অনুরোধ করব।

তারপর Education সম্পর্কে বলব। অবশ্য বলা হয়েছে অনেক প্রাইমারী স্কুলকে জুনিয়র বেসিকে, জুনিয়র বেসিক স্কুলকে সিনিয়র বেসিকে, এবং সিনিয়র বেসিক স্কুলকে Higher Secondary তে রূপান্তরিত করা হয়েছে। অত্যন্ত ভাল কথা। কিন্তু আমি এখানে বলতে চাই যে সরকার শুধু স্কুল গড়েই দায়িত্ব এড়াতে পারেন না। এখানে Tribal আছে, তপশীলী আছে, হিন্দু আছে, গরীব ছাত্র আছে। প্রত্যেকে যাতে উপযুক্তভাবে শিক্ষা পায় তার জন্য স্কুলের নিকটে বোডিং করে ছাত্রদের থাকার ব্যবস্থা করা দরকার। গরীব ছাত্রদের অর্থকরী সাহায্য দিয়ে বই দিয়ে সাহায্য করা দরকার। সহরাঞ্চলেই হউক, গ্রামাঞ্চলেই হউক, বিশেষ করে Senior Basic ও Higher Secondary School গুলিতে সমস্ত জায়গায় বোডিং এর ব্যবস্থা করা দরকার। এখানে আমি একটি কথা বলতে চাই। মানিক ভাণ্ডারের স্কুলে একটি বোডিং আছে। সেই বোডিং এ ১২ জন ছাত্র থাকে। কিন্তু আজ পর্য্যন্তও তাদের stipend এর ব্যবস্থা করা হয় নি। তাদের রান্নার জন্য একটি পাচক ছিল কিন্তু কিছুদিন ধরে তারও বেতন দেওয়া হচ্ছে না। এবং সেই পাচক ও এখন আর নেই। আমি জানি সেলেমাতে একটা বোডিং আছে কিন্তু সেখানে কোন ছাত্র নাই। সেখানে শুধু মাত্র কয়েকজন কর্ম্মচারী আছে। ছাত্র না থাকায় অনুসন্ধান করে আমি জানলাম সেখানে কোন রকম stipend দেওয়া হয় না। এই সেলেমা একটা অত্যন্ত গরীব এলাকা। এখানে হালাম আছে নোয়াতিয়া আছে, refugee আছে, ত্রিপুরী আছে। কাজেই এখানে যে সমস্ত

ছেলেরা আছে, আমি শুধু উপজাতীর কথাই বলছি না সে তপশীলই হউক, তপশীল উপজাতিই হউক তাদের জন্য বোর্ডিং এর Seat number বাড়ানো দরকার। তারা যাতে সরকারী খরচে পড়তে পারে তার ব্যবস্থা করা দরকার। কুলাইতে একটা High School করা হয়েছে। সেখানে বোর্ডিং আছে। কিন্তু বোর্ডিং কোন ছাত্র নাই। কারণ সেখানে কোন রকম stiphend দেওয়া হচ্ছে না। বোর্ডিং থাকা সত্ত্বেও কোন ছাত্র নাই সেই কথা সরকার বাহাদুর চিন্তা করার কোন দরকার মনে করেন না। এটাই যদি আমাদের ছাত্র পড়াবার পদ্ধতি হয় তবে যতই স্কুল করে দেওয়া হউক না কেন কোন প্রকার উন্নতি হবে না। এখানে আমি অত্যন্ত দুঃখের সহিত বলছি কিছু দিন পূর্ব্বে কলেজে গিয়েছিলাম। সেখানে Hostel এ ছাত্রদের যে stiphend বা messing দেওয়া তা খুবই নাম মাত্র। আবার কোন কোন সময় ৪ মাস পর্য্যন্ত messing বন্ধ থাকে। বাড়ী থেকে টাকা এনে তাদের messing চালাতে হয়। এখানে অনেক গরীব ছাত্র থাকে তাদের এই সমস্ত কারণে লেখাপড়ার খুবই অসুবিধা হয়। কাজেই আমি সরকার বাহাদুরের শিক্ষা অধিকর্ত্তার নিকট অনুরোধ করব যেন রীতিমত তাদের stiphend দেওয়ার ব্যবস্থা করা হয়। আজকে যদি কলেজে এই সমস্ত ব্যবস্থা চলতে থাকে তবে আমাদের যে উচ্চ শিক্ষার পরিকল্পনা সেই পরিকল্পনা শুধু পরিকল্পনাই থাকবে কোন প্রকার উচ্চ শিক্ষা তাতে সম্ভব হবে না। এই সমস্ত ব্যাপার নিয়ে আমি কলেজ কর্তৃপক্ষ এমন কি Education Minister এর সঙ্গে আলাপ করেছিলাম। উনি আমাকে বলেছেন যে এটি A. G. এর ব্যাপার। A. G. যদি sanction না করে তবে তিনি কিছু করতে পারেন না। আজকে যদি A. G,র উপর নির্ভর করে উচ্চশিক্ষার ব্যাপারে এই অনিশ্চয়তার মধ্যে থাকতে হয় তবে আমার কিছু বক্তব্য নাই। তবু আমি অনুরোধ করব এই বিভ্রাটের মধ্যে যাতে কলেজের ছাত্রদের না পড়তে হয় তার ব্যবস্থা যেন করা হয়। আমি জানতাম মেধাবী ছাত্রদের না কি বৃত্তি দেওয়ার ব্যবস্থা আছে। এই বৃত্তি দেওয়ার ব্যাপারে কোনরূপ কড়াকড়ি না করে যেন সমস্ত মেধাবী ছাত্ররা বৃত্তি পায় তার ব্যবস্থা করা উচিত। আমি একটি স্কুলে গিয়েছিলাম। সেখানে জানলাম একটি ছাত্র নাকি সারা বৎসর একদিনও স্কুলে অনুপস্থিত থাকে নি। কিন্তু বহু তদ্বির করার পরও আজ পর্য্যন্ত সেই ছেলেটি কোন রকম পুরস্কার পায়নি যদিও এরূপ একটি ব্যবস্থা আছে বলে আমি জানতাম। আমরা বেসিক স্কুল করার জন্য অনেক পরিকল্পনা করি এবং অনেক basic school গড়েও তুলি। আমি education department এর অনেক কর্ম্মচারীর সঙ্গে আলাপ করেছি বিশেষ করে আমার Sub-division এর যে authority তার সঙ্গে আলোচনা করেছি যে বেসিক স্কুলে ছোট ছোট ছেলে মেয়েরা মাটি

মানুষের ফসল উৎপাদনের প্রশ্ন, সেই প্রশ্নকে যদি neglect করে খেয়াল খুশী মত কাজ করা হয় তবে ইহা ত্রিপুরা রাজ্যের মানুষের পক্ষে অত্যন্ত ক্ষতি কারক হবে। কাজেই আমি বলছি কোন রকম গাফিলতি না করে বাজেটে যে অর্থ বরাদ্ধ করা হয়েছে তা যেন ঠিক ঠিক মত জনহিতকর কার্য্যে ব্যয়িত হয় সেইদিকে দৃষ্টি রাখার অনুরোধ করেই এই appropriation Bill এর উপর আমার discussion শেষ করছি।

MR. SPEAKER—Sri Monoranjan Nath.

Shri Monoranjan Nath : মাননীয় অধ্যক্ষ মহোদয়, গতকল্য মাননীয় মন্ত্রী মহোদয় যে appropriation Bill House এর সামনে উপস্থিত করেছেন তা আমি সমর্থন করছি। ত্রিপুরায় খাদ্যাভাব সম্বন্ধে ত্রিপুরা সরকার যে নীতি গ্রহণ করেছেন তা অত্যন্ত প্রশংসনীয় নীতি। প্রাকৃতিক দুর্যোগে ত্রিপুরায় অত্যন্ত ক্ষতি হয়েছে একথা খুবই সত্য। সেই জন্য সরকার বীজ ধান এবং অন্যান্য irrigation এর ব্যবস্থা, সার ইত্যাদি দিয়েছেন। এবং বীজ ধান যাতে সত্বর এসে পৌছে তারও ব্যবস্থা করেছেন। বর্ত্তমানে যে আউস ধান তারও বীজ আমাদের মাননীয় Development Minister সংগ্রহ করার ব্যবস্থা করেছেন এবং অবিলম্বে এসে পৌঁছবে। সুতরাং খাদ্যাভাব দূর করার জন্য যে নীতি গ্রহণ করেছেন তাও অত্যন্ত প্রশংসনীয় আমি বলব। স্থানে স্থানে Ration shop খোলা হয়েছে যেখানে হওয়ার দরকার। তাতে জনসাধারণের অনেকটা আর্থিক অভাব অনটন দূর হচ্ছে। এই কার্য্যক্রম আমি প্রশংশনীয় বলে মনে করি। বিরোধী পক্ষের সদস্য বলেছেন যে ধর্ম্মনগরে ৩০৲ টাকা চাউলের মণ হয়েছিল। একথা সত্য। কিন্তু সঙ্গে সঙ্গে ত্রিপুরা সরকার থেকে সেখানে স্থানে স্থানে Ration shop খোলা হয়েছে যেমন কাঞ্চনপুর, মাছমারা, পেচারথল ইত্যাদি জায়গায়। সুতরাং খাদ্যাভাব সম্পর্কে যে নীতি সরকার গ্রহণ করেছেন তা প্রশংসনীয়। তাছাড়া অর্থ সঙ্কট দূর করার জন্য সরকার স্থানে স্থানে test relief দিয়েছেন। এখানে Agriculture Income Tax সম্পর্কে বলা হয়েছে বিরোধী সদস্যদের পক্ষ থেকে। যারা গরীব তাদের Agriculture Income Tax ধরা হয় না। একটা পরিমিত জমি আছে সেই পরিমিত জমির উপর জমি থাকলেই Agriculture Income Tax ধরা হয়। যদি বন্যা অথবা কোন প্রাকৃতিক বিপর্যয়ের জন্য ফসল নষ্ট হয় তবে Agriculture Income Tax ধরা হয় না। সমস্ত দিক বিচার করেই Agriculture Income Tax ধরা হয়। সুতরাং Agriculture income, Tax যারা উপযুক্ত তাদের সরকারের আয়ের জন্য তা দেওয়াই আবশ্যক বলে আমি মনে করি। বিরোধী পক্ষ Tax সম্পর্কে ২১২টি কথা বলেছেন। কিন্তু সেটা কোন্ কোন্ Tax, State Tax না

কিছুই Central Tax উল্লেখ করেননি। সুতরাং সে সম্পর্কে কোন উত্তর দেওয়ার সুবিধা নেই। এখানে ধান চালের একটি মূল্যমান নির্দ্ধারিত করা সম্পর্কে বিরোধীপক্ষ বলেছেন। কিন্তু এতে অসুবিধা হচ্ছে যে, একবার যদি দর উচ্চহারে নির্দ্ধারিত হয় এবং পরে কেনবার সময় আবার সেই নির্দ্ধারিত মূল্যকে কমিয়ে দেওয়ার প্রয়োজন বোধ হয় তবে নির্দ্ধারিত মূল্যের balance ঠিক রাখা সম্ভব নয়। সুতরাং ধান ও চাউলের কি দর হবে সেটা ঠিক করা সম্ভবপর নয়।

এখানে আরেকটা কথা বলেছেন Registration fee সম্পর্কে। Registration fee নাকি বেড়েছে। আমি যতদূর জানি Registration fee বাড়েনি। আগে যা ছিল এখনও তাই আছে। সুতরাং এ প্রশ্ন উঠেনা। General Administration সম্পর্কে বলেছেন বিচার। General Administration তো বিচার করেন না। সুতরাং বিচারের প্রশ্ন উঠে না। এখানে বিরোধী পক্ষের সদস্য কতকগুলি দুর্নীতির case এর কথা বলেছেন, আবার সঙ্গে সঙ্গে বলেছেন I. B. Branch এ সম্পর্কে অনুসন্ধান করেছেন। সুতরাং বিরোধী পক্ষের সদস্যের উক্তির দ্বারা প্রমাণিত হচ্ছে যে সরকারের anti corruption branch এ ব্যাপারে step নিয়েছেন, অর্থাৎ সরকার যে দুর্নীতি দমনের step নিয়েছেন এ কথা ঠিক। প্রত্যেকটি Senior Basic স্কুলে বোর্ডিং দেওয়ার কথা বলা হয়েছে। প্রত্যেক স্কুলে বোর্ডিং দেওয়ার তো প্রশ্ন উঠে না। বোর্ডিং দেওয়া হয় দূরের ছাত্রদের পড়ার সুবিধার জন্য। এখানে গ্রামে যে স্কুল আছে সেখানকার ছাত্ররা এমনিতেই স্কুলে এসে পড়তে পারে। তাদের তো বোর্ডিং প্রয়োজন হয় না। যতদূর সম্ভব সরকার বোর্ডিং দিয়ে আসছেন। প্রত্যেকটি হাইস্কুলেই বোর্ডিং দেওয়া হয়েছে।

এখানে Administration সম্পর্কে ২।১টি কথা বলতে চাই। আমি একটা suggestion রাখতে চাই। আমাদের ত্রিপুরা Administration এ কয়েকটি Zone আছে। যেমন কৈলাসহর একটি Zone, South Zone, Sadar Zone এবং Khowai একটি Sub-division আছে। আমি বলতে চাই ধর্মনগরে এখন, arear দিকে এবং population এর দিকে অনেক বড় এবং বর্ত্তমানে Rail line আসিতে ধর্ম্মনগরের importance অনেক বেড়েছে। ব্যবসা বাণিজ্যও অনেক উন্নত হয়েছে। কাজেই ধর্ম্মনগরকে যদি একটা Zone হিসাবে ভাগ করা হয় খোয়াই এর মত, তাহলে Administration এর দিক দিয়ে অনেক সুবিধা হবে। কাজেই আমি মন্ত্রী মহোদয়কে এদিক দিয়ে চিন্তা করতে বলব। Administration of Justice সম্বন্ধে আমি কয়েকটি Suggestion রাখতে চাই যে আমাদের ত্রিপুরায় Administration of Justice তা অতি সুন্দর। অন্যান্য State

এর চেয়ে আমাদের ত্রিপুরায় এটা কোন অংশে কম নয়। তবে বর্ত্তমানে পারিপার্শ্বিক অবস্থায় আমি বলব আমাদের ত্রিপুরার মফঃস্বলে যে Civil Court আছে সেই Civil Court এর Munsiff দের Pecuniary power of 2000 বর্ত্তমানে Land valuation অনেক বেড়ে গেছে, সেই Land valuation বাড়ায় ছোট খাট মোকর্দ্দমা ও মফঃস্বলের লোকজন সদরে আসতে হয় এবং সর্বসাধারণের একটু কষ্ট স্বীকার করতে হয়, এইজন্য আমি House এর নিকট এই অনুরোধ করব যাতে মফঃস্বলে যারা Civil Court এর Munsiff আছে তাদের Pecuniary Power দুই হাজার থেকে চার হাজার যেন করা হয়, তাহলে ছোট খাট মোকদ্দমা সেই সমস্ত মফঃস্বলে হতে পারে। Forest সম্পর্কে আমি কয়েকটি কথা বলব। জোতের উপর যে সমস্ত নিষিদ্ধ গাছ আছে সেই গাছের মালিক যখন আমরা Land Reform Act যাতে অবিলম্বে চালু করা হয় সেজন্য মন্ত্রী মহোদয়ের কাছে আমি অনুরোধ রাখছি। Industry সম্পর্কে বিরোধী পক্ষের মাননীয় সদস্য কয়েকটি অনুরোধ করেছেন ত্রিপুরার Industryকে আরও বর্দ্ধিত করবার জন্য। আমাদের ত্রিপুরা সরকার এবং মন্ত্রী মহোদয়গণ Industryর জন্য যথেষ্ট চেষ্টা করছেন এবং আশা করি অবিলম্বে Industryর আরও অনেক উন্নতি হবে। P W D সম্পর্কে আমি কয়েকটি কথা বলতে চাই। আমাদের Dharmanagar to Damcherra একটি রাস্তা আছে এবং রাস্তাটির provision এবারও বাজেটে আছে, যাতে এই বৎসর এই রাস্তাটির কাজ complete হয় এবং মটর চলাচল করতে পারে এবং Communication যাতে সুবিধা হয় সেই সম্পর্কে মাননীয় মন্ত্রী মহোদয় যদি আরও একটু লক্ষ্য রাখেন সেজন্য আমি অনুরোধ রাখব এবং আমাদের ত্রিপুরায় যে Rail line আসছে যাহা এখন ধর্মনগর পর্য্যন্ত এসেছে, সেই Rail line যাতে আগরতলা এবং সাবরুম পর্য্যন্ত যায় সেই জন্য মাননীয় সরকার যাতে দৃষ্টি দেন সেদিকে আমি অনুরোধ রাখব। Air line এ airoplane বর্ত্তমানে ত্রিপুরায় যে অভাব দেখা দিয়েছে passenger রা ১০ দিন পর্য্যন্ত বসে থাকতে হয় airoplane এর টিকেট পাওয়া যায় না; যাতে air lineএ airoplane এর সংখ্যা বাড়ে এবং passengerদের যাতায়াতের সুবিধা হয় সেজন্য মন্ত্রী মহোদয়গণ অবশ্যই চেষ্টা নিবেন বলে আমি মনে করি। আর একটি suggestion এখানে রাখতে চাই যে ত্রিপুরার যে সীমান্ত সমস্যা; সেই সিমান্তে যাতে আরও police military and home guard রাখা হয় যাতে সীমান্ত আরও সুদৃঢ় করা হয়। সেজন্য যাতে govt. recognised একটি Defence party এই Border এ রাখা হয় দেশের স্বার্থে হতে যাতে সীমান্ত সুরক্ষিত হয় এবং দেশে Black marketing, smuggling ইত্যাদি তা হতে পারে। এবং যাতে দেশের সম্পদ বাইরে পাচার হয়ে যেতে না পারে।

আমার মনে হয় সেজন্য govt, recognised একটি Defence party দেশের জনসাধারণ হতে করলে অনেক সুন্দর হবে, এই বলে আমার বক্তব্য আমি এখানে শেষ করছি।

MR. SPEAKER—Sri Bulu Kuki

Sri Bulu Kuki—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে House এর সামনে যে Appropriation Bill উত্থাপিত হয়েছে এটা সম্পর্কে আমি কয়েকটা কথা বলতে চাই। আমার প্রথম কথা হল Co-operative সম্পর্কে যে আইন আছে সেটা Bombay Co-operative Act অনুযায়ী চলছে, আমার মনে হয় সেটা ত্রিপুরার পক্ষে প্রযোজ্য নয়। কারণ সেখানে এটা উল্লেখ আছে loan দিলে পরে সেই loan যদি 90./· realiasation না হয় তা হলে পুনরায় loan দেওয়া যায় না। আমরা দেখতে পাই ত্রিপুরায় প্রথম প্রথম co-operative Society গঠনের ব্যাপারে যে পরিমাণআগ্রহ ছিল এখন তাদের সেই পরিমান আগ্রহ আছে বলে আমার মনে হয় না। কারণ তারা সেই 90·/. loan realisation করতে পারে না। কারণ বর্তমানে ত্রিপুরায় যে সমস্ত জনসাধারণ আছে তারা অর্থ নৈতিক দিক দিয়ে সচ্ছল নয় এবং ত্রিপুরার কৃষকের অর্থ নৈতিক অবস্থাও সচ্ছল নয়। আজকে আমাদের Co-operative এর প্রধান উদ্দেশ্য হল ত্রিপুরার জনসাধারণের এবং কৃষকদের অর্থ নৈতিক মানকে সবল করে তোলা। কিন্তু দেখা যায় ত্রিপুরায় বর্তমানে যে সমস্ত Co-operative Society গুলো আছে সেগুলো দিয়ে সম্ভব হচ্ছে না। কাজেই সেইদিকে আমাদের বিবেচনা করা দরকার। বিবেচনা করতে হবে এ দিক দিয়ে যাতে loan realisation এর percentage আরও কমানো হয়। যে সমস্ত loan দেওয়া হয় তার 50·/. এ বৎসর আদায় করে তাকে আবার loan দেওয়া হয়, দ্বিতীয় বৎসর 50·/. percent আদায় করে আবার loan দেওয়া হয় এবং তৃতীয় বৎসর 90./· আদায় করা হয় এ ভাবে যদি বৎসর বৎসর loan দেওয়া হয় এবং 50·/. করে আদায় করা হয় তা হলে জনসাধারণকে Co-operative এর দিকে attracted করা যাবে এবং loan দিয়ে এবং ক্রমান্বয়ে আদায় করে জনসাধারণকে যদি আমরা সচেতন করতে না পারি, তা হলে আমি মনে করি, আমাদের ত্রিপুরা রাজ্যে যে সমস্ত Co-operativeগুলো আছে সেগুলো অচিরেই বিলুপ্ত হয়ে যাবে। দ্বিতীয় কথা হল Irrigation সম্পর্কে সরকার প্রতি বৎসর বহু টাকাই খরচ করেন। কিন্তু প্রকৃত পক্ষে এ টাকা দিয়ে কৃষকদের কি পরিমাণ উপকার হল, এবং এই জলসেচের দ্বারা কৃষকদের কি পরিমাণ কাজ হল প্রতি বৎসর সে হিসাবটা যদি না দেওয়া হয় তাহলে পরে আমরা বুঝতে পারি না এবং কৃষকরাও বুঝতে পারেনা কৃষকদের উন্নতির জন্য সরকার এই যে কাজ করছেন তাতে তাদের কতদূর উপকার হল।

প্রতিবৎসর এই Irrigation scheme এর মারফতে কি পরিমাণ ভূমিতে জল সরবরাহ করা হল, কোন কোন এলাকাতে সেই জল সরবরাহ করা হল এবং তা দিয়ে কৃষকদের কি পরিমাণ উন্নতি হল তার একটা হিসাব রাখা প্রয়োজন বলে আমি মনে করি। শিল্পের ব্যাপারে আমি বলছি যে দেশের অর্থনৈতিক কাঠামোকে শক্তিশালী করতে হলে আমাদের শিল্পের প্রয়োজন এবং শিল্পকে সমৃদ্ধ করার কোন বিশেষ পরিকল্পনা নেই। কিন্তু ত্রিপুরায় যে ভাবে দিন দিন জনসংখ্যা বৃদ্ধি পাচ্ছে তাতে আমাদের সম্পূর্ণ কৃষির উপর নির্ভর করা সম্ভব নয়। আমাদের ত্রিপুরায় যে সকল বেকার জনসাধারণ আছে তাদেরকে যদি আমরা শিল্পকাজে নিয়োগ করতে পারি তা হলে আমরা ত্রিপুরাকে সুখী এবং সমৃদ্ধ করতে পারি। কিন্তু দেখা যায় ত্রিপুরা সরকার দেশের ঐ সমস্ত বেকার জনসাধারণকে বৃহৎ শিল্পকাজে নিয়োগ করার কোন ব্যবস্থা করেন নি। ফলে আমাদের এ ত্রিপুরার হাজার হাজার লোক বেকার পড়ে আছে।

খাদ্য সম্বন্ধে আমি বলতে চাই যে ত্রিপুরার খাদ্য সমস্যা বর্ত্তমানে প্রধান সমস্যা গত বাজেটের অধিবেশনে আমাদেরকে বলা হয়েছিল যে আপনাদের ত্রিপুরাকে সরকার খাদ্য স্বয়ংসম্পূর্ণ করতে পারবেন। কিন্তু এখন দেখা যাচ্ছে ত্রিপুরার গ্রামে গ্রামে খাদ্যাভাবে বহুলোক মারা যাচ্ছে। কাজেই দেখা যায় সরকারের খাদ্যাভাব মিটানোর এই যে পরিকল্পনা তা সম্পূর্ণ বানচাল হয়ে গিয়েছে। তাই যদি না হতো তা হলে আজকে ত্রিপুরার জনসাধারণের অনাহারে মৃত্যু হচ্ছে কেন। কাজেই আমার বক্তব হচ্ছে এই যে ত্রিপুরা সরকার এ দিকে আরও বেশী নজর দেওয়া দরকার যাতে ত্রিপুরাকে খাদ্য স্বয়ংসম্পূর্ণ করা যায় এবং দেশের কৃষক এবং গরীব জনসাধারণের অর্থনৈতিক মানের আরও বেশী উন্নতি হয়। অমরপুরের অবস্থা যদি আমরা চিন্তা করি তা হলে দেখতে পাই flood protection এর ব্যাপারে সরকার সম্পূর্ণভাবে তা করতে পারেন নি। ফলে প্রতি বৎসর flood এ জনসাধারণের ফসল নষ্ট করে ফেলে। পোকার উপদ্রব হতে যাতে জনসাধারণের ফসল রক্ষা পায় তার কোন ব্যবস্থা সরকার রক্ষা করতে পারেন নি। যার ফলে কৃষকের ধান নষ্ট হয়ে যায় পোকার উপদ্রবে, বন্য হাতীর উপদ্রব হতেও সরকার জনসাধারণকে রক্ষা করতে পারেন নি। ফলে বন্য হাতীরা কৃষকের জুম ফসল নষ্ট করে ফেলে। আমার বক্তব্য হচ্ছে অমরপুরে যেভাবে খাদ্যাভাব দেখা দিয়েছে এবং গ্রামে গ্রামে লোক অনাহারে মারা যাচ্ছে সরকার এদিকে বিশেষ ব্যবস্থা গ্রহণ করা দরকার। তাদের কৃষি ঋণ দেওয়া প্রয়োজন। বীজ বিনা মূল্যে দেওয়া দরকার। সরকার যদি এই ব্যবস্থা গ্রহণ না করেন তাহলে আগামী বৎসর সেখানে অভাব আরও বাড়াবে এবং অনাহারে মৃত্যুর সংখ্যা আরও বৃদ্ধি পাবে। কিন্তু

দেখা যায় এই সমস্ত অবস্থা দেখেও ত্রিপুরা govt. কৃষকের উপর খাজনা ও দাদন loan এবং কৃষি ঋণের notice জারী করেছেন যেখানে অনাহারে মানুষ মারা যাচ্ছে তথায় এই অবস্থায় সরকার যে কিভাবে দাদন loan, কৃষি loan ইত্যাদির উপর notice জারী করছেন তাতে আমি মনে করি সরকার তাদের উপর অমানুষিক ব্যবহার করছেন। সে জন্য আমি মাননীয় speaker এর মাধ্যমে অনুরোধ করব যে, যে সমস্ত notice তাদের উপর জারী করা হয়েছে সেগুলো যেন বন্ধ করা হয় এবং এই ঋণ আদায় স্থগিত রাখা হয়। আমি গত ৬ই এপ্রিল অমরপুরেও Additional S. D. O. এর সাথে দেখা করেছিলাম খাদ্য সমস্যা সম্পর্কে। আমি খুবই আশ্চর্য্য হলাম তিনি সারা অমরপুর Sub-Division এর একজন দায়িত্বশীল ব্যাক্তি এবং তাহার উপরে এই বিরাট এলাকার খাওয়া বাঁচা নির্ভর করে তার সাথে যখন এই এলাকা সম্বন্ধে আলোচনা করতে যাই তখন তিনি তাতে কান দিলেন না। এবং বললেন এ সম্বন্ধে আমি কিছুই জানি না। রাইমা সরমা অঞ্চলে মৃত্যু সম্পর্কে যখন তাঁর সাথে আলোচনা করি তখন তিনি বললেন যে তাতে যে মৃত্যু হয়েছে তাতে আমার করার কিছুই নেই। এ সম্বন্ধে যদি Proper channel এ V. L. W. এর মারফতে আসেন তাহলে আমি বিবেচনা করতে পারি। আমি বুঝতে পারি না যার উপর সারা অমরপুর জনসাধারণের দায়িত্ব নির্ভর করছে সে লোক যদি জনসাধারকে এত অবহেলা করে তাহলে কিভাবে জনসাধারণ তার নিকট সাহায্যের আশা করতে পারে।

Mr. Speaker : I would request the Hon'ble member not to discuss this thing. Because this discussion he might have with S.D.O. There is no means at least to support it with evidence. Because the S. D. O. cannot be present here.

Sri Bulu Kuki—অমরপুরের খাদ্যাভাব সম্বন্ধে B. D. O. এর সাথে আলোচনা করায় তিনি তাহা আগ্রহ সহকারে শুনেছেন এবং তাহা উপলব্ধি করে বলেছেন যে আমার করার তো কিছুই নেই এবং বললেন আমি Higher authority র কাছে Telegraph করব। Telegraphটা লেখাতে হয় অমরপুরে food crisis খুব serious তার ব্যবস্থা করার জন্য। আমি আশা করেছিলাম যে অমরপুরকে দুর্ভিক্ষ এলাকা বলে ঘোষণা করা হবে এবং অনাহারে যে লোক মারা যাচ্ছে তা নিবারণ করার ব্যবস্থা অবলম্বন করা হবে .এবং সেখানকার লোকদের সাহায্য দেওয়া হবে, কিন্তু মাননীয় উপমন্ত্রীর বক্তব্যের মারফতে যা বললেন তিনি

তাতে আমরা সে সম্বন্ধে বেশী কিছু আশা করতে পারি না। আজকে অমরপুরের জনসাধারণ যে কি খাদ্য সঙ্কটে আছে তা আমি এই House এর সম্মুখে ভাষায় ব্যক্ত করতে পারব না।

আমি মাননীয় speaker এর মারফতে অনুরোধ রাখব আপনারা মন্ত্রী মহোদয়গণ যদি অমরপুরের প্রত্যেকটি অঞ্চল পরিদর্শন করে দেখেন তাহলে দেখতে পাবেন যে প্রত্যেক মানুষ সেখানে কি অবস্থায় আছে। আমি reprot পেয়েছি সেখানে কোন এলাকাতে test relief এর কাজ নেই, govt. থেকে control এ ration দেওয়ার ব্যবস্থা আছে, কিন্তু সে ration কিনে খাওার মত সামর্থ্য পর্য্যন্ত তাদের নেই। একমাত্র তাদের পথ আছে জমি বিক্রি করে, গরু বিক্রি করে বা বন্ধক দিয়ে তারা চাউল কিনে খেতে পারে, এ ছাড়া অন্য কোন পথ আজ তাদের নেই। অতএব এদিকে যাতে মন্ত্রী মহোদয়গণ দৃষ্টি দেন সেই অনুরোধ করছি। এই বলে আমি আমার বক্তব্য শেষ করলাম।

Mr. Speaker : I would call on Sri Gopesh Ranjan Deb

Shri Gopesh Ranjan Deb—মাননীয় অধ্যক্ষ মহোদয়, বাজেটে যে Appropriation Bill মাননীয় মন্ত্রী মহোদয় পেশ করেছেন তার সমর্থনে আমার বক্তব্য এখানে রাখব। ত্রিপুরার খাদ্য পরিস্থিতি সম্বন্ধে আমরা আলোচনা করতে গিয়ে দেখি ত্রিপুরা খাদ্যের ব্যপারে ঘাটতি অঞ্চল। বিরোধী পক্ষের মাননীয় সদস্য অমরপুর সম্পর্কে অনেক কথাই বলেছেন। আমরা আরও খোঁজ করলে জানি কৈলাসহর Sub-Division এবং ফটীকরায় অঞ্চলেও খাদ্যাভাব রয়েছে। আমরা আশা করেছিলাম এবং কয়েকদিন আগে এ Houseএও বলেছিলাম যে এবার ত্রিপুরায় বরো ফসল খুব ভাল দেখা যায় এবং এখানে খাদ্যাভাব কিছু পরিমাণে সমাধান করতে পারবো।
কিন্তু দুর্ভাগ্য ত্রিপুরার উপর দিয়ে যে প্রাকৃতিক তাণ্ডবলীলা চলছে এবং একবার, দুবার তিনবার বন্যা হয়ে গেল তাতে ত্রিপুরার মানুষ যে কিভাবে বাঁচবে এ সম্পর্কে বাস্তবিকই চিন্তার কথা। কৈলাসহরে আমরা খবর পেয়েছি যে বরে জমিরা উপরে সাত হাত জল এবং কৈলাসহরের S. D. O. এর নিকট খবর পেয়েছি শতকরা ২৫ ভাগ ফসল পাবেনা। এবং অমরপুরের অবস্থাও বাস্তবিক চিন্তনীয়। কিন্তু একটী কথা হল এই যে মাননীয় সদস্য বলেছেন ত্রিপুরাকে খাদ্যে স্বয়ং সম্পূর্ণ করতে পারব বলে বাজেটে বলা হয়েছে, এমন কোন কথা বাজেটে আছে বলে আমার মনে হয় না। তবে আমরা ত্রিপুরাকে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ করতে পারব বলে আশা করেছিলাম বা এখনো আমরা নিরাশ হয়নি। একটু আগেও মাননীয় সদস্য বলেছেন যে বীজধানের ব্যবস্থা করা হচ্ছে এবং irrigation schemeএর দ্বারা যাতে জল সরবরাহ করা যায়, স্থানে

স্থানে বা বাঁধের দ্বারা জল আটকে রাখা যায় তার ব্যবস্থা করা হচ্ছে। কিছুদিন আগেও, আমাদের মাননীয় মন্ত্রী মহোদয় জোর দিয়ে বলেছেন যে আমাদের ত্রিপুরায় একটি লোকেরও অনাহারে মৃত্যু হতে আমরা দেব না। এ কথার উপরে আমরা ভরসা রাখি এবং তার প্রমাণও আমরা পাচ্ছি। কারণ আমরা জানি যখনই অমরপুরে খাদ্যাভাব হয়েছে তখনই ration shop খোলা হয়েছে এবং মন্ত্রী মহোদয় বলেছেন যে তথায় আরও ration shop খোলা হবে এবং test relief এর কাজ তথায় করা হয়েছে বলে তিনি বলেছেন। যদিও খাদ্যাভাব আছে তা অস্বীকার্য্য নয়, তবে সরকারের সে দিকে দৃষ্টি আছে, আমাদের নিরাশ হওয়া উচিত নয়, এই আমরা মনে করতে পারি। Land Revenue সম্পর্কে বলতে গিয়ে বলেছেন যে হারে খাজনা এবং নজরানা ধার্য্য করা হয়েছে তা লোকে দিতে পারে না। আমি মনে করি এই কোন জমি যদি কোন লোকের কিনতে হয় তাহলে অনেক দাম দিয়ে কিনতে হবে। অতএব সে অনুপাতে জমির উপর যে নজরানা ধার্য্য করা হয়েছে তা অনেক কম। আর খাজনা সম্বন্ধে যদি আমরা চিন্তা করি তাহলে দেখি যে আগে যারা জোতদার ছিল বা মধ্যস্বত্বভোগী ছিল তাদের পক্ষে বেশী হতে পারে। তারা কাণি সরকারকে পিছু চার আনা, ছয় আনা বা আট আনা খাজনা দিয়েছে, কিন্তু আজ সে জমিদার নেই, মধ্যস্বত্বভোগীরা নেই, জোতদার বা প্রজারা কখনো জমিদারকে খাজনা কম দেয় নি বা আজও যে খুব বেশী দিচ্ছে তা নয়। আমরা যদি চিন্তা করি তা হলে দেখব যে তখন জমির Classification ছিলনা। আজ জমির Classification হয়েছে এবং গড়ে খাজনা বাড়ে নি। কৃষি আয়কর বাবত লোকের উপর চাপ দেওয়া হয়েছে বলে যে অভিযোগ আনা হয়েছে তা বলে আমার মনে হয় না। কারণ আমি জানি আমাদের কৈলাসহর Sub division এ এখনো কোন সাধারণ কৃষক Agricultural income tax দিচ্ছে বলে আমার জানা নেই। কাজেই আমার মনে হয় রবিশস্য বা ধান উৎপন্ন করে সে জাতীয় income tax দাতা কৃষক ত্রিপুররাজ্যে খুব কমই আছে। একটা কথা বলা হয়েছে যে অতিরিক্ত tax এর দরুণ জিনিষপত্রের দাম খুব বেড়েছে। আমরা দেখি যে esssential commodities বা food staff এর উপর কোন tax ধার্য্য করা হয়নি বা ডাল, তেল, লবন, চিনি ইত্যাদির উপর ত্রিপুরা রাজ্যে কোন tax ধার্য্য নেই। যে সকল জিনিষ এখানে পাওয়া যায় না সেগুলি কলকাতা ইত্যাদি স্থান থেকে আমাদের এখানে আনতে হয়। কাজেই কলকাতায় যদি কোন জিনিষের দাম বাড়ে তবে স্বাভাবিক ভাবে আমাদের এখানে সে সব জিনিষের দাম বাড়বে। ত্রিপুরাতে এ সমস্ত জিনিষ উৎপন্ন হয় না। কাপড়ের দাম সম্বন্ধে আমি বলব যে কাপড়ের দাম বাড়িয়ে দেওয়া

হয়েছে, প্রত্যেক কাপড়েই ছাপ দেওয়া আছে। তারা সে ছাপ দেখে কিনলেই পারেন। তবে যারা অতিরিক্ত বাবুগিরি করতে যান অর্থাৎ দামী দামী কাপড় কিনতে যান, সেই দামী কাপড়ের দাম বেঁধে দেওয়া হয়নি। সেটা একটু বেশী দাম দিয়ে কিনবেন এতে আবার ভয় পাবার কি আছে।

Mr. Speaker— I would request the Hon'ble Member to let the member speaking go on his discussion

Sri Gopesh Ranjan Deb—আজ আমরা দেখি যেগুলি মাত্র বিলাসিতার দ্রব্য সে গুলির উপরই tax ধার্য্য করা হয়েছে। যারা বিলাশ প্রিয় তারাই এ tax দেবে। তার জন্য গরীব জনসাধারণ অর্থাৎ ত্রিপুরার যে শতকরা ৭৫ভাগ জনসাধারণ গরীব কৃষক তাদের চিন্তার কোন কারণ আমি দেখিনা। যারা সামর্থ তারাই এ tax দিবে। Essential Commodities এর উপর কোন tax ধার্য্য করা হয় নি। Stamp এর দর বেড়েছে, regestration fee বেড়েছে, মাননীয় সদস্য বলেছেন। আমি বলি registration fee বাড়ে নি। Stamp এর দর আমাদের প্রতিবেশী রাষ্ট্র আসামের সঙ্গে সমান করে রাখা হয়েছে। যারা সমর্থ জমি কিনবে তারাই তো Stamp এর দাম দেবে। তার জন্য আমাদের কৃষকভাইদের চিন্তার কোন কারণ নেই। ধান চাল ইত্যাদির দর বেঁধে দেওয়া দরকার মাননীয় সদস্য বলেছেন। কেবল দর বেঁধে দিলেই হবেনা, সেটা নিয়ন্ত্রণ করাও দরকার। তাছাড়া যেখানে চাউলের দর ২৮। ৩০ টাকা হয়েছে সেখানেই সরকার নিয়ন্ত্রিত মূল্যে রেশনের দোকান খোলার ব্যবস্থা করেছেন। যেখানে প্রচুর আমদানীর দরুণ ধান চাউলের দাম কমে যায় সেখানে সরকার থেকে একটা standard রেটে কৃষকের ধান চাউল কিনে procure করা হয়। পাটের দরও ঠিক তাই। যখনই দেখা যায় পাটের দর বেশী আছে, কৃষকরা দু'পয়সা পাচ্ছে তখন সরকার সেটার দিকে লক্ষ্য করেন না। যখন দেখা যায় পাটের দর নেমে যাচ্ছে তখন সরকার Co-operative এর মাধ্যমে বা অন্যান্য Institution এর মাধ্যমে একটা Standard রেটে পাট খরিদ করেন যাতে দর আর নেমে না যায় এবং Standard বজায় থাকে। যেখানে দর কমে গেল সেখানে সরকার কিনবে আর যেখানে দর বেড়ে গেল সেখানে সরকার দিবে এই নীতি আমি উন্নতর বলে মনে করি। কৃষককে শক্তিশালী করতে মাননীয় সদস্য বলেছেন। বাস্তবিকই ত্রিপুরার শতকরা ৭৫ ভাগ হল কৃষিজীবী তার মধ্যে আছে আদিবাসী, জুমিয়া ভাইরা, উদ্বাস্তুরা, তপশীলীরা। তাদের উন্নতির প্রয়োজন তার জন্য বিভিন্ন Department এর Head এ যথেষ্ট টাকা রয়েছে। আমরা জানি Community Development এ যে scheme আছে সেই

Schemeএ টাকা রয়েছে, Tribal welfare এ-তাদের জন্য Scheme রয়েছে, Agriculture Departmentএ তাদের জন্য টাকা রয়েছে এবং বিশেষ করে Landless জুমিয়া এবং উদ্বাস্তু যারা তাদের জন্য চিন্তা করে নানা Head এ নানাভাবে টাকা রয়েছে তাদের সাহায্যের জন্য। ছোট ছোট শিল্প ব্যবস্থায় ত্রিপুরার উন্নতি হবেনা, ভারী শিল্পের প্রয়োজন, তার জন্য মাননীয় মন্ত্রীমণ্ডলী যথেষ্ট চেষ্টা করছেন। আশাকরি শীঘ্রই ত্রিপুরায় paper pulp এবং Sugger mill আসবে আমরা যতদূর পর্য্যন্ত খবর জেনেছি। খনিজ দ্রব্যের অন্বেষণ প্রয়োজন একথা অনেকেই বলেছেন। খনিজ দ্রব্য ত্রিপুরাতে হয়ত কোথাও কোথাও থাকতে পারে এবিষয়ে বিশেষজ্ঞরা পরীক্ষা নিরীক্ষা চালাচ্ছেন। তবে একটা কথা চিন্তা করা প্রয়োজন খনিজদ্রব্য উঠাতে যা অর্থ ও machinery প্রয়োজন, সেটায় তাতে লাভজনক হবে কিনা, এ বিষয়ে পরীক্ষা নিরীক্ষা চল্‌ছে। যদি কোথাও বিস্তর পরিমান খনিজদ্রব্য পাওয়া যায় তবে তাহা উঠানোর জন্য সরকার নিশ্চয়ই ব্যবস্থা করবেন আমি এ আশা রাখি। শিক্ষা দীক্ষায় অনুন্নত শ্রেনীর লোকের ছেলেদের Stipend দেওয়া চাই এ কথা অনেকে বলেছেন। শিক্ষা দীক্ষায় অনুন্নত শ্রেণীর ছাত্রদের শিক্ষার উন্নতি করার জন্য এবং stipend ইত্যাদি দেওয়ার জন্য সরকার scheme করেছেন। যারা Scheduled Tribe এবং Scheduled Caste তাদের লেখাপড়া free, তাদের কোন বেতন লাগেনা এবং তাদেরকে Boarding House Stipendও দেওয়া হচ্ছে স্থানে স্থানে। তবে সব স্কুলে Boarding করা এখনো সম্ভব হয় নাই। যে সব এলাকাতে সরকারী স্কুল Boarding আছে তথায় তারা গিয়ে পড়ে এবং আজও আমরা দেখি মফঃস্বলে প্রায় স্কুলে scheduled tribe এবং scheduled caste student খুব কম। কারণ তারা যেখানে সুযোগ সুবিধা পান সেই সমস্ত স্কুলে গিয়া পড়ে। কিন্তু তার জন্য যে আমাদের পরিকল্পনা নেই তা নয়, দিন দিন আমাদের Boarding এর উন্নতি হবে তার যে পরিকল্পনা সেটা আমাদের এ বাজেটে আছে; তার জন্য সরকারের যে যথেষ্ট চেষ্টা আছে সেই দিক দিয়ে আমি মাননীয় বিরোধী দলের সদস্যদের দৃষ্টি আকর্ষণ করব। নির্দ্দিষ্ট demarcation বাদ দিয়ে যেখানে সেখানে হিসাব করা হয়েছে এবং জুম বন্ধ করা হয়েছে এসব কথা মাননীয় সদস্যারা বলেছেন। আমি বলতে চাই যেখানে যেখানে demarcation করার প্রয়োজন সেখানে রীতিমত তা করা হয়েছে এবং pillar স্থাপন করা হয়েছে। Forest Departmentএর কর্ম্মচারীকে জরিপের কথা বলা হয়েছে। আমি মনে করি এটা সত্য নহে। কারণ কোন কর্ম্মচারী, যিনি Forest Departmentএ আছেন তিনি যদি হিসাব করেন, Plantation একটু বেশী করে করেন তা হলে যে বেতন পাবেন কম করে করলেও সেই বেতন তিনি পাবেন। তবে Govt. এর যে Plan করা আছে সেই Plan অনুসারে তিনি তাহা করতে বাধ্য, সেই অনুসারে তিনি reserve এর demarcation করেছেন এবং স্থানে স্থানে Plantation এর ব্যবস্থা করেছেন। সেই সম্বন্ধে আমি আমার Forest বক্তৃতায় বলেছি যে জুম চাষ বন্ধ করা হয়েছে বলে মাননীয় সদস্যারা যে অভিযোগ করেছেন তাহা সত্য

নহে। ত্রিপুরায় এখনো জুম চাষ বন্ধ করা হয় নাই। একটি কথা বলা হয়েছে যে কলেজে Hostel এর messing grant আসতে একটু দেরী হয়েছে। এটা সত্য কিনা আমি বলতে পারি না। তবে আমি জানি A. G. এর sanction আসতে একটু বিলম্ব হয়। অনেকগুলি জিনিষই ত্রিপুরাতে করতে একটু বিলম্ব ঘটে। গতবৎসর Primary, High and Higher Secondary স্কুলের furniture grant ব্যাপারে এইরূপ দৃষ্টান্ত ঘটে। তাদেরকে বলা হয়েছিল voucher submit কর, voucher submit করলে তোমরা টাকা পাবে। সেই অনুসারে তারা voucher submit করেছে কিন্তু দুর্ভাগ্যের বিষয় ৩১শে মার্চ্চ চলে গেল তাদের সেই grant আসে নাই, নাকি সেটা A G পাঠান নাই। A. G কে যাতে এসব ব্যাপারে তাগিদ দেওয়া হয় বা যথা সময় সব কাজ করা সম্ভব হয় সেদিকে আমি মাননীয় মন্ত্রী-মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করব। Irrigation সম্বন্ধে বলা হয়েছে যে একটা হিসাব দেওয়া চাই। সে সম্বন্ধে আমি বলব এর হিসাব যদি আমরা figureএ না পেয়ে থাকি তবে আমরা বাজেট দেখলে বা পড়লে বুঝব যে Irrigation এ কোন কাজ হয়েছে কিনা, সেটা আমরা অনুমান করতে পারব। যদি আগামী বৎসর মাননীয় মন্ত্রী মহোদয় এ সম্পর্কে একটা হিসাব দেন তা হলে সেটা আমরা জানতে পারব। কিন্তু সাধারণ ভাবে এটা অনুমান করতে পারি এ বাজেটে Irrigation-এর দ্বারা কি কাজ হয়েছে এবং জনসাধারণের কিরূপ উপকার হয়েছে। আমরা জানি ত্রিপুরাতে ছোট ছোট irrigation-এর এবং drain-এর অনেক উন্নতি হয়েছে এটা অস্বীকার করা যায় না। না খেয়ে ত্রিপুরার মানুষের মৃত্যু হয়েছে বলে বলা হয়েছে। ত্রিপুরার কোন লোক অনাহারে মারা গিয়াছে বলে আমাদের জানা নাই। মৃত্যু হতে পারে, মানুষ পৃথিবীতে অমর নয়। কাজেই কারো যদি মৃত্যু হয়ে থাকে তার রোগ ব্যাধির জন্যই হয়েছে। খাজনা এবং দাদনের জন্য notice জারী করেছে বলা হয়েছে। যে খাজনা দেয় না তার থেকে খাজনা আদায় করা এটা স্বতঃসিদ্ধ। কিন্তু যে দিতে পারে না অক্ষম তার উপর খাজনা আদায়ের জন্য জুলুম করা, গরু, মহিষ ছিনাইয়া আনা, এ রকম করা হয়েছে বলে আমি মনে করিনা। হয়ত যে দিতে সমর্থ কিন্তু না দেওয়ার ভান করে বসে থাকে তার উপর সে রকম জুলুম হতে পারে কিন্তু অসমর্থ ব্যক্তির উপর সে রকম জুলুম হয়েছে বলে আমার জানা নাই এবং প্রত্যেক এলাকাতে এখনো আমরা দেখছি যে সমর্থতার উপর আদায় করেছে আর যে অসমর্থ তাকে সময় দেওয়া হচ্ছে। আমাদের মাননীয় মন্ত্রী মহোদয় এ সম্পর্কে বলেছেন যে ত্রিপুরার একটি লোককেও আমরা অনাহারে মৃত্যু হতে দিবনা। এর চেয়ে আমরা কি বেশী আশা করতে পারি ?

Opposition :—Disturbance.

Mr. Speaker :—I would remind the Hon'ble members again that the Hon'ble member speaking with the permission of the Speaker,

should be allowed to speak unless otherwise he is asked to sit down.

Shri Gopesh Ranjan Deb :—Public Works Deptt.-এর মারফতে ত্রিপুরার অনেক কাজকর্ম্ম হয়েছে। তবে আমি একটা রাস্তা সম্বন্ধে মাননীয় মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করব। ফটিকরায় থেকে রাতাছড়া, কাঞ্চনবাড়ী, ধুমাছড়া হয়ে মনু পর্য্যন্ত একটা রাস্তা হলে এখানে যে একটি অঞ্চল তথায় বিশেষ ভাবে উপকৃত হয়। এইজন্য মাননীয় মন্ত্রী মহোদয়কে অনুরোধ করছি। আশা করি আগামী বৎসর এই ব্যাপারে চেষ্টা চলবে। সুতরাং Appropriation Bill রাখা হয়েছে বাজেট সম্পর্কে তার প্রতি সমর্থন রেখে আমি আমার বক্তব্য শেষ করলাম।

Mr. Speaker :—Shri Atiqul Islam.

শ্রীআতিকুল ইসলাম : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমরা অমরপুরে খাদ্যাভাব সম্পর্কে মাননীয় মন্ত্রী মহোদয়ের নিকট হতে যে বক্তব্য শুনেছি তাতে বুঝা যাচ্ছে তিনি তাহা খুব লঘু করে দেখেছেন। মানুষ যে অনাহারে মরেছে সেটা তিনি স্বীকারই করতে পারছেন না। মানুষ যে অনাহারে মরে সেটা তারা hunger strike করে আস্তে আস্তে মরেনা, দুর্ভিক্ষে লতা, পাতা আলু ইত্যাদি নানা রকম অখাদ্য খেয়ে অসুস্থ হয়ে মারা যায়। মানুষ অনাহারে মরেছে সেটা ডাক্তারী পরীক্ষায় জানা যেতে না পারে, কিন্তু তারা না খেয়ে তিলে তিলে যন্ত্রনা ভোগ করে তার পরেই মরেছে। কিন্তু আপনারা সেটা শুনছেননা, কেন শুনছেন না, কারণ তা আপনারা খোঁজ করে দেখছেন না। শুধু অমরপুরেতেই যে খাদ্য সঙ্কট তা নয়, সারা ত্রিপুরা রাজ্যেই সেই খাদ্যাভাব আজ বিরাজমান। আপনারা যদি সেই দুর্ভিক্ষের পদধ্বনি শুনতে না পান তারজন্য আমরা দায়ী নই কিন্তু আমরা তা শুনেছি। এমন কি আগরতলাতেই খাদ্যাভাব দেখা দিয়েছে। এখানে চাউলের দর ৩০ টাকার উপরে উঠেছে। এক মাসের মধ্যে চাউলের দর ৪০ থেকে ৫০ টাকার মধ্যে উঠে যাবে, এতে অসম্ভবের কিছুই নেই। আমরা জানি যে ত্রিপুরা খাদ্যের দিক দিয়ে ঘাটতি অঞ্চল এবং centre থেকে কি পাবো না পাবো সেটার কোন guarantee নেই এবং সেটা জানিয়েও দিয়েছেন যে তোমরা কি পাবে না পাবে তার কোন নিশ্চয়তা নেই এবং গতবার যা পেয়েছ তার থেকে কমও পেতে পার। এটা তাদের information কাজেই সঙ্কট অত্যন্ত তীব্র। আমরা যদি সব দিক দিয়ে সাবধান না হই, গুরুত্ব না দেই বা লক্ষ্য না রাখি তা হলে এ খাদ্য সঙ্কটকে আমরা এরাতে পারবনা। কাজেই আমি অনুরোধ করব আপনারা এ দিক দিয়ে চিন্তা করুন, গুরুত্ব দিন, ভাবুন। কারণ এটা শুধু test relief দিয়ে হবেনা। এই খাদ্য সঙ্কটকে দূর করার জন্য আরও ব্যবস্থা অবলম্বন করুন। কাজেই খাদ্য সঙ্কট সম্বন্ধে আমি শুধু এ কথাই বলতে চাই আপনারা এ সম্পর্কে যদি আরও যথেষ্ট গুরুত্ব না দেন, সারা ত্রিপুরায় যে ভাবে উদ্বাস্তু ভাইয়েরা আসছে আপনারা সেই সমস্যাকে সামাল দিতে পারবেন না। আমি অনুরোধ করব আগরতলা সহরে বর্ত্তমানে

চাউলের যে quota দেওয়া হয় তাহা যেন বাড়িয়ে দেওয়া হয় এবং সারা ত্রিপুরাতে চাউলের যে quota দেওয়া হয় সেই quotaকে আরও বাড়িয়ে না দিলে খাদ্যের দরকে আমরা নামাতে পারবনা। মাননীয় অধ্যক্ষ মহোদয় আমি অন্য একটী discussion-এ চলে যাচ্ছি। আমি গত কয়েক দিনে বিভিন্ন Department সম্পর্কে বিভিন্ন তথ্য House এ উপস্থিত করেছি। আমি সেই সমস্ত তথ্যের পুনরাবৃত্তি করতে চাইনে। আমি একটা Department সম্পর্কে আপনাদের সামনে কতগুলি তথ্য তুলতে চাই। কারণ সেই Department এ শুধু শুধু অর্থের অপচয় হচ্ছে এবং খুব nepotism বা স্বজন পোষণ হচ্ছে। সেটা হচ্ছে Publicity Department. Publicity Department তার নিজস্ব photographer, enlarging instrument, photo printing paper, darkroom assistant ইত্যাদি সমস্ত কিছু থাকা সত্বেও তারা বাইরের photographer দিয়ে ফটো তোলান এবং তার জন্য ১০ হাজার টাকার মত খরচ হয়ে থাকে। এটা আমরা করব কেন ? আমাদের সমস্ত instrument থাকা সত্বেও আমরা বাইরের থেকে কেন সেটা করব এবং এভাবে কেন টাকা অপচয় করব ? সেদিকে আপনাদের লক্ষ্য দেওয়া উচিত। Publicityতে একটা Movee film ক্যামেরা আছে, সেই Movee film ক্যামেরা নানা অনুষ্ঠানের ছবি তুলে থাকে। কিন্তু সেই ছবি আজ পর্য্যন্ত কোথাও দেখানো হয়েছে বলে আমি জানি না। আগরতলার কোন সিনেমা হলে বা অন্য কোথাও আজ পর্য্যন্ত এইগুলি দেখতে পাইনি। না দেখানো হলে এগুলো কেন তোলা হয় ? যদি Publicকে দেখানো না হয় তবে তা তোলার কি স্বার্থকতা থাকতে পারে ? এভাবে বহু টাকার অপচয় হচ্ছে।

Publicity Department থেকে যে সমস্ত বিজ্ঞাপন বিলি করা হয় সে সম্পর্কে কয়েকটা ঘটনা আমি বলতে চাই—

Ruling party :—Discussed already.

Shri Atiqul Islam : – No, I shall raise a need thing. However, if I am permitted, Sir, I may tell it.

Mr. Speaker :— Is it a new fact ?

Shri Atikul Islam :— Yes Sir, I hope that I am in possession of certain new facts. আমি এখানে বলতে চাচ্ছি যে আমরা এখানে জাগরণ পত্রিকাকে বিজ্ঞাপন দেইনা, কারণ কি ? না দেওয়ার কারণ এটা সাম্প্রদায়িক পত্রিকা। যদি সাম্প্রদায়িক পত্রিকাতে আমরা বিজ্ঞাপন না দিয়া থাকি সেটা আলাদা কথা। কিন্তু আমরা জানি Calcutta র যে "স্বস্তিকা" পত্রিকা তাতে আমরা বিজ্ঞাপন দিয়ে থাকি। "স্বস্তিকা" পত্রিকাটা কি ? সেটা সাম্প্রদায়িক পত্রিকা নয় কি ? সেটাতে বিজ্ঞাপন দেওয়া হয় কি ভাবে। যখন আমরা আগরতলার পত্রিকাতে বিজ্ঞাপন দেই তখন আমরা Ratio ঠিক করে দেই।

বাইরের পত্রিকাতে যখন বিজ্ঞাপন দেই তখন আমরা এক পৃষ্ঠা কথার জন্য এক পৃষ্ঠা বিজ্ঞাপন দিয়ে থাকি। আর এখানকার পত্রিকাতে যখন বিজ্ঞাপন দেই তখন তিন পৃষ্ঠা সরকারী লেখার জন্য বিজ্ঞাপন এক পৃষ্ঠা দিয়ে থাকি। এক জায়গায় double principle বা policy কেন? বাইরের পত্রিকাতে এক নিয়ম আর আগরতলার পত্রিকাতে আর এক নিয়ম হবে কেন? আমি এমনও শুনেছি যে সমস্ত পত্রিকা list ভুক্ত বা যে সমস্ত পত্রিকা বিজ্ঞাপন পেয়ে থাকে সেই সমস্ত পত্রিকাকে এমন বলা হয়ে থাকে যে আমার সাথে ব্যবস্থা কর, ব্যবস্থা না করলে পরে বিজ্ঞাপন দেওয়া হবে না। এই সমস্ত আপত্তিকর প্রস্তাবে রাজী না হওয়াতে কোন কোন পত্রিকা বিজ্ঞাপন পায় না। প্রচার দপ্তরের আর একটা কীর্তি শুনুন। আমরা যখন বাইরের পত্রিকায় বিজ্ঞাপন দেই, তার জন্য আমরা টাকা দেই। যেমন আমরা প্রতিরক্ষার ব্যাপারে কোন বিজ্ঞাপনের "জাতির এই সংকটে আপনি কি দিয়ে সাহায্য করতে পারেন" জন্য বাহিরের পত্রিকাতে দিলাম এবং তার জন্য প্রচুর অর্থ খরচ করলাম, কিন্তু যখন সেই বিজ্ঞাপন আগরতলায় দিলাম তখন বললাম এই বিজ্ঞাপন তোমরা বিনা খরচায় ছাপতে হবে, কোন টাকা পাবেনা। তাদের উপর force করা হল এবং তাদের বিনা পয়সায় ছাপতে বাধ্য করা হল। এখন কথা হল বাহিরের পত্রিকায় যখন দিলাম, পয়সা দিলাম আর যখন আগরতলার পত্রিকায় দিলাম তখন বললাম বিনা পয়সায় ছাপতে হবে। এই যে double principle, সেটা কেন হবে? আমরা কলকাতার এমন সব পত্রিকায় বিজ্ঞাপন দেই, যেগুলো এখানে আসেই না বা তার প্রচারও তেমন নাই। যেমন ধরুন কলকাতার সাপ্তাহিক পত্রিকা "জনবাণী", তাতে আমরা বিজ্ঞাপন দিয়ে থাকি। কলকাতার বড় বড় পত্রিকা যেমন আনন্দবাজার, যুগান্তর থাকা সত্বেও এই সাপ্তাহিক পত্রিকায় বিজ্ঞাপন দেওয়ার কোন প্রয়োজনই নেই। এটা কেন হবে? Publicity Department এ এভাবে যে অর্থের অপচয় হচ্ছে সেদিকে যদি আপনারা লক্ষ্য না দেন তাহলে সেই Department এর এই corruptionকে বন্ধ করতে পারবেন না।

আমরা যখন Vehicle সম্পর্কে আলোচনা করি তখন আমাদের এখানে বলা হয়েছে যে 31st December, 1964 এর পর্য্যন্ত পুরাণো গাড়ীগুলিকে time দেওয়া হয়েছে এবং তারপর নূতন গাড়ী আমরা সেখানে replace করব।

যাদের পুরাণো গাড়ী আছে তারা এ সময়ের মধ্যে টাকা যোগাড় করে নূতন গাড়ী কিনতে পারবে, ফলে তারা ভাতে মারা যাবে না। এই ছিল সেই announcement এর উদ্দেশ্য এবং আমরাও এটা বাঞ্ছনীয় মনে করেছিলাম। পুরাণো গাড়ীর যারা মালিক তাদের থেকে নূতন গাড়ীর জন্য বহু petition pending পড়ে আছে। কাজেই আমি আশা করব নূতন licence যখন দেওয়া হবে তখন যাদের পুরাণো গাড়ী আছে তাদের case গুলো আগে বিবেচনা করা হবে।

কিন্তু আশ্চর্য্যের বিষয় এই যে ইতিমধ্যে কতগুলো licence দেওয়া হয়ে গেছে। A. T. T. O. A. অর্থাৎ All Tripura Truck Owners Association ও Hind Transport কে ৫টি ৫টি করে ১০টি lience issue করা হয়েছে এবং বলে দেওয়া হয়েছে যে যারা তোমাদের member বা friends তাদের মধ্যে বন্টন করে দাও। এটা কি করে হল? যেখানে আমরা বলেছি যে 31st December পর্য্যন্ত আমরা অপেক্ষা করব এবং যাদের পুরাণো গাড়ী আছে তাদের licence issue করার preference দেব তা না করে আগেই licence issue করলাম। যে Motor Vehicle Act আছে সেই Act অনুযায়ী আপনারা এরূপ কাজ করতে পারেন না। সেখানে যে Rules and procedure আছে সেইগুলো observe করে licence issue করতে হবে। কিন্তু তা না করেই খুশীমত আপনারা licnce issue করে ফেললেন। কিন্তু এদিকে বলে বেড়ালেন যে 31st December এর পর আমরা এগুলো বিবেচনা করব। তারপর গাড়ী replacement এর কথা বলেছিলাম। কারণ যে গাড়ীগুলি পুরাণো condemned সেই গাড়ীগুলির পরিবর্ত্তে নূতন গাড়ী আমরা আনতে চেয়েছিলাম। এ হচ্ছে উদ্দেশ্য। কিন্তু সেখানে কি করা হচ্ছে? করা হচ্ছে এই যে যাকে আমরা নূতন গাড়ীর জন্য Licence দেবো তার যে পুরাণো গাড়ীটা সেটা একটা ভিন্ন Road এ চালানোর জন্য Licence দেওয়া হইবে। কাজেই আমার কি লাভটা হলো? Replacement করতে আমরা গেলাম কেন? Replacement এর Purpose হচ্ছে এই যে এ গাড়ী-গুলিকে আর চলতে দেওয়া যায় না। এ গাড়ীগুলি Serviceable নয়। কাজেই এগুলিকে আমরা পরিবর্ত্তন করছি। আর এখানে করা হচ্ছে এই যে নূতন গাড়ীর জন্য Licence দিলাম কিন্তু সঙ্গে সঙ্গে পুরাণো ভাঙ্গা Condemned গাড়ীর জন্যও একটা Fresh Licence দিয়ে দিলাম অন্য রাস্তায় চালানোর জন্য। এতে তো কোন Purpose Serve হ'ল না। এতে তো Replacement এর কোন উদ্দেশ্য থাকে না। আমরা একটা আদেশ জারী করেছি; Suspension of new registration of public carrier; যার ফলে Truck এর নূতন Licence আর দেওয়া হচ্ছে না। কিন্তু এর ফলটা কি হবে ভেবে দেখেছেন কি? ইচ্ছে করলেই নূতন Truck আমি কিনতে পারব না। ১২ বৎসর অপেক্ষা করতে হবে। তারপর তা আমি কিনতে পারবো এখন আমাদের যা রাস্তা তাতে গাড়ী খুব বেশীদিন চলে না। গাড়ী টিকে না। কিছুদিনের মধ্যেই Unserviceable হয়ে যায়। বর্ত্তমানে আমাদের এখানে খুব সম্ভবত ৭০০ ট্রাক আছে। তার মধ্যে বোধহয় ২০০ গাড়ী Serviceable। বাকী যে Truck গুলি সেগুলি খুব বেশীদিন আর টিকবে না। কাজেই কিছুদিন পর আমরা দেখব যে Truck এর খুব অভাব। এখন ই Truck এর ভাড়া খুব বেশী। মাল নেওয়া আনার জন্য Truck পাওয়া যায় না। কারণ সব Truck সব জায়গায় যায় না। কাজেই এখন যদি আমরা Truck এর Licence না দেই, হয়তো ৫।৬

মাস পরে বললাম যে এখন Truck এর Licence দেবো। কিন্তু তখন আর আমি Truck পাচ্ছি না। কারণ Truck কিনতে আমার দীর্ঘদিন লাগবে এবং সেই period টাতে Truck এর একটা প্রচণ্ড crisis দেখা দেবে। কাজেই এদিকে আমাদের এখনই দৃষ্টি দিতে হবে। তা না হলে ১ বৎসর পরে যদি আমরা বলি যে Truck এর জন্য Licence দেওয়া হবে তখন আমরা Truck পাবোনা। ফলে Public অত্যন্ত অসুবিধায় পড়ে যাবে।

আমি Air Service সম্পর্কে একটু আলোচনা করতে চাই। কারণ ত্রিপুরার সঙ্গে কলকাতার একমাত্র যোগাযোগ হচ্ছে এই Air Service, এই Air Service এর ভাড়া অত্যন্ত বেশী। এবং Service ও কমিয়ে দেওয়া হয়েছে। আগে Fokker friendship ছিল। এখন সেটাও নাই। ফলে আমরা যদি Ticket Book করতে যাই তাহলে ৩।৪ দিন বা ৭ দিন wait করতে হয়। তার আগে; আমরা টিকিট পাই না। এই বিষয়ে আমি মাননীয় Speaker এর মারফৎ মাননীয় মন্ত্রীমণ্ডীলর দৃষ্টি আকর্ষণ করছি। এবং এই টিকিটের হার যাতে কমানো হয় এবং Number of service যাতে বাড়ানো হয় সেই দিকেও দৃষ্টি আকর্ষণ করছি। বর্তমানে টিকিটের হার অত্যন্ত বেশী। Fokker Friendship হবে না Dukota হবে সেটা উনারা ঠিক করবেন। কিন্তু আমার কথা হচ্ছে Number of service বাড়ানো একান্ত প্রয়োজন। কাজেই আমি মাননীয় Speaker এর মারফৎ মন্ত্রীমণ্ডলীকে অনুরোধ করছি, উনারা যেন এ বিষয়টি Central এর সঙ্গে আলোচনা করেন। তা না হলে ত্রিপুরার লোকের বাঁচার কোন উপায় নেই। আমাদের আর কোন রাস্তা নেই। তারপর Frieght সম্পর্কে বলছি। এই Frieght অত্যন্ত Irregular, ফলে মাল আনার খুবই অসুবিধা হয়। জিনিষের দাম বেড়ে যায়। কারণ ব্যবসাদাররা এর সুযোগ গ্রহণ করে জিনিষের দাম বাড়িয়ে দেয়। ফলে ত্রিপুরার জনসাধারণের খুব অসুবিধা হয়। সুতরাং এ বিষয়টিও Central Govt. এর সঙ্গে আপনাদের আলোচনা করা উচিৎ। আমি অনুরোধ করছি যে Central এর সঙ্গে Take up করে এই Frieght কে Regular স্তরে নিয়ে আসার ব্যবস্থা আপনারা করুন। তারপর vehicles সম্পর্কে আমি একটি বিষয়ে বলতে চাই যে ত্রিপুরার জন্য একটা quota নির্দিষ্ট আছে। Taxi হক বা অন্য কিছু হক তার জন্য একটা quota আছে। সেই quota সাধারণতঃ publicরা পায় না। officerরা পেয়ে থাকেন। এই রকম যদি কোন Rule থেকে থাকে তবে তা সংগত নয়। সেটাকে সংশোধন করা উচিৎ। Others, centpercent এর মধ্যে ১% ও পায় কিনা সন্দেহ। এগুলি আমরা করেছি। Publicity ও vehicles সম্পর্কে আমি যা বললাম সেগুলি চলতে দেওয়া উচিৎ নয়। আমরা vehicles সম্পর্কে এত কথা বললাম আর গোপনে গোপনে licence দিয়ে দিলাম সমস্ত আইন কানুনকে অস্বীকার করে। সেটা অত্যন্ত অনুচিত। এবং এগুলি Responsible officer ও Responsible Deptt. থেকে আমি আশাই করতে পারি না। এ কি করে সম্ভব হয়। আমি সব শেষে শুধু এই বলতে চাই যে আমাদের

বাজেট অধিবেশন শেষ হয়ে এলো এবং এতদিন পর্য্যন্ত আমরা যে কথাবার্ত্তা বলছিলাম তাও শেষ করে আজকে আমরা দেখছি যে সাধারণ মানুষের মধ্যে দেশকে গড়বার একটা প্রচণ্ড আগ্রহ জন্মেছে। তারা সারা ভারতকে সারা ত্রিপুরাকে একটা সুখী দেশ করে গড়ে তুলতে চায়। আমরা লক্ষ্য করেছি যে ভুবনেশ্বর কংগ্রেসের আগে জয়পুরে A. I. C C. Draft Resolutions যখন বিভিন্ন P. C. C. তে পাঠানো হয় তখন সমস্ত P. C. C. এবং D. C. সেগুলি নিয়ে আলোচনা করে। সেখানে আমরা লক্ষ্য করেছি যে কি রকম radical resolution তারা নিয়েছেন। তারা Bank nationalisation, Stock exchanger nationalisation, Export, Import nationalisation এর প্রস্তাব তারা নিয়েছে এবং তারা এমন প্রস্তাবও নিয়েছেন যে Personal Income এর উপর ceiling করে দেওয়া হক। অনেক জিলা কংগ্রেস কমিটি এমন প্রস্তাবও নিয়েছেন যে সমস্ত f reign capital and trade all key industries জাতীয়করণ করা হোক। Privy purses বন্ধ করার প্রস্তাবও অনেক P.C.C. নিয়েছেন। কাজেই কংগ্রেসের মধ্যেও এমন একটি শক্তি আমরা দেখেছি যারা বলেছেন যে তোমরা বর্ত্তমানে যে পথে চলছে সে পথ পথ নয়। সে পথকে পরিবর্ত্তন করতে হবে। সে শক্তি এখনও খুব শক্ত হয়ে দাঁড়ায় নি। যদিও সে শক্তি ভুবনেশ্বর কংগ্রেসের মধ্যে দিয়া নেতৃত্বের কাছে কোন পাত্তা পায় নি কিন্তু তাদেরে আপনারা খুব বেশী দিন দাবিয়ে রাখতে পারবেন বলে আমার মনে হয় না। যে শক্তি আজকে মাথা চাড়া দিয়ে উঠছে কংগ্রেসের মধ্যেও কংগ্রেসের বাইরে আমি সে শক্তিকে অভিনন্দন জানাই। আমি আপনাদেরে যারা দেশকে গড়তে চান তাদেরে অনুরোধ করব যে আসুন আমরা একসঙ্গে এই প্রতিক্রিয়ার বিরুদ্ধে দাঁড়াই এবং লড়ি এবং বলি তোমরা আজ যে পথে চলেছ সে পথে দেশের সুখ ও শান্তি আসতে পারে না। সে পথে দেশ সমৃদ্ধশালী হয়ে উঠতে পারে না। সে পথ পাল্টাতে হবে। Bank nationalisation, Export, Import nationalisation all these Demands—আসুন আমরা একসঙ্গে দাড়াই এক সঙ্গে লড়ি। তাহলে আজকে যারা প্রতিক্রিয়াশীল হয়ে আমাদের পথে বাধা দিচ্ছে তাদেরে আমরা হটাতে পারবো।

Mr. Speaker :— I would now call on Shri Krishnadas Bhattacharjee.

Shri Krishnadas Bhattacharjee :— মাননীয় অধ্যক্ষ মহোদয় Appropriation Bill এর উপরে যে discussion আরম্ভ হয়েছে সেই সম্পর্কে আমিও কিছু বক্তব্য রাখছি। প্রথমতঃ ত্রিপুরার যে ভয়াবহ খাদ্য পরিস্থিতি সে সম্পর্কে মাননীয় বিরোধী পক্ষের সদস্যগণ অনেক কিছু বলছেন এবং আমাদের সংখ্যাগরিষ্ট দলের সদস্যরাও বলেছেন যে ত্রিপুরাতে খাদ্যের অভাব আছে। এটা আরো কিছু দিন থাকবে। থাকাটা স্বাভাবিক। এমন কথা আমরা বলি না বা কোন মন্ত্রীমহোদয় বলেন নি যে খাদ্যের অভাব একদিনেই মিটিয়ে দেবেন।

ক্রমশঃ অভাব মেটাবার দিকে অগ্রসর হচ্ছে। আশা করি ধীরে ধীরে সেটা হবে। বর্ত্তমান পরিস্থিতি সম্পর্কে বলতে গিয়ে কোন কোন সদস্য বলেছেন যে মানুষ অনাহারে মরছে। এ সম্পর্কে আমাদের মন্ত্রীমহোদয় বলেছেন যে মানুষ অনাহারে মরছে এমন কোন Record আমাদের হাতে নেই এবং মানুষযাতে অনাহারে না মরে বা মরতে না পারে এমন গ্যারান্টি তিনি দিয়েছেন। এটা ত্রিপুরা সরকারের পক্ষ থেকে আমাদের ত্রিপুরার মন্ত্রী মহোদয়গণ দিয়েছেন। তেমনি আবার ভারত রাষ্ট্রের পক্ষ থেকে Central Govt. এর যে মন্ত্রী মহোদয়রা আছেন তারা ও একথা বলেন যে আমাদের এই রাষ্ট্রে কাউকে অনাহারে মরতে দেবনা। এই কথা তারা বার বার বলেছেন। অতএব সেই দিক থেকে যদি আমাদের এখানে খাদ্যের অভাব হয় তা হলে যে সেই খাদ্যশস্য আসবে না, এই জাতীয় একটা আশঙ্কা করা উচিত হবে না। যদিও একটা শপথ ওরা দিয়েছেন যে সে পরিমাণ খাদ্য হয়তো নাও আমদানী করা যেতে পারে ; কিন্তু যদি অবস্থা এমন দাঁড়ায় যে খাদ্যশস্য আমদানী করতেই হবে তাহলে সেটা না করে উপায় নাই এবং কেন্দ্রীয় সরকারকে তা করতেই হবে। এবং যে গ্যারান্টি আমাদের কেন্দ্রীয় সরকার ও রাজ্য সরকার দিয়েছেন যে একটি লোক না খেয়ে মরবে না সেই গ্যারান্টি তারা নিশ্চয়ই রাখবেন। তার জন্য প্রয়োজন হলে বর্ম্মা থেকে বা যেখান থেকেই হউক চাউল তারা আনবেন এবং আমাদের এখানে বিলি করার ব্যবস্থা করবেন। আসল কথা হলো যেখানে নাকি খাদ্যের অভাব দেখা দিয়েছে অনাবৃষ্টি ও প্লাবনের দরুন সেখানে Ration shop খোলা হচ্ছে। যেখানে চাউলের দর বৃদ্ধি পাচ্ছে সেখানে Ration shop খোলা হচ্ছে। এখন কথা হলো এই যে, সেই চাউল কেনার মত আর্থিক অবস্থা হয়তো অনেকেরই নেই। সে হল আসল কথা। ত্রিপুরায় এসব আজ নূতন নয়। প্রতি বৎসরই ত্রিপুরাতে এই রকম একটা অবস্থা আসে। রাইমা সরমাতে এইরূপ একটি অবস্থা এসেছিল, জম্পাইতেও হয়েছিল গতবারের আগের বার, এবারও হয়ত আসবে কোন কোন জায়গায়। কিন্তু তারজন্য সরকারও অবশ্য একটা ব্যবস্থা করেন। Test relief দেন, দরকার হলে rice air dropping করেন। সুতরাং সেদিক থেকে সরকারও নিশ্চিন্ত থাকেন না। অমরপুরে যে অঞ্চলে অভাব দেখা দিয়েছে তারজন্য সরকার test reliefএর কাজ আরম্ভ করে দিয়েছেন। তবে একটা কথা হল যে আমাদের দারিদ্রতার কারণ অনেকগুলি। কারণ যে দেশে রাস্তাঘাট করার জন্য aeroplane করে বাইরের থেকে লোক আনতে হয় সে দেশের অর্থনৈতিক অবস্থার অবনতি হওয়া স্বাভাবিক। কারণ আমাদের এখানে এত লোক থাকা সত্ত্বেও কোন রাস্তাঘাট করতে হলে বিহার থেকে Contractor আনতে হয় বা অন্য কোন Contractএর জন্য। সেটা অত্যন্ত দুঃখের কথা। কাজেই আমি বলব যে যে এলাকায় কাজ হয় সেই এলাকার যে যে শ্রমিক আছে তাদের দিয়ে যাতে কাজ করানো হয় তা হলে তারা উৎসাহ পাবে, অর্থনৈতিক অবস্থাও উন্নত হবে এবং দারিদ্রতাও দূর হবে। যারা ঐসব দেশে গরীব আছে তারা এখানে এসে তাদের অবস্থা ভাল করতে কাজ করে আর আমাদের এখানের

শ্রমিকরা কাজ করতে পারবেনা এটা ভাল কথা নয়। আমাদের এখানে যথেষ্ট কাজ আছে বা যথেষ্ট কাজ পাওয়া যায়। একটা কথা আছে দা হাতে নিলেই নাকি ৩॥• টাকা রোজগার হয়। সুতরাং যারা দা বা কোদাল হাতে নিতে পারে তাদের কাজের অভাব আছে বলে ত্রিপুরাতে আমি মনে করি না। কোটি কোটি রাস্তাঘাটের জন্য খরচ হয়। এই কাজে যদি তারা যোগদান করে তাহলে তাদের অর্থনৈতিক অবস্থা স্বচ্ছল হতে পারে। নিত্য প্রয়োজনীয় জিনিষের দর বাড়ছে এবং একজন মাননীয় সদস্য বলেছেন যে কাপড়, চিনি ইত্যাদির সর্বোচ্চ দর বেঁধে দেওয়ার জন্য। কতগুলো জিনিষ আছে যেগুলোর সর্বোচ্চ দর বেঁধে দেওয়া হয়নি। কাপড় মিলে দর বেঁধে দেওয়া হয় এবং সেই দেখে সবাই কিনতে পারে। চিনিও মিল থেকে দর বেঁধে দেওয়া হয়। তারপর এখানে আসার পর Civil Supply Department থেকে তাদের যে দর পড়ল বা paid করল সেই অনুযায়ী একটা দর বেঁধে দেওয়া হয় এবং সেই দরে বিক্রি হয়। এবং তার থেকে বেশী দরে বিক্রি করলে তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হয়। মাননীয় সদস্যরা যদি কেউ জানেন যে সেই দরের থেকে বেশী দরে বিক্রি করা হয়, তাহলে সেই লোকের নাম বলুন তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে। খনিজ দ্রব্য সম্বন্ধে বলেছেন যে এখানে বহু খনিজ দ্রব্য আছে এগুলো অনুসন্ধান করে বের করা দরকার কিন্তু তা খুবই ব্যয়সাধ্য। আপনারা জানেন কিছুদিন আগে এখানে তৈলের খনি আছে বলা হয়েছিল। তখন B. O. C. কোম্পানী থেকে অনুসন্ধান করে তারা যা বলল আমরা তৈল পেলামনা আর যা আছে তা economic নয়। তখন তারা তাদের লোকজন নিয়ে চলে গিয়েছে। তারপর অবশ্য হালছেড়ে দেওয়া হয়নি। আমি যতটুকু জানি আমাদের মন্ত্রীমণ্ডলী দিল্লীতে গিয়ে survey of India একটা Permanent party এখানে রাখবার জন্য অনুরোধ জানিয়েছিলেন। Central Govt. তাতে বোধ হয় রাজী হয়েছেন কি রাজী হবেন, যার দ্বারা সমস্ত ত্রিপুরাকে Survey of Indiaর party কে দিয়ে su·vey করা হবে। তখন যদি কিছু পাওয়া যায় এবং সেটা যদি economic হয় তাহলে নিশ্চয়ই হবে। কারণ খণিজ দ্রব্য যদি পাওয়া যায় এবং তা অর্থনৈতিক দিক দিয়ে লাভবান হয় তবে সেটা পড়ে থাকার কথা নয়।

Co-operative Act সম্বন্ধে বলেছেন যে Bombay Co-perative Actই এখানে প্রযোজ্য নয়। যে দেশে Co-operative সবচেয়ে বেশী successful হয়েছে, সেইগুলো হল বিশেষ করে Bombay এবং Madras। সেখানে যে আইনটি প্রযোজ্য হয়েছে suitable নয় সেটা আমি স্বীকার করতে পারিনা, Bombay Co-operative Act আমাদের ত্রিপুরায় প্রযোজ্য নয় একথা বলেছেন মাননীয় সদস্য শ্রী বুলু কুকী। তার এ ধারনা কি করে হল আমি জানিনা। বিভিন্ন রকম Loan এর যে আদায় পদ্ধতি সেটা ভালভাবে চিন্তা করে স্থির

করা হয়েছে এবং সেই পদ্ধতি অনুসারে আদায় না করলে টাকা মার যাওয়ার সম্ভাবনা এবং সেইজন্য যে loan যেভাবে আদায় করার পদ্ধতি আছে সেই ভাবে সেই loan আদায় করা উচিত। মাননীয় সদস্য শ্রীআতিকুল ইসলাম বলেছেন যে Publicity Departmentএ স্বজন পোষনতা। বাহিরের Photographerকে দিয়ে Photo তোলার ব্যাপারে বাহিরের Photographer এর সঙ্গে Publicity Officer মহাশয়ের কোন আত্মীয়তা আছে কিনা আমার জানা নেই। বাইরের অনেক Photographerই Publicity Deptt.এর পক্ষ থেকে Photo তোলেন তবে তারা Publicity Officer Mr. Bhattacharjeeর আত্মীয় নয় বলে আমার মনে হয়, কারণ তাদের title Bhattacharjee নয় সুতরাং সেদিক থেকে স্বজন পোষণ নীতিটা কি করে হল সেটা আমি বুঝতে পাচ্ছিনা। Publicity Departmentএ যদি sufficient instrument থাকে তাহলে তারা বাহির থেকে Photo তোলাবেন সেটা আমার মনে হয় না। আমার মনে হয় Publicity Departmentএর Photo তোলার যে quota আছে সেই quota দিয়ে হয়ত তা সঙ্কুলান হয়না, তারজন্য বাহিরের Photographerদের দিয়ে ফটো তোলাতে হয়। সেই দিক দিয়ে যদি বাহিরের Photographerকে কিছু টাকা দেওয়া হয় এই ব্যাপারে সেটা আমি আপত্তিজনক বলে কিছুই দেখতে পাইনা। কারণ তারাও তো বাঁচবে। তারা এমন কোন Capitalist নয় তারা মধ্যবিত্ত শ্রেণীভুক্ত। কাজেই তারা যাতে বাঁচে সেদিকে সরকারের দেখা উচিত।

Mr. Speaker :—The House stands adjourned will 2-30 P. M.

Mr. Speaker :—The general discussion on the Appropriation Bill was going on. I would call on Shri Krishnadas Bhattacharjee to continue.

শ্রীকৃষ্ণদাস ভট্টাচার্য্য :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আমার আলোচনা Publicity Deptt এর উপর করছিলাম। Publicity Departmentএ কোন napotism আছে বলে আমি মনে করি না। এখানে Sen & Sen, Kalpaloke ইত্যাদি যারা সত্যি ভাল Photo তোলেন তারা Publicity থেকে order পান এবং সেটা তাদের পাওয়া উচিত। মাননীয় সদস্য শ্রীআতিকুল ইসলাম আরও একটি মন্তব্য করেছেন যেটা অত্যন্ত আপত্তিকর। Publicity Officer-এর সাথে ব্যবস্থা না করলে বিজ্ঞাপন পাওয়া যায় না। একটা পত্রিকায় যদি একটা report লিখা হয় তা দিয়ে মাননীয় সদস্য কোন মন্তব্য করা উচিত হবেনা। আমরা যারা জনপ্রতিনিধি তারা সরকারী কর্ম্মচারীদের থেকে সম্মান আশা করি এবং আমাদেরও তাদের সম্মান দেওয়া উচিত। তাদের বিরুদ্ধে কোন specific প্রমাণ ছাড়া যদি কোন মন্তব্য করি তাহলে তাদের কাছ থেকে আমরা শ্রদ্ধাটাকে হারিয়ে ফেলবো এবং সেটা আমাদের কোনক্রমেই উচিত নয়। আমাদের নিজেদের আত্মসম্মান নিজেদের বজায় রাখা উচিত।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, Vehicle Deptt. সম্পর্কে তিনি বলেছেন যে ১০ টি নূতন গাড়ীর permit দেওয়া হয়েছে। সত্যিই গাড়ীর permit দেওয়া হয়েছে। যে পুরাণো গাড়ী ছিল ৪টী Agartala--Belonia, Agartala-Sabroom, Agartala-Dharmanagar, Agartala-Kamalpur. এই ৪টী road এর গাড়ীর যে মালিক তারা একসঙ্গে গাড়ী বদলাতে পারবেনা বললেন। এদিকে আর একটি road include করা হল Agartala-Karimganj এই মোট ৫টী, এতে গাড়ীর Demand একটু বাড়বে, কারণ এই ৩০টি গাড়ী Agartala Karimganj road ও maintain করতে পারবে না সেটা ঠিক। আর দ্বিতীয় যে চাপ এল সেটা হল Town Bus সম্বন্ধে মাননীয় অধ্যক্ষ মহোদয় জানেন যে প্রথমে ত্রিপুরায় মাননীয় Chief Commissioner মহাশয় পুরাণো গাড়ী দিয়ে Town Bus Service চালু করে দিয়েছিলেন কিন্তু কিছু দিনের মধ্যেই যেই Service টা বন্ধ হয়ে যায়। প্রথমত পুরাণো Bus গুলোতে কেউ উঠতে চায়না, দ্বিতীয়ত petrol consumption বেশী হয়, তৃতীয়ত প্রতি stop এ Bus থেমে যায় এবং handle ঘুরিয়ে start দিতে হয়। এতে যাত্রীদের অসুবিধা হয়। এসব নানা কারণে Town Bus Service টা বন্ধ হয়ে গিয়েছিল। তাতে সারা শহরে একটা আন্দোলনের সৃষ্টি হয়, একবার চালু হয়ে বন্ধ হয়ে যাওয়ায়। তখন আমারা পুরাণো মালিকদের বললাম-তোমরা পুরানো গাড়ীগুলো replace কর এবং Town Bus এর দায়িত্ব গ্রহণ কর। পুরাণো মালিকরা তখন বলল যে-আমরা অল্প সময়ের মধ্যে নূতন গাড়ী কিনতে পারব না, তারা লম্বা সময় চাইল। 31st December পর্য্যন্ত তাদের সময় দেওয়া হল। Town Bus সম্বন্ধে তারা বলল পুরাণো গাড়ী দিয়ে আমরা Service দিতে পারব না। Categorically তারা একথা বলে দিল। তখন তাদের বলা হল যারা Town Bus এর দায়িত্ব নিবে, তাদের ১০টি নূতন গাড়ীর permit দেওয়া হবে এবং অন্য লাইনেও permit দেওয়া হবে। এই ভাবে পুরাণো মালিকরা রাজী হল এবং agent এর সাথে তাদের agreement হল। এ সম্পর্কে তাদের সাথে সরকারের একটা written understanding আছে। যদি মাননীয় সদস্য তা দেখতে চান তাহলে আমি পরে দেখাতে পারবো। সুতরাং এ ১০টি Bus দেওয়া অযৌক্তিক হয় নি। তা না হলে Town Bus চলত না। Town Bus Service বন্ধ হয়ে যেত। আর একটি route আমরা Agartala-Karimganj এ চালু করছি এবং শীঘ্রই চালু হবে। আর একটি হল এই ১০টী Bus কি করে দেওয়া হল এই প্রশ্ন করেছেন মাননীয় আতিকুল ইসলাম সাহেব, যে কাউকে না জানিয়েই নিজেদের লোকদের মধ্যে দেওয়া হয়েছে। এ কথাটি ঠিক না, কারণ এই ১০টী Bus যাদের দেওয়া হয়েছিল তারা applicant ছিল, অর্থাৎ একটা advertisement করা হয়েছিল এই agreement এর পূর্ব্বে যে নূতন Bus এর জন্য permit দেওয়া হবে, application দেওয়া হউক এবং সেই application মূলেই Hind Transport এবং অন্যান্যকে দেওয়া হয়েছে। মাননীয় সদস্য বলেছেন এটা irregular। আমি বলতে চাই it is not irregular petition call করা হয়েছিল এবং সেই petition এর মূলেই এই ১০টী Bus এর permit দেওয়া হয়েছিল। Hind Transport Co-operative কে দেওয়া হল কারণ Hind Transport Co-operative এর member রা এক যোগে আছে এবং All Tripura Truck Owners Association একযোগে আছে, তাদের বলা হল তোমাদের যে procedure আছে সেই procedure এ তোমাদের member থেকে select করে দাও। তারা সেই ভাবে selection করে দিল এবং তাদের দেওয়া হয়। আমি মনে করি সেটা অন্যায় নয়, কারণ Motor Vehicle Act এ একটা provision আছে যে যদি একটি group of person একত্রে মিলে একটা application দিয়ে থাকে তবে তাকে সুযোগ সুবিধা দেওয়া হবে, no matter,

whether it is a co-operative or not. সেই ভাবে Hind Transport কে দেওয়া হয়েছে এবং All Tripura Truck Owners' Association এ যারা এ লাইনে বহুদিন ধরে ব্যবসা করছেন তাদেরও সুযোগটা দেওয়া হয়েছে। সুতরাং সেইদিকে ১০টি Bus দেওয়া irregular হয়নি। ১০টী Bus applicantদের ভিতরেই দেওয়া হয়েছে এবং সেই ১০টী Bus public interest এই লাগানো হয়েছে। সেটা আমি প্রমাণ করতে সক্ষম হয়েছি বলে আশা করি।

Next হচ্ছে feeder Road। উনি বলেছেন যে গাড়ীগুলো পুরানো condemned হয়ে গেছে সেগুলোকে feeder road এ দেওয়া হয়েছে। Feeder road এ দেওয়ার কারণ হল যে সব পুরানো মালিক নূতন Bus এনেছে তাদের অনেকগুলি টাকা invest করতে হচ্ছে অথবা instalment এ থাকলেও বহু টাকা instalment দিতে হচ্ছে। তারা দাবী করল আমাদের এই গাড়ী গুলো open carrier গাড়ী এবং এগুলি পাহাড়ের রাস্তার পক্ষে চলার খুব উপযোগী, Open carrier গুলোর যদি maintenance থাকে তবে খুব খারাপ রাস্তাতেও যেতে পারে। অথচ Delux গাড়ী গুলোর খারাপ রাস্তা দিয়ে চলতে অসুবিধা হয়। আপনারা জানেন এই Delux গাড়ী গুলো পূর্বে Operation এর সময় যেতে খুব অসুবিধা হয়েছিল, অথচ এই open carrier গুলো সেই সময় তথায় খুব service দিয়েছে। পাহাড়ের ভিতরে এবং সরকারকে সাহায্য করেছিল। Open carrier গুলোতে অবশ্য comfort কম, seat গুলো front facing নয়, space কম কিন্তু সেই গাড়ীগুলো খারাপ রাস্তায় যেখানে metaling হয় নি সেই সব রাস্তায় চলার পক্ষে খুব উপযোগী। এজন্যই এই open carrier গাড়ীগুলোকে feeder road এ দেওয়া হয়েছে, এবং এই নয় যে একই মালিক দুইটি license পেয়েছে। Ultimately সে দু'টা license পাচ্ছেনা। সে যে নূতন Bus টা utilise করল, তার জন্য তাকে যে টাকাটা সে ধার করে বা যোগাড় করে instalment দিচ্ছে সেই টাকাটা তাড়াতাড়ি শোধ করার একটা সুযোগ দেওয়া হল feeder road এ। যখন একটা reasonable time চলে যাবে তখন তাকে feeder road থেকে সরিয়ে দেওয়া হবে। তখন নূতন ভাবে application call করে নূতন গাড়ী সেখানে দেওয়া হবে এবং ইতিমধ্যে feeder road গুলো যদি ভাল হয়ে যায়। এটা এই নয় যে চিরদিনের জন্য তাকে feeder road এ দেওয়া হল, এটা একটা তাকে সাময়িক সুযোগ দেওয়া হল। Truck সম্বন্ধে একটা বিধিনিষেধ আরোপ করা হয়েছে যে আর নূতন কোন Truck কে এখন permission দেওয়া হবে না। তার অর্থ এই আগে Truck এর কোন restriction ছিল না। ত্রিপুরাতে Truck এর খুব অভাব ছিল, যে Truck আনত তাকেই permission দিয়ে দেওয়া হতো, কিন্তু বর্তমানে একটা অবস্থা দেখা যাচ্ছে যে Truck গুলো বসে থাকে প্রায়ই এবং বহু Truck ই loss খাচ্ছে. sufficient মাল পাচ্ছে না, আরও একটা কথা হল যে আমাদের Rail line ধর্মনগর পর্য্যন্ত এসে গেছে তাই milage ও কমে গেল মাল বহন করার। তাই নানাদিক থেকে চিন্তা করে দেখা যাচ্ছে এবং ত্রিপুরারা Truck ব্যবসায়ীর কাছ থেকেও একটা representation পাওয়া গিয়েছিল যে আর যেন Truck না দেওয়া হয় এই ব্যবসাটা নষ্ট হয়ে যাবে এবং যারা নাকি Truck এর line এ আছে তারা loss খাবেন। সেই পরিপ্রেক্ষিতে সরকার একটা notification দিলেন যে এখন আর কোন নূতন Truck এর permit দেওয়া হবেনা। এর অর্থ এই নয় যে যদি প্রয়োজন অনুভব হয় তা হলে দেওয়া হবেনা। সুতরাং Truck এর দিক থেকে survey করা হচ্ছে কতটা মাল আছে, যদি প্রয়োজন হয় তা হলে নূতন Truck দেওয়া হবে এবং এই notification এর

পূর্ব্বে যাদের Truck order দিয়ে দিয়েছেন তাদের নাম list করা আছে, তাদেরটা বিবেচনা করা হবে। এটা সব ক্ষেত্রে বিবেচনা করা হয়।

Air Service সম্বন্ধে already এ ব্যাপারটা take up করা হয়েছে। এ ব্যাপারে আমাদের Development Minister আর মুখ্যমন্ত্রী দিল্লীতে আলোচনা করেছেন। Freighter plane না আসা সম্পর্কে আমি বলব যে দমদমে Indian Air linesএর কর্ম্মচারীদের strike হওয়াই plane না আসার কারণ। তবে আরও বেশী plane আমাদের প্রয়োজন এতে সন্দেহ নেই এবং এর জন্য সরকার সচেষ্ট আছেন।

Taxi-র quota সম্বন্ধে বলা হয়েছে। অন্যান্য State-এর ন্যায় আমাদেরও Taxi-র একটা নির্দ্দিষ্ট quota আছে এবং সেই অনুসারে আমরা কতগুলি Ambassador, কতগুলি Taxi, ইত্যাদি গাড়ী পাব তা ঠিক করা আছে এবং প্রচলিত সেই রীতি অনুসারে আমরা ঐ quota বিলি করে থাকি। Public কতটা পাবে, Officer কতটা পাবে এবং for taxi purpose কতটা পাবে এভাবে group করা থাকে। Officer-দের মধ্যে যারা local officer এবং পেতে entitled তাদের দিয়ে তারপর বাহির থেকে যারা officer আসেন তাদের মধ্যে দেওয়া হয়। Public-এর quota-টা Public পান এবং Taxi র quota-টা এখানের লোকেরাই পান। অতএব এ সম্বন্ধে যদি অন্য রকম কোন suggestion থাকে মাননীয় সদস্যরা তা দিতে পারেন। তবে taxi সম্বন্ধে একটা নিয়ম আছে। Officer quota এবং public quota-তে যে গাড়ী গুলো পায় এগুলো T. R. A. তিন বৎসর না যাওয়া পর্য্যন্ত সেগুলি T. R. T. করতে পারেনা। Public যেটা পায় সেটা হল T. R. A. নিজেদের ব্যবহারের জন্য এবং যে Taxi-গুলো passanger টানে সেগুলো হল T. R. T. এগুলো ৩ বৎসর না গেলে T. R. A. করতে পারেনা বা বিক্রী করতে পারে না। সেই ক্ষেত্রে অবশ্য একটু কড়াকড়ি প্রয়োজন। কারণ অনেক অফিসার হয়ত গাড়ী আনল তারপর কিছুদিন পরে বিক্রী করে ফেলে এবং সেটা T. R. T. হয়ে যায় ৬ মাসের মধ্যে। সেটার জন্য Govt. থেকে permission নিতে হয় এবং permission না নিয়ে বিক্রী করা যায় না। এ সম্বন্ধে আমি suggestion দিচ্ছি যাতে এ permission-এ একটু কড়াকড়ি করা হয় এবং যাতে condition রাখা হয় যেন T. R. A গাড়ীগুলো T. R. T. না করতে পারে। এই suggestion আমি দিচ্ছি।

তারপর export, import license সম্বন্ধে বলা হয়েছে। export, import license প্রভৃতি nationalisation হওয়া দরকার, সেটা আস্তে করা হচ্ছে এবং করা হবে। Nationalisation-টা খুব তাড়াহুড়া করে করা সম্ভব হবেনা। কারণ যখন আমাদের মনে national feeling-টা হবে তখন সেটা করা successful হবে। যতক্ষণ পর্য্যন্ত national feelingটা না জাগবে ততক্ষণ পর্য্যন্ত nationalisation-টা successful হবে না। বরং তার একটা প্রতিক্রিয়া দেখা দেবে। কারণ আমরা দেখতে পাচ্ছি যেখানে private industry 80. crores বা 100 crores লাভ করছে সেখানে nationalised industry 100 crores বা 80 crores rupees loss খাচ্ছে। কারণ পাশাপাশি দেখতে পাচ্ছি Hindusthan Steel এবং Tata Company. Tata Company কোটি কোটি টাকা লাভ করছে আর Hindusthan Steel কোটি কোটি টাকা লোকসান খাচ্ছে বৎসরে। সুতরাং এ দিক থেকে nationalisation-টা খুব ধীরে ধীরে করা দরকার। Nationalisation করলে যদি cost of production বেড়ে যায়, কাজের inefficiency বেড়ে যায় তাহলে সেটা complete failure that

nationalisation can not give any benefit to the people. আজকে Bank nationalisation-এর কথা হচ্ছে, আমার মনে হয় যে অবস্থা দেখছি bank যদি nationalisation করা হয় তা হলে যে chequeটি আপনি এখন ৫ মিনিটে ভাঙ্গাতে পারেন তার জন্য সকাল থেকে সন্ধ্যা পর্য্যন্ত বসে থাকতে হবে—সেই chequeটা ভাঙ্গাবার জন্য। কেন হচ্ছে সেটা দেখা দরকার। তার কারণ হল national feeling-এর অভাব। Private employer-এর চোখ রাঙানিতে কর্মচারীরা যে efficiency দেখাচ্ছে national industry-তে সে efficiency দেখাবেনা। তা হলে দেখা যায় যে public-কে serve করবার যে মনোবৃত্তি সেটা আমাদের grow করেনি এবং সেটা না grow করলে nationalisation-এর ফল অত্যন্ত বিপরীত হবে এবং খারাপ হবে। অতএব সেই দিকটা চিন্তাকরে ধীরে ধীরে nationalisation-টা করা প্রয়োজন। তাই Bank nationalisation-এর যে একটা প্রস্তাব ছিল সেটা এখন Central Govt. গ্রহণ করছেন না এবং যে সমস্ত industry nationalised করা হয়েছিল তার হিসাব পত্র নানা রকম কমিটি বা হিসাব পরীক্ষক দ্বারা পরীক্ষা-নিরীক্ষা করে দেখছেন কেন loss খাচ্ছে efficiency কেন কমছে। সেই জন্যই Central Govt. এত তাড়াতাড়ি এ দিকে অগ্রসর হচ্ছেন না। ভুবনেশ্বর Congress Committee-এ সম্বন্ধে যা বলেছেন সেটারও কারণ তাই। যদিও আমাদের কোন Member বলেছেন যে Bank nationalise কর, export, import nationalise কর, কিন্তু Govt সেটা accept করেননি কারণ already যেগুলো nationalise করা হয়েছে সেগুলোর merits and demerits না দেখে further nationalise করা ভুল হবে, সেই জন্যই nationalisation-টা আর একটু ধীরে আস্তে করা উচিত। এই বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker :—Shri Sunil Kumar Chowdhury.

শ্রীসুনীল কুমার চৌধুরী :—মাননীয় স্পীকার মহাশয়, আজকে আমরা কি দেখতে পাই, সারা ত্রিপুরা রাজ্যে খাদ্য সংকট। এই যে খাদ্য সংকট সেটার অনেক কারণ দেখানো হয়েছে। কিন্তু আমার মনে সেটা এই জন্য সম্পূর্ণ দায়ী নন, তার অন্য অন্য কিছু দায়ী। কৃষিকার্য্যে যে সব উন্নত ধরণের ব্যবস্থা আছে সেইগুলি যথাযথ ভাবে করা হয়নি বলে আজকে ত্রিপুরা রাজ্যে খাদ্য সংকট দেখা দিয়েছে। আজকের জাগরণ পত্রিকার একটা খবর আমি এখানে উদ্ধৃত করতে চাই। সেটা হচ্ছে ৫ দিনের ঝড় বৃষ্টিতে প্রায় ৭ হাজার পরিমাণ বোরো ধান নষ্ট। সেটা হচ্ছে Head line, ভিতরে আর একটা খবর আছে। "মাননীয় M. L. A-রা ফটিকরায়ে যে খেলা আরম্ভ করিয়াছে তাহাতে দেখা যায় সমাজ উন্নয়ন সংস্থা কর্তৃক উৎপাদিত ফসল রাজনৈতিক কুচক্রে নষ্ট হইয়া যাইতে বসিয়াছে।" প্রাকৃতিক দুর্য্যোগের ফলে ফসল নষ্ট হয়ে গেলে তা অত্যন্ত দুঃখের কথা কিন্তু সেই খবর যদি ঠিক হয়ে থাকে তা হলে আমি বলব এটা খুবই মর্ম্মান্তিক ব্যাপার। ত্রিপুরার যে কৃষক, সে কঠোর পরিশ্রমের দ্বারা যে ফসল উৎপন্ন করেছিল সেই ফসল যদি রাজনৈতিক খেলার ফলে নষ্ট হয়ে যায় তবে তার চেয়ে দুঃখের বিষয় আর কিছুই হতে পারে না।

শ্রীসুনীল চন্দ্র দত্ত :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার মনে হয় rule অনুযায়ী কোন Member কোন Member-এর বিরুদ্ধে House-এ এই ধরণের অভিযোগ আনতে পারেন না।

Mr. Speaker :— Yes, you can not. It may be the opinion of the editor of the paper. It is only the comment of the Editor.

শ্রীসুনীল কুমার চৌধুরী :— সুতরাং আমি বলব যে এই ব্যাপারটা তদন্ত করে দেখা দরকার, পত্রিকায় যখন একটা মন্তব্য করেছে তখন তদন্ত করে দেখা দরকার। আর একটা কথা Refugee সম্পর্কে আমি বলেছিলাম যারা নূতন Refugee আসছে তাদের ব্যক্তি হিসাবে কোন সাহায্য দেওয়া হচ্ছে না। কিন্তু তারপরে পরবর্তী সময়ে খোঁজ নিয়ে আমি জানি দুজনকে ৬৷৷ টাকা সপ্তাহে Dole দেওয়া হচ্ছে, ৩ জনকে ৯৷৵ আনা, ৪ জনকে ১২৷৷ টাকা আর ৪ জনের উপরে ৯ জন ১০ জনই হউক তাকে ১২৷৷ টাকাই দেওয়া হচ্ছে। এই হারে যদি তাদের দেওয়া হয় তাহলে কি করে যে তারা বাঁচবে তা আমি ঠিক বুঝতে পারি না। এটা হচ্ছে আগরতলার কথা, তার সাথে সাথে যদি আমরা অন্যান্য জায়গার দিকে লক্ষ্য করি — যেমন সাবরুমে আছে, বিলোনীয়ায় আছে, উদয়পুরে আছে সোনামুড়ায় আছে বিভিন্ন স্থানে নবাগত উদ্বাস্তরা আছে সেখানে কি হচ্ছে না হচ্ছে জানতে পারিনি, তারজন্য বহু চেষ্টা করছি, কি কি হয়নি তাই জেনেছি। কাজেই এটা ঠিক হচ্ছে বলে আমার মনে হচ্ছে না। আমাদের সেই দিকে দৃষ্টি দেওয়া যথেষ্ট উচিত ছিল। আমাদের border protection এর জন্য এখানে B M P. রয়েছে, P. A. C রয়েছে, Assam Rifle রয়েছে তবু থানার এক মাইল দূরে গরু চুরি হয়ে যায় মানুষের নিরাপত্তা ব্যাহত হয়, এটা কি রকম ব্যাপার তা আমি বুঝতে পাচ্ছি না। কাজেই আমি মাননীয় স্পীকারের মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীদের নিকট অনুরোধ রাখছি যাতে এইগুলি অবিলম্বে বন্ধ হয়ে যায়। Education সম্বন্ধে বলতে গিয়ে আমি পূর্বেও বলেছি যে সাবরুম এ একটা High school এর প্রয়োজন। সেটা হচ্ছে মনুতে। প্রয়োজন কেন তা বলতে যেয়ে বলব যে সেখানে নূতন ভাবে Senior Basic school আছে এবং নূতন ভাবে Privately class IX পর্য্যন্ত খুলা হয়েছে। সেটা Senior Basic এর সাথে কোন সম্পর্ক নেই কিন্তু তাহলেও সেটাকে আজ পর্য্যন্ত High school করা হচ্ছে না। কেন হচ্ছে না তা ঠিক বুঝতে পারছি না। অবিলম্বে করা উচিত। আর একটা হচ্ছে কাতলামারা Junior High school সেটাকে আমি বলব যে upgrade করা দরকার। কারণ এর আশে পাশে এমন কোন স্কুল নেই যেখানে ছেলেরা উচ্চ শ্রেণীতে পড়তে পারে। আর একটা হচ্ছে রাণীর বাজার। সেটাও Junior High school, সেটাকে upgrade করা হয়েছে বলে খবর পেয়েছি, কিন্তু ফল হয়নি। যে official report যাওয়ার কথা ছিল তা আজও যায়নি যার ফলে সেটাকে আজও upgrade হিসাবে ব্যবহার করা হচ্ছে না। Education সম্পর্কে আর একটা কথা হল যে Junior High school গুলোতে শিক্ষক নেওয়ার একটা নিয়ম আছে যে Matriculate তাদের নিয়োগ করা হবে না। কিন্তু আশ্চর্য্যের বিষয় যে যেখানে একটা নির্দ্দিষ্ট নীতি আছে, সেই নীতি থাকা সত্ত্বেও আজকে আমরা দেখতে পাচ্ছি Ishanpur Junior High school এ Matriculate teacher নেওয়া হয়েছে। যেখানে নাকি সরকার একটা নির্দ্দিষ্ট নীতি ঘোষণা করেছেন তারপরেও সেখানে কি করে matric teacher নেওয়া হল তা আমি বুঝতে পারছি না। আমার কাছে যতটুকু information এসেছে তাতে জানতে পেরেছি সেই শিক্ষক মহাশয়টী কোথায়ও ছাঁটাই হয়েছেন তারপর সেখানে Appointment পেয়েছেন। তারপরে দেখা যাচ্ছে যে প্রাকৃতিক দুর্যোগের ফলে ত্রিপুরার ফসল নষ্ট হয়ে গেছে। যে সব অঞ্চলে ফসল নষ্ট হয়ে গেছে সেই সব অঞ্চলে অবিলম্বে বীজ ধান বিলির ব্যবস্থা করা দরকার। সাবরুমে এখনও আউস ধানের বীজ পেঁছেনি। কারন অভাবের ফলে তারা বীজ ধানও খেয়ে ফেলেছে। কাজেই সমস্ত ত্রিপুরা রাজ্যে অবিলম্বে বীজ ধান বিলির ব্যবস্থা করা দরকার। কারণ ফসল লাগানোর যে মরসুম সেই মরসুম চলে গেলে কৃষক ফসল করতে পারবে না, তা হলে খাদ্যের যে সঙ্কট তা বেড়ে যাবে বই কমবে না। বীজ ধান দিলেই তার সাথে সাথে ত ফসল পাওয়া যায় না তাকে রোপণ করতে হবে, চারা হবে, তারপর। মাননীয় অধ্যক্ষ মহোদয় এই বলেই আমি আমার আসন গ্রহণ করছি।

Mr. Speaker :—Shri Sunil Chandra Dutta.

শ্রীসুনীল চন্দ্র দত্ত :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই debate এ অংশ গ্রহণ করতে যেয়ে আমি land Reform Act সম্পর্কে দু' একটা কথা বলব। ত্রিপুরাতে যে land Reform Act এবং land Revenue Act আছে তার একটা ধারাতে আছে ত্রিপুরার Chief Commissioner ত্রিপুরাকে দুই বা ততোধিক district এ ভাগ করতে পারেন। আমার মনে হয় প্রশাসনিক উন্নতির জন্য আমাদের মন্ত্রীমণ্ডলীর এ দিকে দৃষ্টি দেওয়া দরকার যে ত্রিপুরার সামগ্রিক উন্নতির জন্য আমাদের ত্রিপুরাকে দুই বা ততোধিক district এ ভাগ করা দরকার। আর একটা কথা আমাদের Administrationএর defect আছে। গত কয়েক বৎসর আগে ত্রিপুরাকে কয়েকটা Zone এ ভাগ করা হয়েছে এবং Sub-Division গুলিকে একজন Addl. sub-divisional officer এর অধীনে রাখা হয়েছে এটা ঠিক আইন সঙ্গত নয়, বলে আমার মনে হয়। ভারতের অন্যত্র কোথাও এ ব্যবস্থা নেই। একমাত্র ত্রিপুরাতে এর ব্যতিক্রম ঘটেছে। অবশ্য এ ব্যতিক্রমটা খুব আইন সঙ্গত হয়নি। Sub-division এর সমস্ত কাজকর্ম চালাবেন Addl. Sub-divisional officer, সব রকম দায়িত্ব তাদের উপর ন্যাস্ত হবে, শাসন, বিচার, উন্নয়ন, দুর্ভিক্ষ যা কিছুই হউক সব কিছু ব্যাপারেই তারা আছেন অথচ আমরা তাদের পদবী করে দিয়েছি Addl. S. D. O আর ত্রিপুরাকে কয়েকটা zone এ ভাগ করে zonal S. D. Oর Post create করলাম, ৩টা, ৪টা sub-division এর ভার দিলুম এক জনের উপর। ৩টা, ৪টা sub-division এ খেয়াল খুশীমত তিনি ঘুরলেন এই সমস্ত এলাকার অভাব অভিযোগ সম্পর্কে কিছুই বুঝতে পারলেন না। এই অবস্থার পরিবর্তন হওয়া দরকার। মন্ত্রীমণ্ডলীকে অনুরোধ করব যে অতি সত্বর এই অবস্থার পরিবর্তন করা দরকার। অথবা Addl. S D. Oর Post create করা দরকার আর zonal S D. Oর Postটা উঠিয়ে দেওয়া দরকার। খাদ্যাভাব সম্পর্কে বিভিন্ন বক্তা বলেছেন। দুর্ভিক্ষের কথা উঠেছে দুর্ভিক্ষ না খাদ্যাভাব এ সম্পর্কে প্রশ্ন উঠেছে। প্রশ্নটা অনেকটা ন্যায় শাস্ত্রের তৈলাধার পাত্র আর পাত্রাধার তৈল এই পর্যায়ে উঠেছে। সরকারী পক্ষ বলেছেন খাদ্যের ব্যবস্থা আছে। বিরোধী পক্ষ বলেছেন খাদ্যের ভয়ঙ্কর অভাব। অবস্থাটা একটু পরিষ্কার হওয়া দরকার। সরকারের রেশন শপে যথেষ্ট চাউল আছে কিন্তু উদ্বাস্তু, জুমিয়া প্রজা, দরিদ্র কৃষক যাদের ঘরে খাদ্য নেই যাদের ঘরে পয়সা নেই তাদের কেনার সমস্যাদি নিয়ে বিচার করা দরকার। আমাদের তরফ থেকে বলা হয়েছে যে test relief-এ খাওয়ার ব্যবস্থা আছে। গত কয়েক বৎসর যাবত আমরা টেষ্ট Relief এর ব্যবস্থা করেছি। যে জায়গায় খাদ্যের অভাব দেখা দিয়েছে economic crisis দেখা দিয়েছে সে জায়গায় আমরা test Relief এর ব্যবস্থা করেছি। এই ব্যবস্থা সাময়িক প্রতি বৎসর test Relief দিয়ে একটি জাতিকে বাঁচিয়ে রাখা যাবে না। বৃটিশ আমলে আমরা দেখেছি ৫।১০ বৎসর পর পর বা ১৫।২০ বৎসর পর পর কোন এলাকায় বিশেষ কোন কারণে flood এর জন্যই হোক বা cyclone এর জন্যই হউক খাদ্যের অভাব দেখা দিলে test Relief এর ব্যবস্থা হয়েছে। কিন্তু প্রতি বছর একটি জিলাতে এবং তার প্রত্যেকটি Sub-division এ এই যে test Relief এর ব্যবস্থা এটা অত্যন্ত মারাত্মক। Test Relief দিয়ে এদের বাঁচিয়ে রাখা যাবে না। কাজেই কি করে বাঁচিয়ে রাখা যায় সেই সম্পর্কে যদি বিরোধী দলের সদস্যরা বলতেন তা হলে খুবই খুশী হতাম। আমরা খাদ্য সমস্যার সম্মুখীন হয়েছি, কি করে তা দূর করতে পারব সে সম্পর্কে কোন constructive বাক্য বিরোধী দলের মুখ হতে উচ্চারিত হতে শুনিনি আমি লক্ষ্য করেছি ত্রিপুরাতে যে সব জমি আছে তাতে স্বচ্ছন্দে দু ফসল ধান উৎপাদন করা

যায়। কিন্তু তাদের অভাবের জন্য মাত্র একটি ফসল উৎপাদন করেন। প্রতি বৎসর চাউল আমদানী বাবত ত্রিপুরার ১ কোটি টাকার উপর খরচ হয় আর চাউলের ব্যবসার জন্য ২৫।৩০ লক্ষ টাকা ক্ষতি হয়ে যায়। সেই টাকার একটা অংশ কৃষকদের loan হিসাবে নয় কারণ ঋণে তারা জর্জরিত, সাহায্য হিসাবে enquiry করে হালের দরকার কার, বীজের দরকার কার লক্ষ্য করে যদি কৃষি বিভাগ দেন তা হলে আমাদের ফসল উৎপাদন বাড়তে পারে। আমি আমার এলাকায় দেখেছি যে, বিস্তীর্ণ এলাকা পড়ে রয়েছে যেখানে দুটি ফসলই উৎপন্ন হতে পারে। একটিও হচ্ছেনা। এই গেল এক দিক। Irrigation, Navigation সম্পর্কে ব্যয় বরাদ্দ আমাদের বাজেটে আছে। Irrigation ব্যবস্থা এখন পর্য্যন্ত সুসম্পন্ন হয়নি। সেটা সুসম্পন্ন করা দরকার। Navigation সম্পর্কে বলব যে আমাদের নদীগুলিতে বাঁধ দেওয়া দরকার। কারণ আমরা প্রত্যেক বৎসরই দেখতে পাই যে বন্যার ফলে আমাদের অধিকাংশ ফসলই নষ্ট হয়ে যায়। দিন দিন নদীগুলি অগভীর হয়ে যাচ্ছে। সেইজন্য আমাদের দেশে যন্ত্রপাতি না থাকলেও বিদেশ থেকে এনে নদীগুলোকে গভীর করে খনন করা দরকার। যদি নদীগুলিকে খনন করে গভীর করতে না পারি তা হলে বন্যার হাত থেকে ফসল কোন ক্রমেই রক্ষা করা যাবেনা। আর একটি কথা হচ্ছে যে পাকিস্তানের সঙ্গে আমাদের বিভিন্ন ধরনের চুক্তি আছে। সেই চুক্তি অনুসারে যে সমস্ত নদী পাকিস্তানে পড়েছে সেইগুলির কাজ ভারত সরকারকে বলে পাকিস্তানের সাথে আলাপ আলোচনা করে যৌথভাবে করলে অনেক সুবিধা হয়। একমাত্র খাদ্যশস্য হিসাবে ধান উৎপন্ন করলেই যে আমাদের খাদ্য সমস্যার সমাধান হবে তা আমি মনে করি না। যে সমস্ত উচু জমিতে ধান হয়না সেই সমস্ত জমিতে গমের চাষ করার জন্য কৃষি বিভাগ যদি নজর দেন তা হলে আমরা সুফল পেতে পারি। আমি দেখছি কমলপুরে রিয়া আদিবাসী নিজের চেষ্টায় গম উৎপন্ন করেছে এবং ভাল ফসল হয়েছে। গমের বিশেষত্ব হল এই যে বর্ষার সময়ে ফসল উৎপাদন না করলেও চলে। Land Revenue সম্বন্ধে আলোচনা করতে গিয়ে আমাদের মাননীয় সদস্য শ্রীগোপেশ দেব বলেছেন যে ত্রিপুরা রাজ্যের জমিদার ও তালুকদারদের খাজনা বৃদ্ধি হয়েছে। মাননীয় সদস্য বোধহয় সমগ্র ত্রিপুরার কথা জানেন না। যদি তাই হত, তা'হলে আমি সুখী হতাম। কিন্তু ভূমি সংস্কার আইনের মূল উদ্দেশ্য হল যে জমিদার ও তালুকদারেরা কৃষকদের উপর যে জুলুম ও অত্যাচার করত তা বন্ধ করা এবং সরকার সেই উদ্দেশ্যে এ আইন রচনা করেছেন, অথচ আইনের ত্রুটি বিচ্যুতির জন্য কৃষকেরা সেই সকল সুযোগ সুবিধা পাচ্ছে না। আমরা যদি জমিদারী জুলুম বন্ধ করতে গিয়ে কৃষকদের খাজনা বৃদ্ধি করি তবে তা ঠিক হবে না। একথা ইতিপূর্ব্বে আমি বাজেট আলোচনার সময় বলেছি, অতএব আইনের ফাঁকে যে সব ত্রুটি বিচ্যুতি রয়েছে সেগুলি যাতে অদূর ভবিষ্যতে দূর করা হয় তার জন্য আমি মাননীয় মন্ত্রীমণ্ডলীকে অনুরোধ করব। Forest সম্বন্ধে আলোচনা করতে গিয়ে মাননীয় বিরোধী সদস্যরা বলেছেন যে Forest Deptt. আদিবাসীদের উপর জুলুম করে টাঙ্গিয়া প্রথায় চাষ করতে বাধ্য করে। Forestএর ঘোষিত Reserve যা আছে এবং Proposed reserve এলাকা যা তারা করতে চান, সেটা Proposed reserve না রেখে সত্বর সেটাকে Reserve বলে ঘোষিত করা, আইনে যে সমস্ত Paraphernalia আছে সব শেষ করে এই বিভাগে ঠিক কতটুকু Reserve আছে তা একেবারে ঘোষণা করে দেওয়া দরকার। বিভাগীয় কর্ত্তা হয়তো চান না যে আদিবাসীরা লাঞ্ছিত হউন, কিন্তু অধস্তন কর্ম্মচারী কেউ কেউ হয়তো এরূপ কর্ম করেন যার জন্য এই Houseএ কথা উঠেছে যে Jumia দের বাধ্য করা হয় টাংগিয়া প্রথায় কাজ করতে। যদিও টাংগিয়া প্রথায় মজুরী দেওয়ার ব্যবস্থা আছে কিন্তু কেউ যদি কাজ করতে অনিচ্ছুক হয় তবে তাকে বাধ্য করা

যায় না। কাজেই এ যে অবস্থা, এ যে কথা উঠেছে যে জুম চাষে বাধা দেওয়া হচ্ছে এবং টাংগিয়া প্রথায় চাষ করতে বাধ্য করা হচ্ছে, এর একটি মাত্র কারণ হল যে Forest এ reserveএর boundary ঘোষিত নাই এবং Proposed reserve এবং Protected Forest বলে আমরা কতগুলি অঞ্চল রেখেছি। India বা ত্রিপুরা সরকারের যে নীতিই হউক না কেন সে নীতি অনুসারে সমগ্র ত্রিপুরার ⅓ অংশ অর্থাৎ ১২/১৪/১৫ শত বর্গ মাইলেই হউক না কেন তা সম্পূর্ণ আলাদা করে Reserve Forest বলে ঘোষণা করা দরকার। জুমিয়া পুনর্ব্বাসন এই নয় যে একটা ম্যাপে দাগ দিয়ে বলব যে এখন ২০০ টাকা পরে ৩০০ টাকা দিব, এই তোমার জমি। কিন্তু পুনর্ব্বাসন অর্থ হচ্ছে সম্পূর্ণ অর্থনৈতিক পুনর্ব্বাসন— একথা আমি আগেও বলেছি। এ প্রসংগ ক্রমে আমি উপজাতি সদস্যদের অনুরোধ করব তারা যেন মাঠে ঘাটে বক্তৃতা না দিয়ে Constructive suggestion দেন যাতে করে উপজাতীয়দের সত্যকার কল্যাণ হতে পারে। Forest সম্বন্ধে আমি আর একটি কথা বলব যে মহারাজার আমলে এখানে বাঁশ, ছন, বেত ছাড়াও Forestএর আর কয়েকটি মহাল ছিল তার নাম হ'ল আগর মহাল। আগর গাছ হ'তে ইজরাদারেরা অগুরু উৎপাদন করতেন। এই মহালগুলি প্রতি বছর নিলামে বন্দোবস্ত হ'ত এখন তা উঠে গেছে। তাছাড়া চালমুগরা ও মধু সংগ্রহের মহাল ছিল, সেসব এখন উঠে গেছে। আর একটা দিকে আমি বন বিভাগের দৃষ্টি আকর্ষণ করব যে ত্রিপুরাতে যথেষ্ট আমলকি ও হরতকী উৎপন্ন হয়। রুদ্রাক্ষও হত বলে শুনেছি, কিন্তু এখন আছে কিনা জানিনা। আমরা এখন লক্ষ লক্ষ টাকা বনবিভাগের উন্নতির জন্য ব্যয় করছি অথচ এই মহালগুলি লোপ পেয়ে গেল এটা খুব সুখের কথা নয়। যাতে এগুলি পুনর্জীবিত হয় তার জন্য আমি মন্ত্রীমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করব। তবে শেষে আমি আরও একটি কথা বলব যে বাজেটে নানা ভাবে নানা খাতে টাকা বরাদ্ধ করা হয়েছে কিন্তু আমরা দেখি ত্রিপুরাতে শুধু ত্রিপুরাতে নয় সমগ্র ভারতবর্ষে যে কতগুলি লোক ছেঁড়া কাপড়চোপড় নিয়ে ভিক্ষাবৃত্তি করে জীবনধারণ করে তাদের জন্য কোন বরাদ্দ বা কিছুই করা হয়নি। অবশ্য এদিকে কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ হয়েছে, দিল্লীতে অনেকগুলি কাজও এই সকল ভিক্ষুকদের জন্য হয়েছে, তাছাড়া প্রাদেশিক সরকার গুলির মধ্যে বোম্বাই ও মাদ্রাজ সরকারও কিছু কিছু কাজ বর্ত্তমানে করছেন। আমাদের এখানে ও এদিকে দৃষ্টি দেওয়া দরকার। আমরা মন্ত্রী সভা গঠন করেছি, কোটী কোটী টাকা খরচ করেছি। আমরা স্বাধীনতা পেয়েছি আজ ১৭ বছর, স্বাধীনতা শুধু আমাদের মত শিক্ষিত লোকের জন্য নয়, ভারতের জাতি ধর্ম্ম নির্বিশেষে, ছোট বড়, ধনী গরীব প্রত্যেকটি নাগরিকের জন্য। এইটা বড়ই কলঙ্কের কথা যে বিদেশী সাংবাদিকেরা এদের ছবি নিয়ে ভারতের দুঃখ দারিদ্রের কথা বিদেশে প্রচার করেন। এই প্রথার অবশ্যই বিলোপ করার দরকার, এবং প্রতিটি state এ বিষয়ে চেষ্টা করছেন, আমাদেরও চেষ্টা করা দরকার। সক্ষম ভিক্ষুক যারা তাদের কাজের ব্যবস্থা করা, বিভিন্ন শ্রেণী বিভাগ আমাদের করতে হবে, অল্প বয়সের ছেলেমেয়ে যারা ভিক্ষা করে তাদের সংগ্রহ করে কাজে লাগানো, অসুস্থ রোগী যারা আছে তাদের চিকিৎসার ব্যবস্থা করা এইটা আমাদের মানবিক দায়ীত্ব। শাসন ক্ষমতা যদি আমরা পরিচালনা করি তবে আমাদের এই দায়ীত্ব নিতে হবে। নাহয় আমাদের স্বাধীনতা মিথ্যা বলে প্রতিপন্ন হবে। এই বলে আমি আমার বক্তব্য শেষ করলাম।

Mr. Speaker : I call on Shri Hlura Aung Mag

শ্রীহ্লুরা অং মগ :— মাননীয় অধ্যক্ষ মহোদয় ত্রিপুরার খাদ্য সংকটের যে চিত্র তা বিভিন্ন সদস্যদের মারফতে এই House এ পেশ করা হয়েছে। গত অক্টোবরে বাজেট session এ বলেছিলাম যে

দুর্ভিক্ষের পদধ্বনি শুনা যাচ্ছে, তার উপরে Ruling Partyর সদস্যরা মন্ত্রীমণ্ডলী বিশেষতঃ Chief Minister আমার এই কথার উপরে বেশী জোর দিয়ে বলেছিলেন যে সেটা সত্যি নয় যদি এরকমই হয় তাহলে আমরা সব সময়ই তার সম্মুখীন হতে প্রস্তুত আছি। কিন্তু আজকে আমরা সেই প্রতিকারের কি ব্যবস্থা হয়েছে, সেদিক দিয়ে লক্ষ্য করলে দেখব যে বিলোনীয়ার ভারত চন্দ্র মহাজন পাড়ায় পদ্মলক্ষী ত্রিপুরা নামে একটা মেয়ে গত নভেম্বর মাসের ৮ তারিখ ২ সের চাউলের জন্য তার ৪ মাসের একটা শিশু সন্তানকে অন্য লোকের কাছে বিক্রি করে নিজের জীবন উৎসর্গ করেছে। এই বিষয়টা নিজেই ৪।১২।৬৩তে মাননীয় মন্ত্রী ও মুখ্যমন্ত্রীর সাথে দেখা করে গোচরীভুত করেছে। কিন্তু তার পরেও দেখা গেল যে অমরপুরে তিনজন লোক নাকি না খেয়ে মারা গেছে তাং ৮।১১।৬৩ গত অধিবেশনেও আমি যখন বলেছিলাম যে দুর্ভিক্ষের পদধ্বনি শুনা যাচ্ছে তখন মাননীয় সদস্যরা আমার কথায় উপহাস করেছেন। কিন্তু যে মেয়েটির মৃত্যুর কথা ইতিপূর্ব্বে আমি বললাম তার থেকে কি এটা প্রমাণিত হয় না যে আমার কথা এতটুকু মিথ্যা ছিলনা? জুম cultivation বন্ধ করে দেওয়ার ফলে ত্রিপুরা রাজ্যে যে খাদ্যাভাব ও অভাব অনটনের সৃষ্টি হয়েছে তাহা ত্রিপুরার বর্ত্তমান অবস্থা হতে স্পষ্টই বুঝা যাচ্ছে। অতএব আমি এই হাউস্ ও মন্ত্রীমণ্ডলীকে অনুরোধ করব যাতে তার প্রতিকারের জন্য সেভাবে step নেন। অমরপুরে যে সকল এলাকায় খাদ্যাভাব আছে তার কতগুলি এখানে আমি উল্লেখ করব, যথন অম্পির দৈতাং কাপেং বাড়ী, ধনলেখা বাড়ী, পুচু কলাই বাড়ী, সবীনলাল কাপেং বাড়ী, বিশ্বরাম রিয়াং চৌধুরী পাড়া, ভক্তমোহন বাড়ী, মশৃমবাড়ী, অমৃতপদ্ম জামাতিয়া বাড়ী, গণ্ডাবাড়ী, তুচিং মৌজা অমৃত কলই পাড়া, তৈদু জমাতীয়া পাড়া, নথরাই জুমিয়া কলোনী, শর্ম্মা দুর্গা রিয়াং চৌধুরী পাড়া, বিপ্লাই রিয়াং পাড়া, মুনুচিরাই রিয়াং পাড়া, জগদম্ভ রিয়াং চৌধুরী পাড়া, শ্বেতবাহন ত্রিপুরার বাড়ী, রাইমা, পুষ্পধন রাজা পাড়া, বাণচন্দ্র রাজা পাড়া, রূপচন্দ্র তারবাড়ী পাড়া, পূর্ব্বসিং রাজা পাড়া, কল্পনা চাকমা বাড়ী আর নূতন বাজার এলাকা, ধন্যগ্রাম পুমাই বাড়ী, ওয়াং মগ পাড়া, রাইপুর রামকুমার দেববর্ম্মা পাড়া, অ্যাইয়ারাই চৌধুরী পাড়া, বাঙ্কারায় কলোনী, পূর্ব্বধন চৌধুরী পাড়া, মোনাছড়া tribal colony, বাণ.র জমাত্যা পাড়া, জম্পিরাই রিয়াং পাড়া এরকম আরও অনেক অঞ্চল আছে যে তার নাম বলে শেষ করা যাবে না। সেই সমস্ত এলাকার লোক যেভাবে দিন কাটাচ্ছে, যদি আর কিছু দিন অপেক্ষা করে থাকে তবে আরো লোক না খেয়ে মারা যাবে। এই পর্য্যন্ত তিন জন মারা গেছে। এইরূপ অবস্থায় আমি speakerএর মাধ্যমে মন্ত্রীমহোদয়কে এবং প্রত্যেক সভ্যকে স্মরণ করিয়ে দিতে চাই যে এই যে খাদ্য সঙ্কট তা রোধ করা আমাদের কর্ত্তব্য এবং দায়ীত্ব এবং এই মুহূর্ত্তেই আমাদের এই দায়ীত্ব নেওয়া উচিত। যেহেতু আমরা নির্ব্বাচিত সদস্য হিসাবে সেই এলাকা থেকে এসেছি। এই রকম যে ঘটনা, এইরকম যে মৃত্যু, অনাহারে মৃত্যু এটা আমাদের কাছে ত্রিপুরার জনসাধারণের শোকাবহ ঘটনা। কাজেই মানবতার দৃষ্টিভঙ্গী নিয়ে এই মৃত্যুকে রোধ করার দায়ীত্ব নেওয়া দরকার মনে করি। যে যে স্থানে অভাব চলছে সেই স্থানে বিনামূল্যে চাউল দেওয়া প্রয়োজন মনে করি। কারণ মানুষের চাউল ক্রয় করার পয়সা নেই। আমরা রেশনের দোকান দিলেও মানুষ পয়সার অভাবে চাউল নিতে পারবেনা। কাজেই প্রথমে সেই সব স্থানের মানুষকে চাউল ও অন্যান্য খাদ্য দ্রব্য খয়রাতি দেওয়া একান্ত দরকার। তারপর ব্যাপক ভাবে test relief-এর কাজ আরম্ভ করতে হবে। তারপর তারা যাতে আগামী মুরসুমে ফসল বুনতে পারে সেই ভাবে তাহাদের বীজধান প্রভৃতি দিয়ে সাহায্য করতে হবে। কাজেই সেই ভাবে কার্য্যক্রম গ্রহণ করা House-এর পক্ষে একান্ত কর্ত্তব্য বলে আমি মনে করি।

Mr. Speaker :—I would draw the attention of the Hon'ble Member as to what he should discuss in the appropriation bill. Only the principles of the bill, and its general provission may be discussed. But the defects of the bill do not come within the purview of the discussion of the appropriation bill.

সুতরাং এই খাদ্য সমস্যা সম্বন্ধে আমার দাবী আমি House-এর সামনে রাখছি। বিগত ২৭ তারিখ Ruling Party-এর সদস্য বলেছেন যে তিন লক্ষ লোকের মধ্যে তিনজন মরে যাওয়া কিছুইনা। মাননীয় সদস্য গোপেশ বাবুর মুখ থেকে আমি এই রকম কথা আশা করতে পারিনা। কারণ ত্রিপুরার জনসাধারণকে ভাবে অবহেলা করে মানবতার দিক থেকেও দূরে সরিয়ে রাখার কোন যুক্তি সঙ্গত কারণ আমি খুঁজে পাই না। কাজেই গোপেশ বাবুর কথায় আমি প্রতিবাদ করি। কাজেই সাব্রুম থেকে ধর্মনগর পর্য্যন্ত যে অবস্থার মধ্যে জুমিয়াগণ কাল কাটাচ্ছে তাতে চুপ করে থাকা যায় না। তাদের প্রতি আমাদের কর্ত্তব্য আছে। কাজেই এই তিনলক্ষ সাড়ে তিন লক্ষ উপজাতীয়দের যাতে সর্ব্বাঙ্গিন উন্নতি হয় সেই বিষয়ে লক্ষ্য করার জন্য আমি এই House-এর সামনে আমার অনুরোধ রাখব। এই বিষয়টির উপর বিশেষ গুরুত্ব দেওয়া দরকার এবং অচিরেই ইহার প্রতিকারের ব্যবস্থা গ্রহণ করা উচিত। এই আলোচনা প্রসঙ্গে একটা কথা আসছে, এই House-এর বিরোধীপক্ষের Leader & Dy. Leader সহ ছয়জন member-এর অনুপস্থিতিতে আমরা এই Appropriation bill আলোচনা করতে চলছি। তারা আজ পর্য্যন্ত হাজারিবাগ সেণ্ট্রাল জেলে বন্দী অবস্থায় পড়ে আছেন। ত্রিপুরার মত ভারতের কোথাও এত বন্দীর সংখ্যা নেই।

Mr. Speaker :—This point has been discussed again and again.

Shri Hlura Aung Mag :— ভারতের কোথাও এই অবস্থা নেই। মনের ঝাল যথেষ্ট মিটিয়েছে ক্রুরতার একটা সীমা থাকা দরকার। এই অবস্থা কোথাও বেশী দিন চলতে পারে না। কাজেই অবিলম্বে তাদের মুক্তির দাবী আমি এখানে রাখছি। আর একটা কথা হচ্ছে যে বিলোনিয়া এলাকায় আমরা আজ পর্য্যন্ত যতগুলি Junior High School খুলেছি সেইগুলি এখনও up.grade করা হয়নি এবং ঋষ্যমুখ যে Junior High School আছে সেটা up-grade করা একান্ত প্রয়োজন। কলসী যে Junior Basic School আছে সেটাকে up-grade করে Junior High School করা একান্ত দরকার। বিলোনীয়া শিক্ষার বিষয়ে অনেক পিছিয়ে। আশ্চর্য্যের বিষয় যে স্বাধীনতার ১৭ বৎসর পরেও Belonia Sub-Division-এ একটা High School হয় নি। বিলোনীয়া কোন High School নেই। দক্ষিনাঞ্চলের, বিলোনীয়াতে অবিলম্বে একটি কলেজ খোলার দরকার বলে আমি মনে করি। বিলোনীয়া, দক্ষিনাঞ্চলের মধ্যে একটা গুরুত্বপূর্ণ অঞ্চল। সাবরুম এবং উদয়পুরের মধ্যে বিলোনীয়া কাজেই বিলোনীয়াতে কলেজ খোলা যুক্তি যুক্ত মনে করি। আর একটা কথা ধর্মনগর পর্য্যন্ত রেললাইন হয়েছে। যাতে সমগ্র ত্রিপুরায় আগামী পরিকল্পনাতে রেললাইন হতে পারে সেই জন্য চিন্তা করার জন্য আমি মন্ত্রীমণ্ডলীকে অনুরোধ করব। সমগ্র ত্রিপুরায় রেললাইন করার দরকার।

Mr. Speaker : Hon'ble member there is no provision for Rail way in our budget.

Shri H. Mag : আমি মাননীয় Speaker মহোদয়ের মাধ্যমে House এর কাছে এই আবেদন রাখছি।

Mr. Speaker No, No. It can not be.

Shri Hlura Aung Mag :—Ruling Partyর এক সদস্য বলেছেন যে সমগ্র ত্রিপুরায় বাঁধদিয়ে জলসেচের ব্যবস্থা করে সোনার ধান ফলাবার ব্যবস্থা করেছেন। কিন্তু দেখতে পাচ্ছি আজও বগাফা অঞ্চলে মাঠগুলি শুকিয়ে পড়ে আছে। সেখানে এক ফোটা জলও নেই। এবার যখন এক পসলা বৃষ্টি হল তখন কৃষকরা মাঠে নাঙ্গল দিয়েছে। এর আগে নাঙ্গল চালাতে পারেনি। সেখানে একটা ছরাতে বাঁধ দেওয়ার প্রস্তাব আমি বার বার এই Houseএ এনেছিলাম। সেখানে ছরাতে বাঁধদিয়ে হাজার হাজার দ্রোণ জমিতে জল-সেচের ব্যবস্থা করে ভাল ফসল যাতে উৎপাদন হয় সেই চেষ্টা করার জন্য আমি বার বার বলেছি। কিন্তু আজও বগাফাতে সে সম্বন্ধে কোন ব্যবস্থা নেওয়া হয় নি।

Mr. Speaker :—Hon'ble member this point has been discussed previously.

Shri Hlura Aung Mag :— না বগাফা সম্বন্ধে Discussion হয় নি। সে সম্বন্ধে আমি বলছি।

Mr. Speaker :— This is not the place.

Shri Hlura Aung Mag : সুতরাং বগাফা, মনু, এই সমস্ত এলাকাতে যে ছড়া নালা আছে সেইগুলিকে পরিস্কার করে ফসল ফলানোর উপযোগী করে তুলবার জন্য আমি আবেদন রাখছি। আর আমরা এই Appropriation Bill যে যে সমস্ত বিষয়গুলি অন্তর্ভুক্ত করেছি সেইগুলি যেন ঠিক ঠিক ভাবে কার্য্যকরি করা হয় সেই আবেদন রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker : Nishi kanta Sarkar.

Shri Nishi Kanta Sarkar :—মাননীয় অধ্যক্ষ মহোদয় আজকে আমাদের বাজেট আলোচনার শেষ দিন। আমি এ বাজেট সমর্থন করি। তবে বিরোধী পক্ষ থেকে কতকগুলি অভিযোগ এসেছে। প্রথমে আমি কৃষি সম্বন্ধে বলব। আমাদের ত্রিপুরায় কৃষি উন্নতি দিন দিন হচ্ছে এবং আরো হবে। তার মধ্যে আমি দুই একটা কথা রাখতে চাই। যেভাবে আমরা কৃষির দিকে নজর দিয়েছি বা আমাদের সরকার কৃষকদের উন্নতিকল্পে যে যে scheme নিয়েছে আমি সেই সম্বন্ধে দুই একটি কথা বলব। প্রথম কথা হচ্ছে—কৃষকরা প্রায় সময় অভাবের তাড়নায় বীজ ধান খেয়ে ফেলে। পরে অবশ্য আমরা বীজ ধান দেই। তবে সেই বীজ ধান যদি ঠিক সময়মত না দেওয়া হয় তবে সেই বীজ কোন কাজে লাগে না। ধানে পোকা ধরলে আমরা জমিতে ঔষধ দেওয়ার ব্যবস্থা করেছি। কিন্তু সেই ঔষধ দেওয়ার যে যন্ত্র সেই যন্ত্র পরিমাণে কম। এক সময়ে বিভিন্ন স্থানে পোকা ধরলে ঔষধ দেওয়া যায় না। কাজেই এই যন্ত্রপাতি বাড়াবার জন্য আমি অনুরোধ রাখব।

আমরা যে কৃষি ঋণ দেই তাহা ঠিক সময়মত দেওয়া প্রয়োজন। আউস ধান, পাট প্রভৃতি ফসল বুনার জন্য চৈত্র মাসে যে ঋণ দেওয়ার প্রয়োজন তাহা যদি আমরা আষাঢ়, শ্রাবণ বা ভাদ্রমাসে দেই তাহলে তাহা কৃষকদের কোন কাজে লাগবে না। কাজেই আমাদের সরকার যে সমস্ত জিনিষ কৃষকদিগকে দিয়ে থাকেন তা যেন তারা ঠিক সময়মত পান, এই কথা আমি বলতে চাই। কৃষি ঋণ মুকুব করার জন্য অনেক সদস্য বলেছেন। প্রত্যেক বৎসর আমরা কৃষি ঋণ দেই কিন্তু তা সম্পূর্ণ আদায় হয় না। আদায় না হওয়ার একটা কারণ ব্যক্তিগত ভাবে আমি বলতে পারি যে, যে সময় ফসল ঘরে আসে, যখন তাদের হাতে টাকা থাকে তখন কোন তাগিদ দেওয়া হয় না। কৃষক ভাইয়েরাও মনে করে আগে মহাজনদের টাকাটা দিয়ে দেই পরে সরকারের টাকাটা দেওয়া যাবে। এইভাবে বৎসরের পর বৎসর চলে যায়। আমার মনে হয় ঠিক সময় মত তাদিগকে তাগিদ দেওয়া হয় না। না দেওয়ার ফলে

দুবৎসর, চারবৎসর, ১০ বৎসর পরে তাদের কাছে একটা নোটিশ যায় তখন ১০০৲ টাকা সুদে আসলে ৩০০৲ টাকায় পেঁছায়। কাজেই কৃষি ঋণ আদায়ের জন্য যাতে ঠিক ঠিক সময়ে তাদের কাছে নোটীশ যায় সেইজন্য আমি speaker মহোদয়ের মাধ্যমে মন্ত্রীমণ্ডলীর কাছে অনুরোধ রাখব।

কৃষকরা যে ঋণ নেয় তা যদি সব সময় Co-operativeএর মাধ্যমে দেওয়া হয় তবে তাদের বিশেষ সুবিধা হয়। কৃষি অফিস থেকে যে ঋণ দেওয়া হয় তা পেতে অনেক সময় লাগে, অনেক খরচ হয়। কাজেই আমি অনুরোধ করব মন্ত্রীমণ্ডলী যেন এই দিকে নজর দেন। অমরপুর সম্বন্ধে কয়েকজন মাননীয় সদস্য বলেছেন যে সেখানে নাকি খুব অভাব, তিনজন লোক না খেয়ে মরেছে। অমরপুর আমার পাশাপাশি। আর যারা এই অভিযোগ করেছেন তারা অনেক দূরে থাকেন। অমরপুর প্রায় বৎসরই এই সময়ে একটা অভাব দেখা দেয়।

Mr. Speaker :—I request the Hon'ble member not to deal with this point. Simply about the bill and its principles, not about this.

Shri Nishi Kanta Sarkar : অমরপুর সম্বন্ধে আমি বলতে চাই যে এসময়টা সেখানে খুব অভাব, তাদেরে test relief দিলেই যে তারা চাউল কিনে খেতে পারবে তা আমি মনে করিনা। অন্ততঃ সঙ্গে সঙ্গে তারা যেন সরকারী সাহায্য পায় সেই দিকে নজর দিতে আমি অনুরোধ করব।

শিক্ষা সম্পর্কে আমি বলব যে ত্রিপুরায় শিক্ষার যথেষ্ট উন্নতি হয়েছ এবং আরো হচ্ছে। তবে বোর্ডিং সম্বন্ধে অনেক কথা হয়েছে। আমি বলব যে শহরে, যেমন উদয়পুর, বিলোনীয়া, সাব্রুম যে বোর্ডিং আছে তাতে সিটের সংখ্যা খুব কম। ১০ বা ২০টা সিট, তাও অন্যান্য সুযোগ সুবিধা খুব কম। প্রত্যেক স্কুলে বোর্ডিং সংখ্যা বাড়াবার জন্য আমি অনুরোধ রাখব। পূর্ত্তবিভাগ সম্বন্ধে আমি বলব যে পূর্ত্তবিভাগ যথেষ্ট রাস্তাঘাট তৈয়েরী করেছে।অন্যান্য কাজও করেছে। তবে আমি বলব প্রথমে পূর্ত্তবিভাগ রাস্তাঘাট করেছে ঠিক কিন্তু যে স্থানে পুল করা দরকার, সেই সমস্ত স্থানে এখনও পুল করে নাই। ইহার ফলে কৃষকরা তাদের উৎপন্ন দ্রব্য গরুর গাড়ীর সহোয্যে সহরে আনতে পারে না। গরুর গাড়ী বা মহিষের গাড়ীর সাহায্যে সহর থেকে মালপত্র আনা নেওয়া তাদের পক্ষে খুব অসুবিধা হয়। আমি মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে মন্ত্রী মণ্ডলীকে বলব যেন তারা গ্রামের রাস্তার সঙ্গে সঙ্গে পুলের ব্যবস্থাও করেন।

আমি এখন উদয়পুরে মৎস্য চাষ সম্বন্ধে দু'একটা কথা বলব। উদয়পুরে যে জলাশয়গুলি আছে যেমন অমর সাগর, জগন্নাথ দীঘি, মহাদেবের দীঘি এগুলি বহু দিন থেকে মৎস্য চাষের দিক দিয়ে চেষ্টা করছে কিন্তু কোন ফলাফল পাচ্ছি না। এদিকে যাতে মন্ত্রীমণ্ডলী জোর দেন সেজন্য আমি আশা করব। এ ছাড়া চন্দ্রসাগর নামে উদয়পুরে একটা দীঘি আছে এ দীঘিটা পরিস্কার করার জন্য চেষ্টা হয়েছিল কিন্তু এখন পর্য্যন্ত এটা ভালভাবে পরিস্কার হচ্ছে না। এটার জন্যও যাতে মন্ত্রীমণ্ডলী একটু নজর দেন সে জন্য আমি অনুরোধ করব।

জুমিয়াদের সম্বন্ধে আমি কিছু বলব। তাদের দাদন প্রথা লোন, কৃষি লোন মকুব সম্বন্ধে বলা হয়েছে দাদন, লোন সম্বন্ধে আমার বক্তব্য, মহাজনরা যেভাবে দাদন, লোন দিত এভাবে এখন আমাদের সরকার থেকে প্রত্যেক বৎসর দাদন লোন দেওয়া হয়ে থাকে। কিন্তু আদায়ের ব্যাপারে সেটা ঠিকমত আদায় হয় না। হয়ত তহশীলদার গেল লোন আদায়ের জন্য তারা সময় চাইল এবং সময় দিয়ে এল। এভাবে করে ১০ বৎসর বৎসর হয়ে গেছে হয়ত তাদের মধ্যে কেউ কেউ মরেও গিয়েছে, কিন্তু লোন আদায় করা হল না। এভাবে

হয়ত ৫০ টাকা লোন ৮ বৎসর বা ১০ বৎসর পরে সুদ করে দেখা গেছে যে ৫০ টাকায় ১২০ টাকা বা ২০০ টাকার মত প্রায় হয়ে গিয়েছে। আমি জানি ২।৩ টা লোকের টাকা ৬০০ টাকায় তাদের ১৬০০ টাকা প্রায় দিতে হয়েছে।

জুমিয়াদের যে ৫০০ টাকা, loan ২০০ টাকা বা ৩০০ টাকা instalmentএ দেওয়া হয়, তাতে দেখা যায় আমাদের উদয়পুর Sub-Division এ অনেক জুমিয়া ঠিক মত পুনর্ব্বসতি পায় নি, তাদেরকে শুধু এই ৫০০ টাকা loanএর উপর সীমাবদ্ধ না রেখে টাকা বাড়িয়ে দিয়ে যাতে তাদেরকে টিলা, লোঙ্গাজমি ফলের বাগান ইত্যাদি দেওয়া হয় তার জন্য আমি মন্ত্রীমণ্ডলীর কাছে এই অনুরোধ রাখব। তা না হলে জুমিয়ারা বাঁচতে পারবে না। যাতে তারা জমিগুলি বিনা নজরে পেতে পারে সেজন্য আমি মন্ত্রীমণ্ডলীকে অনুরোধ করব।

Co-operative Society গুলি যাতে আরও উন্নত হয় সে দিকে সরকার যাতে নজর দেন সেজন্য আমি অনুরোধ করব। আমরা জানি সরকারের এতে হাত নেই, গ্রামের লোক দিয়েই আমরা Co-operative করে থাকি। তবুও গ্রামের লোকেরা এই co-operative এর প্রতি বিশেষ আগ্রহী নয় এবং উৎসাহী নয়। কাজেই আমি মনে করি সরকার তার লোক দ্বারা বা কর্ম্মচারী যারা কমিটির মাধ্যমে যদি দেশের লোককে উৎসাহ দান করেন এবং সমবায় নীতিটা বুঝাতে পারেন তাহলে আমার মনে হয় সেটা কার্য্যকরী হবে। আমি জানি Land mortgage নামে কৃষকদের একটা দীর্ঘমেয়াদী ঋণ আছে। এই ঋণ সম্বন্ধে কৃষকরা যাতে ভালভাবে বুঝতে পারে তারজন্য সরকারের মাধ্যমে প্রচারের প্রয়োজন। Reserve সম্বন্ধে আমি পূর্ব্বেই বলেছি Reserve টা যদি সীমাবদ্ধ রাখে তবে মানুষের ততটা অসুবিধার কারণ হয় না। আমাদের এখানে দেখতে পাই Reserve area এর একটা সীমানা নেই। কাজেই আমি মন্ত্রীমণ্ডলীকে অনুরোধ করি যদি Reserve এর একটা ঠিক ঠিক map করা হয় তাহলে আমরা যারা জনপ্রতিনিধি আছি তারা দেশের জনসাধারণকে সেই সম্বন্ধে বুঝাতে পারব। এ সম্বন্ধে আমি বলছি আমি বহুবার এ ব্যাপারে আলোচনা করেছি। কিন্তু এ পর্য্যন্ত কোন নজির পত্র পাচ্ছিনে। Reserve সম্বন্ধে বা জোতের গাছ সম্বন্ধে আমরা বলে থাকি বা বলেছিও যে Settlement হলে এটা সম্পর্কে একটা অধিকার দেওয়া হবে। আমার Sub-Division এ Settlement প্রায় হয়ে গেছে। আমি তাই মন্ত্রীমণ্ডলীকে অনুরোধ করব যাতে জোতের গাছ তারা পেতে পারে।

শিল্প সম্বন্ধে বলতে গেলে আমি প্রথমেই বলতে চাই আমরা সাধারণতঃ হতাস হয়ে পড়ি যে আমাদের দেশে শিল্পের বিশেষ প্রগতি নেই। আমাদের দেশে তাঁতশিল্পের অনেক উন্নতি হয়েছে। কারণ আমাদের দেশের তাঁতীরা এই শিল্পের মাধ্যমে বর্ত্তমানে ভাল ভাল বস্ত্র বয়ন করতে পারে। আমার মনে হয় সরকার যদি Co-operative এর মাধ্যমে সুযোগ্য কারিগর রেখে তাঁতের কাপড় বয়ন করান তাহলে এই শিল্পের আরও প্রসার হবে এবং দেশের বহু বেকার এ শিল্পে যোগদান করে বেকার সমস্যা থেকে মুক্ত হবে। শিল্পের জন্য যে ভাবে দু'হাজার তিন হাজার করে টাকা দেওয়া হয় তা এভাবে ব্যয় না করে একটা scheme করে যাতে কুটীর শিল্পটা গড়ে উঠতে পারে, সেদিকে ব্যবস্থা করার জন্য আমি মন্ত্রীমণ্ডলীকে অনুরোধ করব। Motor Service সম্পর্কে আমি মাননীয় Speaker এর মাধ্যমে মন্ত্রীমণ্ডলীকে অনুরোধ করব, অমরপুর Sub-Division এ যাতে আমরা তাড়াতাড়ি Bus Service পেতে পারি সেদিকে যেন মাননীয় মন্ত্রীমণ্ডলী নজর দেন। এ বলেই আমি আমার বক্তব্য শেষ করলাম

Mr. Speaker :—Shri Karunamay Nath Choudhury.

Shri Karunamay Nath Choudhury :- মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে আমাদের বাজেটের যে Appropriation পেশ করা হয়েছে সে সম্বন্ধে কিছু বলার চেষ্টা রাখব। প্রথমে আমি আলোচনা করছি Income Tax on agriculture সম্পর্কে। আজকে ত্রিপুরার অধিকাংশ জমি জরিপ হয়ে গেছে। যে সমস্ত কৃষকের জমি তাদের holding এর বেশী রয়েছে, যাদের আয় আছে, বিশেষ করে আমাদের Agriculture Department এ একটা হিসাব রয়েছে যে কত জমিতে কত আয় হয়। সরকারের সেই schedule অনুযায়ী যে সমস্ত লোকের উপর income tax ধার্য্য করা যায় তাদের income tax বাদে যে সমস্ত notice অন্য লোকদের উপর যায় তা সত্বর যেন বন্ধ করা হয় তার অনুরোধ রাখব এইজন্য যে এতে যারা কৃষক তাদের থেকে আমরা income tax পাইনা আমাদের কিছু খরচ হয় আর office খরচ একটা শুধু বাড়ে, এছাড়া আর কিছুই থাকে না। আমি এ প্রসঙ্গে এতটুকুই বলব আমরা গণতান্ত্রিক এবং সমাজবাদী দেশ গড়ে তুলব। সেই গণতান্ত্রিক এবং সমাজবাদী দেশ গড়ে তুলতে হলে এই গণতন্ত্র এবং সমাজবাদ জিনিষটার অর্থ কি সে সম্পর্কে যাতে সবাই পরিচিত হতে পারে সেজন্য ত্রিপুরা রাজ্যে একটা Seminar হওয়া প্রয়োজন বলে আমি মনে করি। তা না হলে পরে বিভিন্ন অফিসের তরফ থেকে জাতীয় সরকারের যে চিন্তাধারা সেই চিন্তাধারা ঠিক ঠিক ভাবে তারা রূপ দিতে সমর্থ হবেন না। আমার মনে হয় এই প্রশ্ন আমার রাখতে হত না যদি গণতান্ত্রিক সমাজবাদ সম্পর্কে আমাদের officer দের ঠিক ঠিক ধারণা থাকত। আমি জানি যে অনেক লোকের জমি হয়ত শেষ হয়ে গিয়েছে কোন দিন হয়ত তাদের জমি ছিল আজকে হয়ত তাদের নিজের উৎপাদন যোগ্য ফসলের জমি নাই এমনি অবস্থায় তাদের উপরও agriculture income tax এর notice দেওয়া হয় এটা থেকে যেন তারা বাদ পড়ে। আমি যতটুকু জানি চা বাগানগুলো agricultural income taxএর কোঠায় পড়ে আমার যতটুকু মনে হয় এই রাজ্যে যে সমস্ত চা বাগান রয়েছে সেই সমস্ত চা বাগানের অধিকাংশ মালিক এখানে নাই। তারা যেন চায়ের agriculture income tax টা এই রাজ্যে দিতে বাধ্য হয় তার ব্যবস্থা সরকার করেন। এরপরে আমি বলব land Revenue সম্পর্কে। বিশেষ করে আমি ধর্মনগর সম্পর্কে বলব ধর্মনগরের অধিকাংশ জমি তালুকদারী স্বত্ব সম্পন্ন যার ফলে সেখানে অতি ছোট তালুকের মালিক যদিও তারা ছোট ছোট holding এর মালিক। বর্ত্তমানে যে নীতিতে আমরা land Revenue বাড়ানোর চেষ্টা করছি, আমি আইনে দেখেছি—যে সরকারী officer দের লক্ষ্য হল যে নূতন ভাবে তারা যে খাজনার rate ধার্য্য করবে ভবিষ্যতে বর্ত্তমানের নির্দ্ধারিত rate এর উপরে কি পরিমাণ বাড়বে তাই আইনে লেখা আছে। কিন্তু ত্রিপুরা রাজ্যের লোক যে পরিমাণ খাজনা দিচ্ছে বর্ত্তমানে তার ফলে ২০ গুণ হবে বা ৩০ গুণ হবে তারা এই ধারায় আসছেন না। যার ফলে যে ক্ষেত্রে এক জন লোক ধর্মনগরে ১ কাণিতে ।৵০ আনা করে খাজনা দিচ্ছেন তার ফলে বর্ত্তমানে ২ কাণিতে ১০ টাকার মত খাজনা দিতে হবে। বাজার ও সহর এলাকায় যে সমস্ত জমি আছে তার সম্পর্কে পৃথক নীতি রয়েছে। আমি agricultural income tax সম্পর্কে।

Mr. Speaker :—I request the Hon'ble member to go on with his speech without listening to the remarks or the Comments at all.

Shri Karunamay Nath Choudhury :— আমি যতটুকু মনে করি land Revenue নির্দ্ধারণ সম্পর্কে আমাদের সাবধানে চলার প্রয়োজন হবে। মাননীয় অধ্যক্ষ মহোদয় আমরা ভারতবর্ষের কৃষক, মজুররা আজ বলব এবং বলেছি যে আমরা আশা করেছিলাম ভারতবর্ষ স্বাধীন হলে পরে জাতীয় সরকার যে সমস্ত জাতীয় সম্পদ জাতীয়করণ করবেন তার আয়ের অংশটা কৃষক ও শ্রমিকরা ভোগ করবে। বর্ত্তমান যে

সরকার আমরা প্রতিষ্ঠিত করেছি আমাদের প্রতিজ্ঞা হল একটা welfare state গঠন করা। আমরা তা ব্যয় করতে যাচ্ছি কিন্তু খুব সম্ভব land Revenue সম্পর্কে আমাদের একটা চিন্তা আসছেনা যে ভারতবর্ষের কোথাও irrigated land ছাড়া স্বাভাবিক ভাবে জমির উর্ব্বরতা শক্তি বৃদ্ধি পেয়ে ফসল উৎপন্ন হয়নি। মানুষের অতিরিক্ত পরিশ্রম সার প্রয়োগ ইত্যাদির দ্বারা ফসল বাড়বে। এছাড়া ফসল বাড়তে পারে না। আমি একজন কৃষক আমি নিজে কৃষি করি তাই আমার অভিজ্ঞতা থেকে তা বলছি। ঠিক সেই ক্ষেত্রে যে জমির আমি উন্নতি করতে পারিনি সেই জমির ১০ টাকা খাজনা নির্দ্ধারণ করব। নির্দ্ধারণের সময় আমার নৈতিক অধিকার সম্পর্কে আমার অবহিত হওয়ার দরকার রয়েছে। আমরা Rail line জাতীয়করণ করেছি Aviation service জাতীয়করণ করেছি Life Insurance Corporation জাতীয়করণ করেছি, সরকারী ব্যবসা বাণিজ্যের আমরা ব্যবস্থা করেছি। এই ত্রিপুরা রাজ্যে কিছুদিন আগে যখন পাটের দর খুব নেমে গিয়েছিল তখন Co-operative এর মারফতে বাঁধা দরে বিক্রি করার ব্যবস্থা করেছি। Welfare State এ আমরা এটা করে থাকি। এখন যে কৃষককে আমরা relife দিব অর্থাৎ তার অন্ততঃ ৮ ঘণ্টা খাটুনির থেকে যে তার রুজি রোজগার ন্যায়সঙ্গত ভাবে করবে এই যে মানবিক অধিকার আমরা স্বীকার করেছি, আমাদের দেখতে হবে সরকারী কর্ম্মচারীরা ৮ ঘণ্টা খাটুনি করছে তার পর আমরা তাদেরকে overtime দিচ্ছি এই ত্রিপুরা সরকারও কর্ম্মচারীদের overtime দিচ্ছে এবং তারা তাদের benefit নিচ্ছে। একজন গরীব কৃষক একজন শ্রমিকও সেই সমান অধিকারের অধিকারী। তার সেই অধিকার সে কতটুকু নিচ্ছে সেটা বিবেচনা করে দেখতে হবে। আজ আমরা স্কুলে বিনা বেতনে Class viii পর্য্যন্ত পড়তে দিচ্ছি, হাসপাতালের সুযোগ সুবিধা দিচ্ছি, তারপরও আমাদের দেখতে হবে তার যে নিম্নতম দাবী সেগুলো আমরা মিঠাতে পারছি কিনা। যদি তা করতে না পারি তা হলে Land Revenue এমন পর্য্যায়ে দেওয়া উচিত হবেনা যেটা তাদের পক্ষে পীড়াদায়ক হবে। আমি এর পরে বলব যে মানুষ যে বাড়ীতে বাস করে সেই বাড়ীর খাজানা তার পক্ষে যাতে দিতে না হয়। আমি ভগবান সৃষ্ট একজন জীব, আমি ভগবান ছাড়া বসবাসের জায়গার জন্য অন্য কারো কাছে যেন ঋণী না থাকি এ বাস্তবিক ইচ্ছা মানুষের মনে থাকে। আমি আশাকরি Land Revenue যখন আমরা ঠিক করতে যাব তখন ঐ বসবাসের জায়গার খাজানা মাপ করা যায় কিনা সেদিকে চিন্তা করে দেখা হবে। এর পরে আমি State Excies duties সম্বন্ধে কয়েকটি কথা বলব। আমি যতটুকু জানি মাদক দ্রব্য আমাদের বর্জ্জন করা আমাদের নীতি। মাদক দ্রব্য হঠাৎ বন্ধ করে দেওয়ার ফলে, আমি যতটুকু জানি, হরিজন সেবক সঙ্ঘের কর্ম্মী হিসাবে আমার যতটুকু অভিজ্ঞতা হ'য়েছে, তাতে আমি বলব ত্রিপুরা রাজ্যে মাদক দ্রব্য বন্ধ করে দেওয়ার ফলে Privately বিভিন্ন জায়গাতে liquor তৈরী করা আরম্ভ হয়েছিল। আমাদের খুব খেয়াল রাখতে হবে দেশের দুর্নীতি বন্ধ করতে হলে, যেহেতু দুর্নীতি বন্ধ করতে পারলাম না তখন আমরা যেন তাকে বাড়িয়ে না দেই। আমি শুনেছি যে ত্রিপুরা রাজ্যে স্থায়ীভাবে liquor shop বন্দোবস্ত দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। এভাবে যদি আমরা মাদক দ্রব্য বন্ধ করার কার্য্যে অগ্রসর হই তা হলে আমার কিছু বক্তব্য থাকেনা। আমার সন্দেহ এর ফলে মাদক দ্রব্য বর্জ্জন করা তো দূরের কথা এতে এক-চেটীয়া ছিল তাই রয়েছে, অতএব আমাদের Revenue আমরা ঠিক ঠিক পাব বলে আমি বিশ্বাস করিনা। কারণ Monopolisation কোন welfare State এ থাকতে পারে বলে আমি বিশ্বাস করি না। যদি থাকে তা হলে তার আইন সংশোধন করে পরিবর্ত্তন করা বাঞ্ছনীয়। যদি আমরা তা না করতে পারি তবে আমরা আয় থেকে বঞ্চিত হবো। আমরা যে ক্ষেত্রে কৃষকের থেকে বেশী করে খাজনা আদায় করতে পারি-

সেই চিন্তা করছি সেই ক্ষেত্রে ব্যবসায়ীদের এমন কোন সুযোগ দেওয়া উচিত নয় যাতে আমাদের State এর Revenue ক্ষতি হতে পারে। আমি এই বলে Excise duties সম্পর্কে আমার বক্তব্য শেষ করছি।

এর পরে Taxes on vehicles মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমরা ত্রিপুরা রাজ্যে কোন vehicle প্রস্তুত করছিনা, বাহির থেকে আমদানি করছি, এই আমদানির উপরে একটা বিরাট Tax আছে, অবশ্য সেটা India Govt. পান। এখানে Motor vehicle সম্পর্কিত যে Committee রয়েছে, আমি যতটুকু জানি solely confined at Agartala ত্রিপুরা রাজ্যের বিভিন্ন Sub-Division এ কিছু কিছু সংখ্যক গাড়ী রয়েছে এখন। সর্বত্র যখন গাড়ী রয়েছে, সমস্ত রাজ্যের কিছুটা interest মফঃস্বলের লোকদেরও দেখার প্রয়োজন আছে। আমি এক্ষেত্রে একটা ঘটনার উল্লেখ করতে চাই। নূতন যে ১০টী Delux Bus চালু হয়েছে, তার সেই ১০টী Bus এর permission সম্বন্ধে আজ এখানে আলোচিত হয়েছে। আমি সেইগুলো দেখেছি। তাতে দেখলাম গাড়ীর tyre গুলো পুরাতন। আমি তখন ত্রিপুরা রাজ্যের একজন officer কে জিজ্ঞাসা করলাম নূতন এই গাড়ীগুলোর tyre গুলো পুরাতন কেন, তাতে ঐ officer ঠাট্টা করে বললেন যে "old wine in new bottle. This is your Govt. policy." আমি অত্যন্ত লজ্জা অনুভব করলাম যে একজন সরকারী কর্মচারী এভাবে মন্তব্যটি করলেন, তিনি আমাকে এ কথাই বললেন যে ত্রিপুরা রাজ্যের পুরাতন Truck গুলোকে নূতন body করে আনা হয়েছে এবং তার ফলে পুরাতন tyre আপনি দেখতে পাচ্ছেন। আমার ধারণা ছিল গাড়ীগুলো সত্যিই নূতন। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আইন সব সময়ই মানুষের অবস্থার সঙ্গে মিল রেখে চলবে। এটা স্বাভাবিক নিয়ম নয়। মানুষের মানবিক অধিকার যাতে আইনের কোন অংশ স্পর্শ না করে সেজন্যই আমরা দেখছি যে আজকে সংবুদ্ধি প্রণোদিত সরলতা ইত্যাদি শব্দ বলে আজকে আমরা কাশ্মীরের শের-ই-কাশ্মীর আবদুল্লাকে মুক্তি দিয়েছি, আইনের সুযোগ আমরা নিয়েছি এবং আইনের বলেই আমরা একটা লোককে এগার বৎসর বন্দী রেখেছিলাম সুতরাং আইনের ব্যাখ্যার জন্য আমি এখানে বক্তৃতা দিচ্ছি না, আমি দিচ্ছি আইনের Relief কি করে মানুষ পেতে পাবে সেই সম্পর্কে যে policyর দ্বারা আমরা এ welfare state এ This welfare may be distributed to all citizens, আমি সেই principle এর উপরে আমার বক্তব্য রাখছি।

Stamps and Court fees মাননীয় অধ্যক্ষ মহোদয় এই রাজ্যের জমির অধিকাংশ অংশ কৃষকদের হবে এটা খুব স্বাভাবিক। তাদেরকে কৃষির সময় উপযুক্ত বীজ দেওয়ার ব্যবস্থা আমাদের নেই। যার ফলে আইনের ফাঁকে চোখের সামনে লোক সাফ্ কবলায় জমি বন্দক দিচ্ছে মহাজনদের নিকট হতে সুদে টাকা নিচ্ছে। এই সুদের ভাগটা এই রাজ্যের কৃষকদেরই সর্ব্ব প্রথম এই stamp Act অনুযায়ী একবার জমি দেওয়ার সময় এবং আর একবার জমি ফেরত নেওয়ার সময় stamp duty দিতে হচ্ছে। Court fee বৃদ্ধি হয়েছে এ সম্পর্কে অনেক আলোচনা হয়েছে। আমি শুধু Stamp সম্পর্কে বলব। ভারতবর্ষের খুব সম্ভব গরীবতম রাজ্য এই ত্রিপুরা রাজ্য। এখানের জীবন যাত্রা অত্যন্ত ব্যয় বহুল। আমি অনুরোধ জানাব যাতে এর মধ্যে যদি আইন গত কোন অসুবিধা না থাকে তবে stamp and court fee Act যেন replace করা হয়। যাতে শতকরা ৯০ ভাগ যে রাজ্যের কৃষক তারা যেন এই stamp Act এর যে ব্যয় ভার তার থেকে কিছুটা রক্ষা পেতে পারেন। কারণ তারা মহাজনদের দ্বারা কবলিত। Rural credit survey report থেকে আমরা জানি ত্রিপুরা রাজ্যের ঋণের পরিমাণ কত। ভারত-বর্ষের উন্নতির জন্য যে ১২৬,০০০ কোটি টাকা ঋণ সেই ঋণের যদি মাথা পিছু আমরা হিসাব করি

তা হলে দেখব যাদের Bank balance আছে, যাদের কল কারখানা আছে, যাদের insurance এর মোটা টাকা আছে, যাদের বহুল সম্পত্তি আছে তাদের মাথা পিছু যত টাকা একজন কৃষকেরও তত টাকা। সুতরাং আমাদের চিন্তা করতে হবে আমার সেই দুঃস্থ ভাইদেরকে কতটুকু relief দিতে পেরেছি। আমি তার জন্য বলব এই Actএ যদি কোন অসুবিধা না থাকে তবে অন্য কোন প্রদেশ থেকে অথবা নূতন কোন আইন রচনা করে বর্ত্তমান যে Stamp and Court fees Act চালু হয়েছে তার থেকে কম হারে নেওয়ার যেন ব্যবস্থা করা হয়। Other tax and duties এ সম্পর্কে আমার বক্তব্য কিছু নাই। কারণ entertainment tax ইত্যাদি রয়েছে, এটা সর্ব্বভারতীয় ব্যাপার, Registration সম্পর্কে আমার বক্তব্য কিছু নেই, Parliament, State and Union Territory Legislation সম্পর্কে আমার কিছু বক্তব্য রয়েছে, আমার বিরোধীদলের সদস্যরা হয়ত আমাকে ঠাট্টা করতে পারেন কিন্তু এ বাজেট discussionএর মধ্যে একটা আবেদন রাখছি যে সদস্যদের বেতন বৃদ্ধি হওয়া আবশ্যক। আজকে গণতন্ত্রের অতন্দ্র প্রহরী হিসাবে ত্রিপুরা রাজ্যের যে কয়েকজন লোক বিধান সভায় আসবেন তাদের জীবন ধারা যদি সরকার তথা জনসাধারণ না দেখেন তবে আমার মনে হয় যে বিরাট জিনিষের রূপ আমরা দিতে যাচ্ছি তাতে জনসেবকরা ঠিক ঠিক সুযোগ পাবেন না। কারণ তারা আইন সঙ্গত ভাবে এমন কোন ব্যবসা করতে পারেন না যার ফলে contract ইত্যাদি রয়েছে। কাজেই তাদের যদি পবিত্র জীবন যাপন করতে হয়, যদি পৃথিবীর মধ্যে একটা শ্রেষ্ঠ আদর্শ গড়ে তুলতে হয় তবে তাদের বর্ত্তমান ব্যয় বহুল জীবন যাপনের জন্য তাদের বেতন বৃদ্ধি করা আবশ্যক বলে আমি দাবী করি। আমি আশা করি বিরোধী দলের যারা আছেন তারা ঠাট্টা বিদ্রূপ করলেও তাদের সেই সমস্ত সহ্য করেও তাদেরকে এই দিক দিয়ে আমরা তুষ্ট রাখা উচিত বলে মনে করি। এর পর আমি General Administration সম্পর্কে কিছু কথা বলছি। General Administrationএ আমি লক্ষ্য করেছি যে এখানে আমাদের শাসন ব্যবস্থার বিভিন্ন বিভাগের মধ্যে একটা যোগাযোগ বা আত্মীয়তার বড় অভাব। আজকে কোন এক স্থান থেকে যদি একটা জমি পাই সেটা জুমিয়া পুনর্ব্বাসনে হউক বা যে কোন পুনর্ব্বাসনেই হউক তাতে এক Department-এর এবং আর এক Department-এর মধ্যে যেটুকু যোগাযোগ থাকা দরকার একটা uniformity থাকা দরকার সেই যোগাযোগের ব্যবস্থা করতে এত বেশী দেরী হয়ে যায় যার ফলে আমাদের পঞ্চবার্ষিকী পরিকল্পনাগুলো অনেক দূরে পিছিয়ে যায়। আমি প্রসঙ্গক্রমে একথা বলব যে আমরা যে সমস্ত জমি খাস করেছি সেগুলোর টাকা respective Department-এ রেখে রেখে আমাদের অনেক টাকা ঋণ হয়ে যায়, ঋণ হয়ে যায় তার অর্থ যে সেই টাকাগুলো যে মূলধন করি তার উপর চক্রবৃদ্ধি ইত্যাদি সুদ হয়। যার ফলে আমাদের যে পরিকল্পনা তার দাম যতটাকা ছিল তার চেয়ে অনেক গুণ বেড়ে যায়। এই অসুবিধাগুলো আমি এ রাজ্যের বিভিন্ন জায়গায় দেখেছি। আমি প্রসঙ্গত একথা বলতে পারি যে তিন বৎসর ধরে সরকারী বাড়ী হয়েছে কিন্তু টাকা দেওয়া হয়নি, সুদ বৃদ্ধি পাচ্ছে, এ রকম instance রয়েছে।

3-58—4-45 p.m.

Shri Kuranamay Nath Choudhury —আমি আশা করব যাতে সমস্ত Administration এ uniformity বজায় থাকে, তারজন্য General Anministration বিভাগ সেটা করবে। এরপর আমি Jail সম্বন্ধে কিছু বলব। রাজ্যে কয়েকটি জেল আছে। কিন্তু রাজবন্দী বা কয়েদী বিচার সাপেক্ষে হাজতে থাকেন। তাহাদিগকে আমরা পূর্ণ সুযোগ সুবিধা দিতে পারছি না। যারা আটক থাকে,

ভারতীয় নাগরিক হোক বা অন্য দেশের নাগরিক হোক তারা যাতে জেলে সমস্ত সুযোগ সুবিধা পায় সেই দিকে লক্ষ্য রাখার জন্য আমি অনুরোধ করব। পুলিশ সম্পর্কে আমি একটি কথা বলব। আমরা যখন একটা সরকার গড়ি তখন এই বিশ্বাসে গড়ি যে state is meant for security of life and property of the people. ত্রিপুরা রাজ্যে একটার পর একটা খুন হচ্ছে। আমরা লক্ষ্য করছি পুলিশ বিভাগের যতটুকু কার্য্যদক্ষতা থাকার প্রয়োজন ছিল তা নাই। থানাগুলিতে পুলিশের সংখ্যা এত কম যে বর্ত্তমান অবস্থার সঙ্গে তারা তাল মিলাইতে পারিতেছে না। মানুষ যাতে তার জীবন সম্পর্কে নিশ্চিন্ত হতে পারে পুলিশ বিভাগের সেই ভাবে ব্যবস্থা করা দরকার।

এখানে সীমান্ত সম্পর্কে অনেকে বলেছেন। আমি শুধু এই কথাই বলব যে এখন B. O. P ও থানায় দুইটা মিলে যে পরিমাণ case আসে তার সমস্ত record করা হয় না। যদি record করা যায় তাহলে দেখা যাবে যে সীমান্তে ৩ মাইল পর্য্যন্ত এলাকা সুরক্ষিত নয়। আমি অনুরোধ করব আমরা যেন সীমান্তের নিরাপত্তা এবং আভ্যন্তরীণ গোলযোগের ব্যাপারে আরও সাবধান হই। Misc. Deptt. সম্বন্ধে আমি কিছু বলব না। আমি Education সম্পর্কে দুইটি কথা রাখব। ধর্মনগরে একটা কলেজ করার জন্য আজ দু'বৎসর যাবৎ Privately চেষ্টা চলছে। আমি অনুরোধ করব সরকার যেন সেখানে একটা কলেজ করার চেষ্টা নেন। আমি আরও আবেদন করব সেখানে যেন একটা পলিটেকনিক এবং একটা Industrial Estate গড়া হয়। কারণ সেখানে Rail line আসার সাথে সাথে অবস্থার অনেক পরিবর্ত্তন হয়েছে। ভবিষ্যতে Heavy Industry গড়তে হলে আগে থেকে আমাদের সেই ভাবে পরিবেশ সৃষ্টি করতে হবে। কাজেই আমি অনুরোধ করব সেই স্থানে যেন Industrial Estate গড়া হয়। Medical সম্পর্কে আমি একটি আবেদন রাখব যে ধর্মনগর এলাকায় যক্ষা রোগ বিশেষ ভাবে বিস্তার লাভ করেছে। বৎসরে যে পরিমাণ মৃত্যুর হার সে একটা আতঙ্কের পর্য্যায় গিয়ে পৌঁছেছে। বাড়ীতে রেখে যে চিকিৎসার ব্যবস্থা তা ঠিক হয়না। আমি ধর্মনগরের কয়েকজন রোগীর কথা জানি যে তারা একবার মাত্র ঔষধ পেয়েছেন। তারপর আর যথাসময়ে ঔষধ পাচ্ছেন না। আমরা দাবী করি এটা Responsible Govt.। একজন রোগী তার নৈতিক অধিকার হল সে ঔষধ পাবে। আমরা এও জানি যে একজন রোগীকে বাড়ীতে রোগ চিকিৎসা করলে সরকারের মাত্র এক তৃতীয়াংশ খরচ যায়। সে ক্ষেত্রে রোগী যাতে যথাসময়ে ঔষধ পায় সেদিকে লক্ষ্য রাখতে হবে। Public Health সম্পর্কে আমাদের দেশে যে ব্যবস্থা চলছে তাতে আমি সন্তোষ প্রকাশ করছি। এরপর Agriculture সম্পর্কে দুইটি কথা বলব। আমাদের এই রাজ্যে বাহির থেকে যথেষ্ট পরিমাণ সুপারী আসে। এ রাজ্যে সুপারীর খুব অভাব। আমাদের যে সমস্ত scheme এ আদিবাসী পুনর্ব্বাসনের কাজ রয়েছে, সেখানে সুপারীর চাষ একটা Policy হিসাবে নেওয়ার প্রয়োজন রয়েছে। এই রাজ্যের সুপারীর অভাব পূরণ করতে বহু টাকা বাহিরে চলে যায়। সুতরাং এটা রোধ করার চেষ্টা করতে হবে। এই রাজ্যে আসাম থেকে পান আসে। এখানে পানের চাষের জন্য আদিবাসীদিগকে যদি মনিপুর কৃষিবিভাগ থেকে শিক্ষা দেওয়া যায় তা হলে Tribal এলাকায় পান চাষের সুবিধা হবে। আমি আর একটা কথা বলব যে আয়ুর্ব্বেদীয় ঔষধপত্রের বড় অভাব। যদি আমরা আমাদের প্রয়োজনীয় ঔষধপত্র কি ভাবে চাষ করতে হয় তা Agriculture School এর মারফতে প্রবর্ত্তন করি তাহলে শুধু এ চেষ্টায় ঔষধপত্রের অভাব মিটানো যাবে তা নয় বাইরেও ঔষধপত্রাদি চালান দিয়ে বহু টাকা আয় করতে পারব। বিশেষ করে আমি জানি এই রাজ্যের বনবিভাগ থেকে রাউলটিলার সারপেনটিনা নামে একটি ঔষধ যার পৃথিবীর সর্ব্বত্র আদর রয়েছে এই ত্রিপুরা রাজ্য থেকে আইনের ফাঁক দিয়ে হাজার হাজার মণ বাইরে চলে

গেছে, এখনও যাচ্ছে, যার ফলে এই রাজ্যের লোকেই শেষ পর্য্যন্ত এই দুর্ম্মূল্য ঔষধটি পাবে না। তার চাষ, তার সংরক্ষণ যদি হয় তাহলে এই রাজ্যের আয় বাড়িবে বলে আমার বিশ্বাস। আমি Animal Husbandry সম্বন্ধে একটি দাবী রাখব, বাজেটে যে জায়গায় Key village scheme এর প্রস্তাব রয়েছে সে জায়গায় Subsidy দিতে হবে. আমাদের বাজেটে ১২,০০০ টাকার প্রস্তাব রয়েছে, যাতে টাকাটা Key village scheme sanction হওয়ার সাথে সাথে দেওয়া হয়। তা যদি না দেওয়া হয়, তা হলে আমার বক্তব্য দীর্ঘতর হয়ে যাবে। তার যে কুফল দেখা দিয়েছে রাজ্যের সর্ব্বত্র। আমি ব্যাক্তিগত ভাবে যতটুকু খবর নিয়েছি এবং নিজে দেখেছি যে আমাদের এই নীতি প্রয়োগ করতে হবে যে গাভী ১ সের দুধ দেয় বা তার কম দুধ দেয় তাকে artificial insemination দেওয়া উচিত নয়। কারণ artificial insemination এর একটি বাচ্চার বয়স যখন ১ মাস হয় তখন তার ১ সের দুধে ত কুলায় না তার পাকা ২।। সের দুধের প্রয়োজন হয় দৈনিক তখন মা আর সেই দুধ দিতে পারে না। তার ফলে মাও নষ্ট হয় এবং বাচ্চাও মরে। এই রকম শুধু এক ক্ষেত্রে নয় বহু ক্ষেত্রে ঘটেছে। আমি আগরতলায় খবর নিয়েছি এবং অন্যান্য বিভিন্ন জায়গায়ও খবর নিয়েছি একই কুফল সর্ব্বত্র দেখা গিয়েছে। আমাদের Policy তে এটা ঠিক করতে হবে। যে সমস্ত এলাকার সমস্ত bull গুলিকে castration করে শেষ করে দিলাম অথচ যে গরুগুলি কম দুধ দেয় সেগুলিকে যদি আমরা artificial insemination দেই তা হলে গো-সম্পদ বৃদ্ধি হওয়াত দূরের কথা বরঞ্চ তাদের সংখ্যাটি কমে যাবে এবং এটা কৃষকদের বিশেষ একটা আয়ের অন্তরায় হবে এবং তাদের আয় কমে যাবে। আমি এ Policy সম্পর্কে বিশেষজ্ঞদের দৃষ্টি আকর্ষণ করছি, এবং আমি আশা করি এর সংশোধন হলে দুধের পরিমাণ না কমে বরঞ্চ বৃদ্ধি হবে। আমি Co-operative সম্বন্ধে কিছু কথা বলব, রাজ্যের সর্বত্রই আমরা কম বেশী Co-operative করেছি। এটা আমাদের রাষ্ট্রেরই একটা আদর্শ। অনেকেই এই Co-operative সম্বন্ধে বিরূপ মন্তব্য প্রকাশ করেছেন। কিন্তু যদি আমরা Co-operative Common Wealth এ কথাটি ভুলে যাই তা হলে আমাদের বিভিন্ন অসুবিধা আছে। ব্যাক্তিগত ভাবে হয়ত আমার ১০০০ টাকার সম্পত্তি না থাকতে পারে, কিন্তু Co-operative এর মারফতে যখন দেশকে সাহায্য করতে যাব, সুযোগ যখন দিতে যাবো দেশবাসীকে আমিই তখন আমার সম্পত্তি না থাকা সত্বেও আমার বন্ধুবান্ধবের, Member দের সাহায্যে একমাত্র Co-operative এর মারফতে সেই সুযোগ নিতে পারি। আমার মনে হয়, Co-operative Deptt. কে শক্তিশালী করতে হলে শুধু সরকারের কর্ম্মচারীর সংখ্যা বৃদ্ধি না করে Co-operative সম্বন্ধে একটি বিশেষ চিন্তার প্রয়োজন আছে। তাদের মূলধন কি ভাবে হতে পারে যেমন এখানে একটা Land mortgage Bank থাকে। তার টাকা দেওয়ার ক্ষমতা অত্যন্ত সীমাবদ্ধ, এ ক্ষেত্রে আমরা Budget এ কৃষি ঋণ বাবদ যত টাকা ধরেছি, আমি হিসাব করে দেখছি যে vehicle purchse এর জন্য যে Loan দেবো তার পরিমাণ খুব কম নয়। বিরাট সংখ্যক কৃষকদের জন্য আমরা যে বাজেট রেখেছি, এবং Vehicle এর জন্য যে বাজেট আমরা রেখেছি তা প্রায় সমান সমান। এই কৃষি ঋণ যদি আমরা Co-operative এর মারফতে দিতে চাই তাহলে Budgetএ সুযোগ থাকলে আমরা দিতে পারবো ঠিকই। কিন্তু আমাদের চিন্তা করবার প্রয়োজন রয়েছে। Co-operative গুলোতে সরকারী যে ব্যবস্থা রয়েছে তা পুরাপুরি যদি আমরা না দিতে পারি তা হলে যেমন আমরা সেদিন শুনেছি এখানে যে Sanitary implements কিনতে আমরা যে rate দিচ্ছি তা থেকে কম rate এ বাজারে পাওয়া যায়। আমার মনে হয় এখানে একটী Appex marketing Society রয়েছে। যদি তাদের এই সুযোগ দেওয়া হয়

বা Govt. এর যে সমস্ত Stationery জিনিষ কিনতে হয় তাতে marketing কে সেই সুযোগ দেওয়া হয় তা হলে সরকারই সরকারকে সাহায্য করবে এবং সরকার জনসাধারণকে অন্যভাবে সাহায্য করবেন মনে হয়। এ বিষয়ে চিন্তাশীলদের চিন্তা করবার জন্য আমি অনুরোধ জানাচ্ছি। যদি Co-operative কে আমরা ঠিক ঠিক ভাবে operate না করতে পারি তা হলে এইটা Welfare Deptt. এর মতই থাকবে তা ঠিক ঠিক উপকারে আসবে কিনা বুঝতে পারি না। Industry সম্বন্ধে আমি একথা বলতে চাই যে Heavy Industry এখানে কবে হবে তার নিশ্চয়তা কেহ এখনে দিতে পারে না। আমরা বিভিন্ন পত্র পত্রিকায় বিভিন্ন বিশিষ্ট জনের আশ্বাস দেখি কিন্তু আমার সাধারণ বুদ্ধিতে বুঝি এ ত্রিপুরা রাজ্যে যে দিন Paper mill হবে, তার পূর্ব্বে যদি কোন Private পার্টি সে নিজেই এ রাজ্যের বন বিভাগকে না জানতে পারে। তা হলে এমন কোন বোকা Capitalist নাই যে সে এখানে এসে তার টাকা invest করবে। সুতরাং তার একটা যথেষ্ট সময় লাগবে। এখানে Heavy Industry সম্বন্ধে আমাদের যে কয়েকটি Plan আছে তাহা অদূর ভবিষ্যতে গড়ে উঠুক ভাল কথা। তার পূর্ব্বে ছোট খাট Village Industry যেগুলো সেগুলো কিভাবে গড়ে উঠতে পারে আমাদের দেশের economy কিভাবে উন্নত হতে পারে বিশেষ করে জমির উপর যে চাপ এসেছে তা যাতে Industry তে যেতে পারে, তার একটা সৎ পন্থা অবলম্বন করা উচিত বলে আমি মনে করি। আমি Village Industry বলতে যেমন Sugar Mill না বলে Suger factory বলব তা হলে এটা Village Industry এর মধ্যে আসবে। আর যখন Sugar mill বলব তখন সেটা Heavy Industry তে চলে যাবে। সুতরাং ছোট খাট Village Industry যাতে গড়ে উঠে এবং ত্রিপুরা রাজ্যের লোকে বর্ত্তমানে জমির উপর যে চাপ তা যাতে কমতে পারে সে দিকে দৃষ্টি রাখার জন্য অনুরোধ করছি। Community Dev. project, national Extension Service & Local Dev. works ইত্যাদি সম্পর্কে রাজ্যের সর্ব্বত্র আমি একটা জিনিষ লক্ষ্য করছি। কিছুদিন পূর্ব্বেও জনসাধারণ যেভাবে উৎসাহ নিয়ে নিজেদের রাস্তা ঘাট প্রভৃতি তৈয়ার করতেন, বর্ত্তমানে সেই উৎসাহটি নেই আমি লক্ষ্য করছি। যদিও Local Dev. ইত্যাদিতে ৫০ ভাগ সরকারী সাহায্য আছে তবুও আজকাল জনসাধারণ সে সব কাজে উৎসাহ পাচ্ছে না। কেন পাচ্ছে না সে সম্বন্ধে একটা আলোচনা করা প্রয়োজন এবং জনসাধারণ যাতে পূর্ব্বের মত উৎসাহী হ'তে পারে তার প্রতি আমাদের দৃষ্টি দেওয়া উচিৎ। জনসাধারণের এই যে মানসিক অবস্থা তাহা দূর করার জন্য আমরা officer গুলিকে সরকারী ব্যয়ে training দিয়েছি, কিন্তু তারা যদি ঠিক ঠিক ভাবে কাজ করতেন আজ অবধি আমরা যতটাকা খরচ করেছি তাতে আমরা অনেকদূর অগ্রসর হ'তে পারতাম। এ প্রসংগে আমি একটা রাস্তার কথা উল্লেখ করছি যে ধর্মনগর হতে একটি রাস্তা হয়েছে, জনসাধারণ সেই রাস্তায় অধিকাংশ মাটি ফেলেছে। হঠাৎ একদিন দেখাগেল যে একজন Contractor এসে সেখানে কয়েকটা Culvert করছে। তখন জনসাধারণ জিজ্ঞাসা করল—আপনারা বল্‌লেন যে Local Dev. হতে আমরা কাজ করব। এখন Contracter কেন ? তখন বললেন যে এখন থেকে Contractor কাজ করবে, তখন থেকে জনসাধারণের উৎসাহ নষ্ট হয়ে গেল। তখন জনসাধারণ বল্‌লে যে সরকারের কাজ সরকার টাকা দিয়ে করাচ্ছে কাজেই আমরা কেন শুধু শুধু খাটতে যাব। যার ফলে সেই রাস্তায় ২/৩ টা Culvert ভেঙ্গে গেছে, এখন আর জনসাধারণ সেই রাস্তার যত্ন নিচ্ছে না। গত দুইমাস যাবত আমি ত্রিপুরার বিভিন্ন জায়গায় ঘুরেছি, তাই এই বিষয়ে আমি সর্ব্বত্রই ইহা লক্ষ্য করেছি। আমাদের এখানে যে Labour আছে তাতে আমরা শুধু Employment সম্পর্কে Educated & Uneducated র বিষয় দেখ্‌ছি

কিন্তু Labour কথা সংগে থাকলে ও তার চিন্তা কতটুকু করছি তাহা হিসাব করে যদি দেখি তা'হলে বলতে হয় প্রায় দেখছি না বলে মনে হয়। অতএব যে সব Labour রয়েছে তাদের Employment কি ভাবে হতে পারে তাহা বিশেষ ভাবে চিন্তা করা আমাদের দরকার। কারণ দিন মজতুরদের সংখ্যা যে ভাবে দিন দিন বাড়ছে তাতে আমরা মস্তবড় সমস্যার সম্মুখীন হব। তারা যেদিন বাহির হয় সেদিন ৩ টাকা পায় তাতে তাদের সুবিধা হয় কিন্তু সপ্তাহে যদি ২ দিন কাজ না পায় তবে তাদের দুর্দ্দশার অন্ত থাকে না। Misc. social & Dev. Organisation সম্পর্কে আমার বক্তব্য একেবারেই কম, কারণ ত্রিপুরা রাজ্যে এই প্রকারের Organisation খুব কম। তবে এগুলি যাতে উত্তরোত্তর বৃদ্ধি পেতে পারে তাহা আমি আশা করি। তারপর Irrigation, Navigation & Embankment সম্বন্ধে আমার কয়েকটি বক্তব্য আছে তাহা হ'ল এই যতক্ষণ না পর্য্যন্ত আমরা বাঁধ ইত্যাদি গড়ে না তুলতে পারি, Teohinical expart যারা আছেন, তারা যে সকল Scheme করছেন এবং সেগুলি যাতে কার্যে রূপান্তরিত হয় তা ছাড়া ভারতের অন্যান্য জায়গায় নূতন যে সব Scheme চালু হচ্ছে যেমন আমাদের ধর্মনগরে প্রথমে একটা Electric Machine দেওয়া হয়েছে। অন্যত্র যেখানে প্রয়োজন হয়েছে সেখানে আরও বড় একটা Machine স্থাপন করা হয়েছে। আমাদের দেশে বন্যার প্রকোপ যেভাবে বেড়ে চলেছে যেমন গত চৈত্র মাসেও আমাদের কৈলাশহরের, ধর্ম্মনগর এবং পাথারকান্দি রেলওয়ে রাস্তার উপর দিয়ে যে ভাবে বন্যার জল বয়েছে তাতে করে আমাদের ত্রিপুরাতেও ভারতের অন্যান্য অঞ্চলের ন্যায় কয়েকটি বাঁধ তৈয়ার করা একান্ত প্রয়োজন। এই সকল বাঁধ করতে সময় সাপেক্ষ কেননা ভারতের বড় বড় যে সব প্রকল্প হচ্ছে, তাতে কোন কোন জায়গায় ৪।৫ বৎসর লেগে যাচ্ছে। সে জন্য একটি প্রস্তাব করব যাতে বড় বড় Digger machine দিয়ে আমাদের দেশের জমিতে জল সেচ করা হয়, তাতে আমাদের অনেক উপকার হবে। কেননা, আমাদের Engineer, জমি, কৃষক সবই আছে অথচ সামান্য জল পেলেই আমরা আমাদের ফসল পেতে পারি। আমি আশা করব এদিকে যাতে সরকারের দৃষ্টি থাকে। এই machine-গুলি ক্ষতি হওয়ার কোন কারণ নেই এগুলি পরে আমরা অন্য কাজে সচ্ছন্দে ব্যবহার করতে পারব। Electicity Scheme সম্পর্কে আমার বক্তব্য বিশেষ নেই। এইটা সুখের কথা যে আমরা আসাম হতে বিদ্যুত পাচ্ছি। কিন্তু মনে হয় তাতে অনেক সময় লাগবে। public works সম্পর্কে দুঃখের সঙ্গে একটি কথা বলব, কেন জানি না ধর্ম্মনগর Civil Sub-Division এ গত এক বছরে সব চাইতে কম কাজ হয়েছে এবং Repair প্রভৃতি যা হয়েছে তাতে আমরা যে টাকা খরচ করেছি তা যথা সময়ে না হওয়ায় আমাদের যথেষ্ট ক্ষতি হয়েছে আমি আশা করব গত ২ বছরে ধর্ম্মনগরের যে একটা অবহেলা দেওয়া হয়েছে তার দিকে বিশেষ দৃষ্টি দেওয়া হবে। ইতিপুর্ব্বে আমি একটা প্রস্তাব নিয়েছিলাম যেগুলি long plan আছে তাকে আমরা ত্রিপুরা রাজ্যে এমন দুই ভাগ করে কাজ করতে—যেমন, বর্ষার সময়ে যে কাজ করা যায় এবং অন্য সময়ে যে কাজ করা যায়। তাতে আমাদের Staff ইত্যাদিকে বসে থাকতে হবে না আর যদি না করা হয় তবে আমরা বছর বছর লক্ষ লক্ষ টাকা বেতন মাহিনা প্রভৃতিতে খরচ করব কিন্তু আমাদের আসল কাজ কিছুই হবে না বাকী যে টাকার কাজ হবে না তা ফেরৎ দিতে হয়। আমরা বলি আমাদের savings অর্থাৎ তাহা হচ্ছে "Detrimental to the interest of whole public & the Tripura state also." তাতে আমাদের ত্রিপুরার উন্নতি ব্যহত হবে। যার ফলে এই রাজ্যের অগ্রগতি অন্যান্য রাজ্যের সহিত তাল সামলিয়ে চলতে পারবে না। Famine relief সম্বন্ধে আমি শুধু এইটুকু বলব

যে যখন যে জায়গার প্রয়োজন হবে সরকার সে ভাবে দিবেন। Privy Purse & allowance সম্পর্কে আমি বলব যে ভারতের অন্যান্য জায়গায় এই সম্বন্ধে যে নীতি আছে আমরা সে ভাবে চলবো, এতে নূতন বক্তব্য কিছু নেই। Printing & Stationery সম্পর্কে আমি বলব যে আমাদের নূতন মেশিন আসলে পরে বাহিরে Printing র জন্য আমাদের যে টাকা ব্যয় হইত তাহা বন্ধ করা যাবে। Forest সম্পর্কে আমি বলব—মাননীয় অধ্যক্ষ মহোদয় আমাকে আরও ৪।৫ মিনিট সময় দিবেন। আমি বলব ঘরবাড়ী তৈয়ার করতে অনেকগুলি কাঠের দরকার আছে। তাছাড়া এখানে অর্থকরী ও বনজ ঔষধের এমন কতকগুলি গাছ ও ফলাদি আছে তাতে আমরা অনেক লাভবান হতে পারি কিন্তু লোক সংখ্যার দিক দিয়ে বিবেচনা করলে আমরা দেখব বর্ত্তমানে আমাদের জমির উপরে বেশী মাত্রায় চাপ পড়ছে। অতএব আমাদের একটা রিসার্চ করে দেখতে হবে যে আমাদের এখানকার জমিতে কি ফলন ফলাইলে পরে আমরা অধিক লাভবান হতে পারব যাহা Tribal দের Rehabilitation এর পক্ষে আরও বেশী সহায়ক হবে। আমাদের এই রাজ্যে যে ভাবে লোক সংখ্যা বাড়ছে তাতে করে আমরা যদি বিশেষ করে বন বিভাগ হতে টিলা ইত্যাদি জমি হতে যদি আমরা বড় একটা আয় না পাই তবে আমাদের উন্নতি ব্যাহত হতে পারে। তারপরে National Emergency সম্পর্কে বলতে গিয়ে আমি বলব যে Border এ যে সমস্ত গ্রাম রয়েছে প্রত্যেক জায়গায় Defence Committee করে যেন চুরি ডাকাতি প্রভৃতি বন্ধ করা যায় তার দিকে বিশেষ দৃষ্টি দেওয়া দরকার। আমি Agricultural reaserch সম্বন্ধে বলতে গিয়ে Agriculturist সম্পর্কেও বলেছি। এরপর হচ্ছে Capital out lay on scheme of Govt. trading আমি এখানে বলব যদি আমরা এই scheme অনুযায়ী Govt. এর সব প্রয়োজনীয় দ্রব্যাদি state trading র মাধ্যমে কিনি তাহলে আমরা অতিরিক্ত দিয়েছি কিনা সে প্রশ্ন আসবে না। কেননা ঐ টাকা আবার আমাদের হাতেই ফিরে আসবে। আমি বর্ত্তমান Budget appropriationএর ব্যাপারে আমার বক্তব্য এখানে শেষ করলাম।

Mr. Speaker :—I would now call on the Finance Minister to reply the debate.

শ্রীমনীন্দ্রলাল ভৌমিক :—মাননীয় অধ্যক্ষ মহোদয় আমি পূর্ব্বেই বলেছি আমরা ত্রিপুরার জন্য যে বাজেট রচনা করেছি তা ত্রিপুরার ১২ লক্ষ লোকের সামগ্রিক উন্নতির দিকে লক্ষ্য রেখেই রচনা করেছি এবং এই বাজেটের বিভিন্ন খাতে যে ব্যয় বরাদ্দ ধরা হয়েছে তারই Appropriationএর জন্য Houseএ আজ এই Appropriation Bill আনা হয়েছে। আজকে এই Appropriation Bill আলোচনা প্রসঙ্গে যে বিষয়টা Houseএ বেশী প্রাধান্য লাভ করেছে--ত্রিপুরা একটা ঘাটতি অঞ্চল এটা আমরা সকলে স্বীকার করি এবং খাদ্যের ঘাটতি পূরণের জন্য আমরা বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করেছি। তবে এক বৎসরে তা পূরণ নাও হতে পারে। এইসব পরিকল্পনার দ্বারা ক্রমে ক্রমে আমাদের ঘাটতি পূরণ হবে এইটা আমার দৃঢ় বিশ্বাস। এই ঘাটতি পূরণের জন্য যে সব scheme নেওয়া হয়েছে যেমন State Agricultural Production সেইগুলি সম্পর্কে আমি আর আলোচনা করতে চাই না। এই খাদ্যপরিস্থিতির আলোচনা প্রসঙ্গে বিরোধীপক্ষের মাননীয় সদস্যগণ দাবী করেছেন যেন Amarpur দুর্ভিক্ষ এলাকা বলে ঘোষনা করা হয় কারণ সেখানে নাকি খাদ্য সঙ্কট চলেছে। দুর্ভিক্ষ বলতে কি বুঝায় তাহাই পরিষ্কার ভাবে বলা উচিৎ ছিল। যদি টাকা দিয়ে চাউল না পাওয়া যেত তবে বলতে পারতেন দুর্ভিক্ষ চলছে। কিন্তু অমরপুরে চাউলের অভাব নেই। আসল অভাব হচ্ছে যেটা, সেটা হল টাকা। অর্থের অভাবে সেখানকার জনসাধারণ আমাদের সরকারী রেশন সপ থেকে পর্য্যন্ত চাউল নিতে পারছেন না।

তাদের ক্রয় ক্ষমতা নাই। সেখানে food crisis নাই। সেখানে হল economic crisis। অর্থাভাব। যার ফলে সেখানে রেশন সপ থাকা সত্বেও তারা চাউল ক্রয় করতে পারছেন না। এই আর্থিক সঙ্কটে দিকে লক্ষ্য রেখে সেখানকার জুমিয়া কৃষক এবং উদ্বাস্তুদিগকে নানাভাবে ঋণ দেওয়া হয়েছে। কৃষকদিগকে Agricultural লোন দেওয়া হয়েছে এবং জুমিয়া কৃষকদিগকে দাদন ঋণ দেওয়া হয়েছে। কতটাকা দেওয়া হয়েছে, কখন দেওয়া হয়েছে কিভাবে দেওয়া হয়েছে সেই বিবরণ আমি আমার বক্তব্যে দিয়েছি। সেখানে বিভিন্ন স্থানে test Relief এর কাজও চলছে। প্রয়োজন হলে আমরা আরও test Relief এর কাজ খুলব। যাতে সেখানকার গরীব লোকেরা অর্থ উপার্জ্জন করে রেশন সপ থেকে চাউল কিনতে পারেন। চাউলের পরিমান সর্ব্বভারতীয় রীতি অনুসারে নির্দ্ধারিত হয়েছে। সেটা এক্ষনে আমরা বাড়াতে পারিনা। অমরপুরে যে খাদ্য সঙ্কট সেই বিষয়ে সরকারের তীক্ষ্ণ দৃষ্টি রয়েছে। সেই বিষয়ে সরকার সজাগ। সেখানকার জনসাধারণ বর্ত্তমানে যে দুঃখ কষ্ট ভোগ করছেন তা শীঘ্রই অবসান হবে বলে আমি মনে করি। আমরা শিক্ষা খাতে যে ব্যয় বরাদ্দ ধরেছি তা মাননীয় সদস্য সকলেই জানেন। ত্রিপুরায় শিক্ষার অগ্রগতি অক্ষুন্ন রয়েছে। আমরা যে সমস্ত পরিকল্পনা গ্রহণ করেছি তা যদি ঠিক ঠিক ভাবে রূপায়িত করতে পারি তবে অদূরভবিষ্যতে ত্রিপুরার শিক্ষার ক্ষেত্রে এক অভাবনীয় উন্নতি হবে। জনস্বাস্থের জন্য আমরা বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করেছি। তা আমরা Budget বক্তৃতায় বলেছি এবং ত্রিপুরার জনস্বাস্থের দিন দিন উন্নতি হচ্ছে একথা সত্য। আমাদের মাননীয় সদস্য শ্রীকরুণাময় বাবু বলেছেন ধর্ম্মনগরে যক্ষ্মা রোগীর সংখ্যা খুব বেশী এবং যক্ষ্মারোগীদের অনেকে উপযুক্ত চিকিৎসার সুযোগ পাচ্ছেন না। যক্ষ্মা রোগীর সংখ্যা যে ধর্ম্মনগরে বাড়ছে তা নয় সমগ্র ত্রিপুরাই যক্ষ্মা রোগীর সংখ্যা দিন দিন বাড়ছে সেই বিষয়ে সন্দেহ নাই এবং যক্ষ্মা রোগী যাতে ঠিক ঠিক ভাবে চিকিৎসার সুযোগ পায় তার ব্যবস্থাও দিন দিন বাড়ছে। আমরা আগরতলায় T. B. ward খুলেছি। বিভিন্ন হাসপাতাল এবং Dispensaryতে যক্ষ্মা রোগীদের চিকিৎসার ব্যবস্থা করা হয়েছে। তবে সময়মত রোগীরা ঔষধ পায়না বলে তিনি যে অভিযোগ করেছেন সেই বিষয়ে আমরা অনুসন্ধান করে দেখব। যক্ষ্মা রোগীরা যাতে সময়মত প্রয়োজনীয় ঔষধ পান সেই দিকে দৃষ্টি দেওয়া দরকার। Animal Husbandry সম্পর্কে আমরা যে সমস্ত পরিকল্পনা নিয়েছি তা মাননীয় সদস্য সকলেই জানেন। একসময় আগরতলা শহর ছাড়া ত্রিপুরার আর কোথাও পশু চিকিৎসার ব্যবস্থা ছিলনা। এখন ত্রিপুরার সমস্ত Sub-Division এ পশু চিকিৎসার ব্যবস্থা করা হয়েছে। শুধু শহর অঞ্চলেই নয় গ্রামাঞ্চলেও পশুচিকিৎসার সুযোগ সুবিধা প্রসারিত করা হয়েছে।

Key Village Scheme আলোচনা প্রসঙ্গে মাননীয় সদস্য শ্রীআবদুল ওয়াজিদ বলেছেন ধর্ম্মনগর এলাকায় যে calf Subsidy দিচ্ছি তা তারা সময়মত পাচ্ছেন না এবং যে সমস্ত গাভী দুগ্ধ কম দেয় তাহাদিগকে আমরা Artificial Insemination. Scheme এ আনছি। এই Scheme এর ফলে তাদের দুগ্ধ প্রদায়নী শক্তি কমে যাচ্ছে। যে সমস্ত গাভী দুধ কম দেয় তাহাদিগকে এই Scheme আনা ঠিক হবেনা। আমি এই বিষয়ে বিশেষজ্ঞদের সহিত আলাপ আলোচনা করব এবং বাস্তবিক কি অবস্থা হচ্ছে সেই বিষয়ে অনুসন্ধান করার ব্যবস্থা করব। বাজেট আলোচনা প্রসঙ্গে আমরা শিল্প সম্পর্কে অনেক আলোচনা করেছি। আমরা ক্ষুদ্র শিল্প, কুটির শিল্পের জন্য অনেক পরিকল্পনা গ্রহণ করেছি। আমরা জানি শুধু কৃষির উপর নির্ভর করে একটা দেশ চলতে পারেনা। কৃষি এবং শিল্প পাশাপাশি চলা দরকার। তা না হলে দেশের অর্থনৈতিক মান উন্নত হয় না। তবে ভারী শিল্প আমরা তখনই স্থাপন করতে পারব যখন আমরা আসাম

অথবা আমাদের প্রস্তাবিত ডুম্বুর থেকে জল বিদ্যুত সরবরাহ করতে সক্ষম হব এবং আমাদের যোগাযোগ ব্যবস্থা আরো উন্নত করতে সক্ষম হব। আমাদের যোগাযোগ ব্যবস্থার দিন দিন উন্নতি হচ্ছে। সেইজন্য আমরা Public works এর under এ বিভিন্ন Scheme নিয়েছি। মাননীয় সদস্য তা সকলে জানেন তারপর forest সম্বন্ধেও বিস্তৃত আলোচনা হয়েছে। কতটুক reserve forest থাকবে কিভাবে demarcation করা হবে ইত্যাদি। Demarcation থাকা দরকার এবং demarcation এর কাজ সুরু হয়েছে। আশা করা যাচ্ছে অদূর ভবিষ্যতেই demarcation এর কাজ শেষ হয়ে যাবে। Forest সম্পর্কে আলোচনা করতে গিয়ে বিরোধীদলের সদস্যগণ বলেছেন যে জুম চাষ বন্ধ করে দেওয়া হয়েছে। কিন্তু একথা সত্য নয়। কারন reserved forest areaতে জুম চাষ করা চলে এবং জুমিয়াগণ এখনও সেই সমস্ত এলাকায় জুম চাষ করছেন। শুধুমাত্র একটা বাধা নিষেধ আছে Protected areaতে বড় রাস্তার দুই পাশে আধ মাইল পর্য্যন্ত জুম চাষ করা যায়না। মোটামুটি কথা হচ্ছে আমরা বাজেটের বিভিন্ন খাতে যে ব্যয় বরাদ্দ রেখেছি তা গৃহীত হলে আমরা যে কাজে হাত দিয়েছি তা এগিয়ে নিয়ে যাওয়াসম্ভব হবে। আমরা কৃষি শিল্প বিভিন্ন দিকে যে ক্রমোন্নতির পরিকল্পনা নিয়েছি তাহা সাফল্যমণ্ডিত হতে পারে একমাত্র সমস্ত সদস্যদের সক্রিয় সহযোগিতায়। কাজেই আমি সমস্ত সদস্যদের অনুরোধ করব তাহারা যেন আমাদের এই পরিকল্পনাগুলিকে সাফল্যমণ্ডিত করার জন্য এগিয়ে আসেন। মাননীয় সদস্য ইসলাম সাহেব আমাদের প্রচার দপ্তর সম্পর্কে কয়েকটা অভিযোগ করেছেন। অনেকগুলি অভিযোগের উত্তর মাননীয় সদস্য শ্রীকৃষ্ণদাস ভট্টাচার্য্য মহাশয় দিয়েছেন। কিন্তু একটা অভিযোগ সম্পর্কে উত্তর দেওয়া হযনি সেটা হচ্ছে advertisement policy of the Publicity Deptt. সে সম্পর্কে আমি কিছু বলব। কেন্দ্রীয় সরকার বিজ্ঞাপন দেওয়ার ব্যাপারে যে নীতি অনুসরণ করেছেন ত্রিপুরাতেও সেই নীতিই অনুসৃত হচ্ছে। বিজ্ঞাপন দেওয়ার ব্যাপারে কয়েকটি নীতি অনুসরণ করা হয়। যেমন পত্রিকাটি কতদিন ধরে Published হচ্ছে, Journalism এর standard কি রকম, তার circulation number কত, ঠিকমত প্রকাশিত হচ্ছে কিনা, কি ধরণের লোক সেই পত্রিকা পড়ে অর্থাৎ reader দের status কিরূপ এবং পত্রিকার Production Standard কিরূপ এই সমস্ত দিক বিবেচনা করেই পত্রিকাতে বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। কয়েকটা পত্রিকায় বিজ্ঞাপন দেওয়া বন্ধ করা হয়েছে বলে অভিযোগ করা হয়েছে। আমরা সেই সমস্ত পত্রিকায় বিজ্ঞাপন দিতে চাই না। যে সমস্ত পত্রিকায় yellow journalism করে অর্থাৎ যারা সাম্প্রদায়িক বিদ্বেষ প্রচার করে। এক সম্প্রদায়ের প্রতি অন্য সম্প্রদায়কে উস্কানী দেয় এবং যে সমস্ত পত্রিকা জাতীয় সংহতিকে বিপন্ন করে তুলে সেই সমস্ত পত্রিকাতে আমরা বিজ্ঞাপন দেইনা। এটা আমাদের Policy. তারপর তিনি mike and film সম্পর্কে বলেছেন যে mike and film এখানে কিছুই কাজ করছে না। তিনি প্রচার দপ্তরে গিয়ে খোঁজ জানতে পারবেন যে mike and film এখানে সক্রিয়ই আছে। তারপর তিনি defence সম্পর্কে advertiseএর কথা বলেছেন। তিনি বলেছেন আগরতলাতে সমস্ত পত্রিকায় defence সম্পর্কিত ব্যাপারে বিনামূল্যে প্রচার করেছেন কিন্তু কলিকাতার পত্রিকায় মূল্য দেওয়া হচ্ছে। এ সম্পর্কে আমি সঠিকভাবে বলতে পাচ্ছিনা যে কলিকাতার পত্রিকার মূল্য দেওয়া হচ্ছে। তবে আমার মনে হয় কলিকাতার পত্রিকাগুলিও বিনা মূল্যে defence সম্পর্কিত ব্যাপারে প্রচার করেছেন।

মাননীয় সদস্য শ্রীদত্ত মহাশয় General Administration সম্পর্কে বলেছেন যে প্রশাসনের সুবিধার জন্য ত্রিপুরাকে তিনটি জেলায় বিভক্ত করলে ভাল হয়। সেই হিসাবে ত্রিপুরাকে Sadar, South, North এই তিনটি Zone এ ভাগ করা হয়েছে। ত্রিপুরাকে কয়টা জেলাতে ভাগ করা যায় সে বিষয়ে এখন কিছু

ঠিক হয় নি তবে ত্রিপুরাকে কয়েকটা জেলাতে ভাগ করা যায় কিনা সে বিষয়ে সরকার নিশ্চয়েই বিবেচনা করে দেখবেন। যদি প্রশাসনের দিক থেকে সুবিধা হয় তবে নিশ্চয়ই ত্রিপুরাকে কয়েকটা জেলাতে ভাগ করা হবে। তারপর Land reforms Act সম্পর্কে শ্রীদত্ত বলেছেন যে ত্রিপুরাতে যে Land Reforms Act চালু হয়েছে তাতে ত্রিপুরার দরিদ্র কৃষক মোটেই উপকৃত হয় নি। কিন্তু সেটা আমি স্বীকার করি না। কারণ এই Land Reforms Act এর উদ্দেশ্যই হল যারা জমিতে কাজ করে তাদের হাতেই জমি যাবে। অর্থাৎ লাঙ্গল যার জমি তার। ঠিক উদ্দেশ্যে নিয়েই এই আইন রচিত হয়েছে এবং ত্রিপুরাতে তা চালু হচ্ছে। তিনি বলেছেন যে তালুকদার যারা আগে কাণি প্রতি তিন আনা চার দিতেন সেই স্থলে তাদের ২৲, ৩৲ টাকা কি তারও বেশী দিতে হবে। তালুকদারের সংখ্যা ত্রিপুরাতে আগরতলায় ধর্মনগর ও কৈলাসহর ছাড়া অন্যান্য Sub-division অতি নগণ্য। তবে গরীব তালুকদার অর্থাৎ যারা মাত্র ৫/৬ কাণি জমির মালিক এবং নিজে জমি চাষ করেন তা বর্গা দিয়ে চাষ করান তাদের বেলায় অসুবিধা হইতে পারে। কিন্তু যে সমস্ত কৃষক ৪/৫ টাকা হিসাবে তালুকদারকে খাজনা দিতেন তারা এই নূতন আইনে উপকৃত হবেন তা ছাড়া জমির যে খাজনা বর্ত্তমানে ঠিক হয়েছে তাহা জমি শ্রেণী বিভাগ করেই ঠিক করা হয়েছে। আগে কৃষক বা জমিদারকে টিলা, লুঙ্গা, জলা ভূমি সমস্তের জন্য একই হারে খাজনা দিত। এখন আর এরূপ নাই। এক এক রকম জমির এক এক রকম খাজনা। কাজেই খাজনা যে খুব বেড়েছে এটা আমরা স্বীকার করি না। আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী ভূমি সংস্কার আইন সম্পর্কে এই House এ ঘোষণা করেছেন এবং সেটা amend করার দরকার সেটা ত্রিপুরার জন স্বার্থের খাতিরে আমরা করব। কাজেই এই আইন ত্রিপুরায় জন সাধারণের ক্ষতিকারক ত্রিপুরায় প্রজাদের ক্ষতিকর এই কথা আমি স্বীকার করি না। আর অন্যান্য অভিযোগগুলির যথাযথ উত্তর দেওয়া হয়েছে, আমি আর এই সম্পর্কে বেশী বলতে চাই না। আমি আশা করব আমাদের মাননীয় সদস্য সকলেই আমাদের বাজেট খাতে যে ব্যয় বরাদ্দ করা হয়েছে, যে appropriation Bill আনা হয়েছে, তা সমর্থন করবেন।

Mr. Speaker :—The general discussion on the Appropriation Bill 1964 (Bill No 3 of 1964) is closed. I would now put the question to vote. The question before the House is the motion moved by the Hon'ble Minister that the appro-aprition Bill 1964 (Bill No. 3 of 1964) be taken into consideration at once

As many as are of that opinion will please say 'Ayes'

Ruling Party "Ayes".

As many as are of contrary opinion will please say "Noes".

None—"Noes".

"Ayes" have it, "Ayes" have it.

I would now put the Appropriation Bill to vote clause by clause. Clause 2 do stand Part of the Bill.

As many as are of that opinion will please say "Ayes".

"Ayes"—Ruling Party.

As many as are of contrary opinion will please say "Noes."

"Noes"—None.

"Ayes" have it, "Ayes" have it.

Clause 3 do stand part of the Bill.

As many as are of that opinion will please say "Ayes".

"Ayes"—Ruling Party.

As many as are of contrary opinion will please say "Noes"

"Noes"—None.

"Ayes" have it, "Ayes" have it.

The Schedule do stand Part of the Bill .

As many as are of that opinion will please say "Ayes"

"Ayes"—Ruling Party.

As many as are of contrary opinion will please say "Noes".

"Noes"—None.

"Ayes" have it, "Ayes" have it.

Clause I do stand Party of the Bill.

As many as are of that opinion will please say "Ayes".

" Ayes" – Ruling Party.

As many as are of contrary opinion will please say "Noes".

"Noes"--None.

"Ayes" have it, "Ayes" have it.

The title do stand Part of the Bill.

As many as are of that opinion will please say "Ayes".

"Ayes"—Ruling Party.

As many as are of contrary opinion will please say "Noes"

"Noes" - None.

"Ayes" have it. "Ayes" have it.

The House stands adjourned till 11 A M. on Friday, the 10th April 1961.

PROCEEDINGS OF THE TRIPURA LEGISLATIVE ASSEMBLY ASSEMBLED UNDER THE PROVISIONS OF THE UNION TERRITORIES ACT.

April 10, 1964.

The House met in the Assembly Chamber, Agartala at 11 A.M. on Friday, the 10th April, 1964.

PRESENT

Shri Upendra Kumar Roy, Speaker in the Chair, Two Deputy Ministers, Deputy Speaker and Eighteen Members.

Mr. Speaker—Hon'ble members have got the list of Business for to-day First item in the list of business is oath or Affirmation. Any Member who has not made on oath may kindly do so. There is no such member. Next item is questions. To-day in the list business are the following short notice and starred questions to be answered by the Minister concerned.

**Question No. 26 asked by Shri Rajkumar Kamaljit Singh M. L. A.

* ,, ,, 13 ,, ,, Shri Monchor Ali M. L. A.

* ,, ,, 19 ,, ,, Shri Bulu Kuki M. L. A.

I shall now call on Shri Kamaljit Singh to call out the number of his question.

Shri Rajkumar Kamaljit Singh—Question No. 26

Shri M. L. Bhowmick—Subject—Short Notice Question No. 26 regarding kidnapping of Shri Ganga Charan Deb Barma of Belbari, P. S. Kotwali (Sadar).

QUESTION	ANSWER
(1). Is it a fact that Shri Ganga Charan Deb Barma of Belbari, P. S. Sadar Kotwali has been forcibly kidnapped by some persons on 20. 3. 64 (Friday) night ? If so, what action has been taken to trace out Shri Ganga Charan Deb Barma ?	Yes. The Police have been trying to trace out Shri Ganga Charan Deb Barma.
(2) Is it a fact that enquiring officer released the arrested persons on the spot ?	No.
(3) Whether these arrested persons were identified by the Ganga Charan's wife and others.	No.

Shri Rajkumar Kamaljit Singh :— মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি এরকম কতজন লোককে arrest করা হয়েছে ?

Shri M. L. Bhowmick :— One person was arrested and he was released on bail.

Shri Rajkumar Kamaljit Singh :— মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি এ রকম ঘটনা গত ১ বৎসরে Kidnapping case ঐ এলাকায় কতটি হয়েছে ?

Shri M. L. Bhowmick :— Hon'ble Speaker, Sir, I demand notice.

Mr. Speaker :— Hon'ble member should sit down as soon as the minister stands to give reply.

Shri Monoranjan Nath :— যে একজনকে bail দেওয়া হ'ল কোথা থেকে bail দেওয়া হ'ল ?

Shri M. L. Bhowmick :— From the Court.

Shri Atiqul Islam :— মাননীয় মন্ত্রী মহোদয় কি বলবেন যে যাদের নাকি গ্রেপ্তার করা হ'ল তাদের কোন তারিখে গ্রেপ্তার করা হ'ল এবং কোন তারিখে তাদের ছাড়া হ'ল ।

Shri M. L. Bhowmick :— Only one person was arrested and Court gave him bail.

Shri Atiqul Islam : - আমার জিজ্ঞাস্য হ'ল কোন তারিখে arrest করা হয়েছে ও কোন তারিখে bail দেওয়া হয়েছে।

Shri M. L. Bhowmick :— Hon'ble Speaker, Sir, I demand notice.

Shri Sunil Ch. Datta :— মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি আর কি কি proof পুলিশ এ পর্য্যন্ত পেয়েছে আসামীদের সম্পর্কে regarding arrest ?

Shri M. L. Bhowmick :— No.

Mr. Speaker :— No other supplementary. Then question No. 13 asked by Shri Monchor Ali, M. L. A.

Shri Monchor Ali :— Question No. 13, Sir.

Shri M. L. Bhowmick :— Hon'ble Speaker, Sir, Subject : Assembly Starred Question No.13 regarding deputation of officers in Tripura and the expenditure incurred on account of their deputation allowances.

QUESTION	ANSWER
a) How many officers have been on deputation in Tripura at present.	111
b) How much expenditure has to be incurred on account of their allowances.	Rs. 1,62,868/- per annum.

Shri Monchor Ali :— মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি কোন Deptt. এ কত ?

Shri M. L. Bhowmick :— As many as in twelve Departments.

Shri Monchor Ali :— মাননীয় মন্ত্রী মহোদয়, আমি বলছিলাম কোন Deptt. এ কতজন আছে অর্থাৎ বারটা Deptt. এর কোনটাতে কত জন।

Shri M. L. Bhowmick :— Settlement Deptt. 20, Agri Deptt. 2, Office of the Supdt. of Police 5, Education Deptt. 1, Rehab. Deptt. 1, Industry Deptt. 1, Secretariat 5, Statistical Deptt. 3 Office of the District Magistrate & Sessions Judge 2, Medical & Public Health 1, P W. D. 59, Food & Civil Supplies Deptt. 1, Total 111.

Shri Atiqul Islam :– মাননীয় মন্ত্রী মহোদয় কি জানাবেন যে তাদের কি promotion দিয়ে আনলাম, না যে postএ ছিল সেই post এই আনলাম।

Shri M. L. Bhowmick :— All not been deputed here on promotion except in Case of public works department.

Shri Atiqul Islam—এটা কি সত্য যে S. D. O মিঃ সুরজ প্রকাশ যিনি এখন বিশ্রামগঞ্জের S. D. O তিনি না কি qualified overseer নন ?

Shri M. L. Bhowmick—Hon'ble Speaker, Sir, I demand notice.

Shri Sunil Ch. Datta—এটা কি সত্য যে Public Works Departmentএ যে ৬৯ জন লোক deputationএ আছেন এদের কয়েকটি post ত্রিপুরার ছেলে দ্বারা পূরণ করতে পারতাম কি না ?

Shri M. L. Bhowmick—Those posts could be filled up by Tripura candidates.

Shri Karunamoy Nath Choudhury :— মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি যে যারা promotionএ এসেছেন তাদের কত টাকা আমরা extra remuneration দিয়েছি ?

Shri M. L. Bhowmick :— You mean the total amount of money paid to them I want notice, Sir.

Mr. Speaker :— I would call on Shri Bulu Kuki to call out the number of his question.

Shri Bulu Kuki :— Question No. 19, Sir.

Shri M. L. Bhowmick :— Question No. 19. Subject :— The number of employees under the Government of Tripura in different categories.

QUESTION			ANSWER
a) the total number of employees under the Government of Tripura in the various classes namely Class I, Class II, Class III and Class IV.	Class I	...	58
	Class II	...	532
	Class III	...	12,304
	Class IV	...	6,230
		TOTAL –	19,124

		SCHEDULED CASTES.	SCHEDULED TRIBES.
b) the total number of Scheduled Caste Employees and Scheduled Tribes employees in those classes separately.	Class I	—	5
	Class II	11	15
	Class III	319	697
	Class IV	700	1163

		PERCENTAGE OF SCHEDULED CASTES	PERCENTAGE OF SCHEDULED TRIBES
c) the percentage of Scheduled Castes and Scheduled Tribes employees in those different classes.	Class I	—	8·62%
	Class II	2·06%	2·82%
	Class III	2·59%	5·68%
	Class IV	11%	19%

Shri Bulu Kuki :—মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি সংবিধানে Scheduled castes and Scheduled Tribe এর চাকুরীর হার নির্দ্ধারিত আছে কি না ?

Shri M. L. Bhowmick : — Yes, there is a quota of reservation for seats for the S. C. & S. T. In case of Scheduled castes the quota is 8%, in case of Scheduled Tribes the quota is 30%.

Shri Atiqul Islam : — মাননীয় মন্ত্রী মহোদয় আমাদের সেই quota fulfil হয়েছে কিনা অমি জানতে পারি কি ?

Shri M. L. Bhowmick :— That was not possible due to inadequate number of S C. & S. T. candidates with specified qualification upto the quota for reservation.

Mr. Speaker :—The item on question is over. We shall pass on to the next Item. But in the meantime, I would fulfil a commitment. In the meeting during the short discussion, the Hon'ble Chief Minister read out the medical report on the health condition of Shri Bir Chandra Deb Barma and Shri Birendra Datta, M. L. A. & M. P. respectively and the opposition wanted a copy of that. But ins'ead, the copy can not be given, so I read out the reports again from the file and the suggestion accepted by the opposition.

Mr. Speaker : - I shall now pass on to next Item.

GOVERNMENT BUSINESS

LEGISLATION

Appropriation Bill, 1964 (Bill No. 3 of 1964)

To-day in the List of Business before the House is the Passing of the Appropriation Bill, 1964 (Bill No. 3 of 1964). I shall now request the Hon'ble Deputy Minister-in-charge of Finance to move his motion for passing of the Bill.

Shri M. L. Bhowmick (Dy. Minister) :—Mr. Speaker, Sir, I beg to move that the Appropriation Bill, 1964 (Bill No. 3 of 1964) as settled in the Assembly be passed.

Mr. Speaker :— The question before the House is that the Appropriation Bill, 1964 (Bill No. 3 of 1964) as settled in the Assembly be passed.

As many as of that opinion will please say 'AYES'

voice—'AYES'

As many as of contrary opinion will please say 'NOES'

None—'NOES'

Mr. Speaker :—'AYES' have it. 'AYES' have it.

The Bill is passed.

Mr. Speaker :—"I have it in command from the Administrator that the Assembly do now stand prorogued"

PRINTED BY THE SUPERINTENDENT, GOVERNMENT PRINTING.
TRIPURA GOVERNMENT PRESS, AGARTALA, TRIPURA.